আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৮ বছরে

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ || সংখ্যা ২২ || সোমবার || ফাল্গুন ১৩ || ১৪৩০ || শাবান ১৬ || ১৪৪৫ || Vol. 28 || Issue 22 || February 26 || 2024 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৪ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

www.banglapatrikausa.com

## পবিত্র কাবা রমজানে লাখো মুসল্লিকে স্বাগত জানাতে প্রস্তুত

**বাংলা পত্রিকা ডেস্ক:** আসছে মাহে রমজান। আর এই রমজানে সারা বিশ্ব থেকে লাখ লাখ মুসলিম পবিত্র **(বাকি অংশ ২৩ পাতায়)**

## আরও ১.৫ লাখ শিক্ষার্থীর ১.২ বিলিয়ন ঋণ মওকুফ

**বাংলা পত্রিকা ডেস্ক:** নতুন করে দেড় লাখ শিক্ষার্থীর ঋণ মওকুফ করার ঘোষণা দিলেন প্রেসিডেন্ট জো বাইডেন। ঋণ মওকুফ করার ফলে দেশটির শিক্ষার্থীরা নিজ নিজ স্বপ্নের পেছনে **(বাকি অংশ ০৪ পাতায়)**

### সাক্ষাৎকারে তৎকালীন ডিজি মইনুল ইসলাম

## পিলখানায় হত্যাকান্ড পরিকল্পিত



**ঢাকা ডেস্ক:** পিলখানায় সেনা কর্মকর্তাদের পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছিল বলে মনে করেন লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. মইনুল ইসলাম। বাংলা আউটলুক নামে একটি অনলাইনকে দেয়া সাক্ষাৎকারে তিনি বলেছেন, পিলখানার পরিস্থিতি বিশেষ করে অস্ত্রাগারের পরিবেশ দেখে পরিষ্কার বোঝাই যাচ্ছিল এটি পরিকল্পিতভাবেই ঘটানো হয়েছিল এবং সেই পরিকল্পনার অংশ হিসেবে ঘটনার পেছনের লোকজন ২০-২১ দিন আগেই এখানে ঢুকেছিল। পনের বছর আগে পিলখানায় কথিত বিডিআর বিদ্রোহে সাতান্ন সেনা কর্মকর্তাসহ ৭৪ জনকে হত্যা করা হয়। এ ঘটনার পর বিডিআর মহাপরিচালকের দায়িত্ব পান মো. মইনুল ইসলাম। তার নেতৃত্বে বাংলাদেশ রাইফেলসের নাম পরিবর্তন করে বর্ডার গার্ড বাংলাদেশ-বিজিবি করা হয়। জুলাই ২০১৫ সালে তিনি সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ **(বাকি অংশ ২০ পাতায়)**


## ইউক্রেনের ৩১ হাজার সেনা নিহত -জেলেনস্কি


**বাংলা পত্রিকা ডেস্ক:** ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেছেন, রাশিয়ার পুরোদমে আগ্রাসন শুরুর পর থেকে এখন পর্যন্ত ৩১ হাজার সেনা নিহত হয়েছে। রোববার বিবিসির এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। তবে তিনি ইউক্রেনে কতজন সেনা আহত হয়েছে সেই সংখ্যা জানাননি। (বাকি অংশ ০৭ পাতায়)


### প্রেসিডেন্ট প্রার্থীদের বয়স নিয়ে উদ্বিগ্ন যুক্তরাষ্ট্রের ভোটাররা

# সবচেয়ে খারাপ প্রেসিডেন্ট ট্রাম্প, সেরা লিংকন

**বাংলা পত্রিকা ডেস্ক:** আমেরিকার প্রেসিডেন্টদের তালিকায় একদম তলানিতে পড়ে গেছেন ডোনাল্ড ট্রাম্প। গৃহযুদ্ধ প্রতিরোধ বা নিরাময়ে ব্যর্থ হয়েছেন যে রাষ্ট্রপতিরা, তারাও নেই প্রথমে। সেখানে আছেন আব্রাহাম লিংকন। আমেরিকার বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেনকে ১৪ নম্বরে রাখা হয়েছে। সমীক্ষার পরিচালক রাষ্ট্রবিজ্ঞানী, জাস্টিন ভন এবং ব্র্যান্ডন রোটিংহাউস লস অ্যাঞ্জেলেস টাইমস-এ







লিখেছেন, বাইডেনের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজটি হলো তিনি ট্রাম্পের কাছ থেকে প্রেসিডেন্ট পদ উদ্ধার করে, রাষ্ট্রপতির নেতৃত্বের মাধ্যমে এই পদের ঐতিহ্য বজায় রাখার কাজ করছেন। ট্রাম্প অত্যন্ত বিতর্কিত ব্যক্তিত্ব হিসেবে স্থান পেয়েছেন। তার খারাপ আইনি রেকর্ড, পরাজয় স্বীকার করতে অস্বীকৃতি, এগুলো আমেরিকার কংগ্রেসের উপর সহিংস আক্রমণের জন্ম দিয়েছে। সাবেক প্রেসিডেন্ট ৯১টি ফৌজদারি মামলায়ও জর্জরিত রয়েছেন। (বাকি অংশ ০৭পাতায়)

## 'আমরা বিমান হামলায় মরিনি কিন্তু ক্ষুধায় মরছি'

**বাংলা পত্রিকা ডেস্ক:** গাজায় খাবারের অভাব ক্রমাগত অসন্তোষ বাড়িয়ে তুলেছে। শুক্রবার (২৩ ফেব্রুয়ারী) খাবারের দাবিতে শত শত মানুষ বিক্ষোভ করেছেন। সেই বিক্ষোভে অংশ নিয়েছেন শিশুরাও। এসময় তারা প্লাস্টিকের বাটি, তোবড়ানো রান্নার পাত্র নিয়ে ভিড় জমান। তবে তাদের ভাগ্যে জোটে খুবই অল্প পরিমাণে খাবার। সরবরাহ কমার কারণে খাদ্যবস্তুর দাম আকাশ ছুঁয়েছে। বিক্ষোভে কিছু শিশু প্ল্যাকার্ড নিয়েও অবস্থান নেয়। তাদের মধ্যে এক শিশুর প্ল্যাকার্ডে লেখা ছিল- 'আমরা বিমান হামলায় মরিনি কিন্তু ক্ষুধায় মরছি।' বিক্ষোভে অংশ নেওয়া উদ্বাস্তু শিবিরের এক বাসিন্দা প্রশ্ন করেন, আমরা না হয় টিকে আছি, কিন্তু ৪-৫ বছর বয়সী বাচ্চারা কী অপরাধ করেছে যে তারা ক্ষুধা নিয়ে ঘুমাতে যাচ্ছে, আর ক্ষুধা নিয়ে **(বাকি অংশ ২৬ পাতায়)**

## ট্রাম্পের সামনে নিকি হেলির ভরাডুবি

**বাংলা পত্রিকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রে ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী হিসেবে মনোনয়ন পাওয়ার স্বপ্ন হারাতে বসেছেন নিকি হেলি। প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের **(বাকি অংশ ০৪ পাতায়)**

## যে কারণে বাবার পদবি মুছে ফেললেন বারাক ওবামার মেয়ে



**বাংলা পত্রিকা ডেস্ক:** সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার মেয়ে মালিয়া এবার হলিউডে পা রাখতে চলেছেন। দীর্ঘদিন ধরে অভিনয়ের সঙ্গে জড়িত থাকলেও এবার নির্মাতা হিসেবে হলিউডে নিজের অভিষেক ঘটাতে **(বাকি অংশ ০৪ পাতায়)**

## যুক্তরাষ্ট্র-বাংলাদেশ সম্পর্কের নতুন অধ্যায় নিয়ে আলোচনা

**ঢাকা ডেস্ক:** পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠক করেছে ঢাকায় সফররত যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদল। এই বৈঠকে বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের (বাকি অংশ ২৩ পাতায়)

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
• TAX Liens Charge-Offs • Inquiries • Collections
• Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmacreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেভ $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 | info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.


Tax & Consulting Services
for Individual and Businesses
Southeast USA Group Inc.
OUR SERVICES
- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services
Southeast USA Group Inc
(917) 566-1612
Prof. Ehteshamul Haque
Financial & Business Planning
74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372
Visit: www.southeastusagroup.com


BANGLADESH ASSOCIATION OF FLORIDA USA
&
NEPA WHOLESALE
28TH ASIAN EXPO FOOD FAIR AND CULTURAL SHOW 2024
ASIAN EXPO FAIR 2024
SOUTH FLORIDA FAIR GROUND
SPECIAL GUEST STARS
Stay tuned for more attraction!
VISHAL KOTHARI
JYOTIKA TANGRI
MARCH
2ND & 3RD
SAT & SUN
SADIA ISLAM MOU
SUNAN TALUT
RIZIA PARVEEN
ANIMA D COSTA
WWW.ASIANFAIREXPO.COM
ZUMA & SONS DISTRIBUTORS CORP.
POWERPETROLEUM
Southeast Petro
I.E. Hill Foundation
MACMILLAN
AZUL FINANCIAL NETWORKS
EXHIBIT REALTY
CHANNEL i
বাংলাদেশ প্রতিদিন
TIME television
সময়

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday / February 26 // 2024




## গাজায় নিহত শিশু ও নারীর সংখ্যা ইউক্রেন যুদ্ধের ৬ গুণ

ঢাকা ডেস্ক, ২৫ ফেব্রুয়ারি : গাজায় ইসরাইলি হামলায় ১২ হাজার ৬৬০ শিশু ও ৮ হাজার ৫৭০ জন নারী নিহত হয়েছেন, যা সম্মিলিতভাবে রাশিয়া-ইউক্রেন যুদ্ধে নিহত নারী ও শিশুর সংখ্যার চেয়ে অন্তত ৬ গুণ। রাশিয়া-ইউক্রেন যুদ্ধের দুই বছর পূর্তিতে গাজার হামাস সরকারের বরাত দিয়ে শুক্রবার এ খবর দিয়েছে তুরস্কের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা আনাদোলু এজেন্সি। প্রতিবেদনে বলা হয়েছে, গত বছরের ৭ অক্টোবর গাজায় ইসরাইলি হামলার পর থেকে এখন পর্যন্ত ফিলিস্তিনি ভূখণ্ডটিতে ২৯ হাজার ৫০০ জনেরও বেশি ফিলিস্তিনি নিহত হয়েছে। এর মধ্যে ১২ হাজার ৬৬০ শিশু ও ৮ হাজার ৫৭০ জনই নারী। এই সময়ে আহত হয়েছে আরও অন্তত সাড়ে ৬৯ হাজার ফিলিস্তিনি। যাদের ৭০ শতাংশেরও বেশি শিশু ও নারী। জাতিসংঘের মানবাধিকার পর্যবেক্ষণ মিশনের (এইচআরএমএমইউ) তথ্যমতে, ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারি রাশিয়া-ইউক্রেন আক্রমণের পর থেকে এখন পর্যন্ত দেশটিতে ১০ হাজার ৩৭৮ জন বেসামরিক নাগরিক নিহত হয়েছে। আহত হয়েছে ১৯ হাজার ৬৩২ জন। নিহতদের মধ্যে শিশুর সংখ্যা ৫৭৯ জন এবং নারী ২ হাজার ৯৯২ জন।

### আলোচনা অনুষ্ঠানে বাফেলো বিএনপির দাবী

## বাংলা ভাষার ঐতিহ্য রক্ষায় যত্রতত্র হিন্দি ভাষা ব্যবহারের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে



পিবিসি নিউজ: গত একুশে ফেব্রুয়ারী ২০২৪, রোজ বুধবার আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বাফেলো শাখা। যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যের দ্বিতীয় বৃহত্তম নগরী বাফেলো শহরের বৃহত্তম বাংলাদেশী সংগঠন বাংলাদেশ জাতীয়তাবাদী দল। একুশের প্রভাতে অস্থায়ী শহীদ মিনার বানিয়ে স্থানীয় কিছু নেতৃবৃন্দ ফুল দিয়ে শ্রদ্ধা জানালেও মূলত আলোচনা অনুষ্ঠান ও শহীদদের আত্মার মাগফেরাত কামনায় বৃহত্তম দোয়া মাহফিলের আয়োজন করেছিল বাংলাদেশ জাতীয়তাবাদী দল বাফেলো শাখার নেতৃবৃন্দরা।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের এই অনুষ্ঠানে বাংলাদেশের প্রেক্ষাপটে ভারতীয় আগ্রাসনের বিভিন্ন কৌশলের সমালোচলা ও তীব্র নিন্দা করা হয়েছে। বাংলাদেশের নিজস্ব কৃষ্টি কালচার ধ্বংসের হাত থেকে রক্ষা করতে হিন্দি ভাষার যত্রতত্র ব্যবহার প্রতিহতের ঘোষণা করা হয়। প্রতিটা বাংলাদেশীকে তাদের নিজস্ব দেশপ্রেম থেকেই ভারতীয় আগ্রাসনের বিরুদ্ধে অবস্থান নিতে বিশেষভাবে অনুরোধ করা হয়।

যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক প্রচার সম্পাদক ও বাফেলো শহরের বিশিষ্ট ব্যবসায়ী জনাব নাজমুল আলমের সভাপতিত্বে তিনভাগে আলাদা আলাদা ভাবে অনুষ্ঠিত হয় এই অনুষ্ঠান। প্রথমপর্বে ভাষা শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মোনাজাত করা হয়, দোয়া পরিচালনা করেন সুনামগঞ্জ জেলা বিএনপির উপদেষ্টা ও নিউইয়র্ক উত্তর মহানগর বিএনপির সদস্য ইমতিয়াজ আহমেদ বেলাল।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নিউইয়র্ক স্টেট্ বিএনপির সাবেক সভাপতি ও জিসাস কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহসভাপতি আবুল বাসার, প্রধানবক্তা হিসাবে হিসাবে উপস্থিত ছিলেন নিউইয়র্ক স্টেট্ বিএনপির অন্যতম যুগ্ম আহবায়ক, জিয়া লাইব্রেরি ডটকমের সভাপতি ও পিবিসি ট্যুয়েন্টিফোর টেলিভিশনের সম্পাদক মতিউর রহমান লিটু।

অবিভক্ত ঢাকা মহানগর তাঁতীদলের সাবেক সদস্য সচিব আব্দুর রহিমের উপস্থাপনায় অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যথাক্রমে ব্রুকলিন বিএনপির সাবেক সভাপতি কামাল উদ্দিন, সুনামগঞ্জ জেলা বিএনপির উপদেষ্টা ইমতিয়াজ আহমেদ বেলাল, নিউইয়র্ক মহানগর বিএনপি উত্তরের সদস্য আবু জাফর ফরাজী ও নিউইয়র্ক মহানগর বিএনপি দক্ষিণের অন্যতম সদস্য তারিকুল ইসলাম প্রিন্স মৃধা।

অনুষ্ঠানের সহকারী উপস্থাপনা ও বায়ান্নর ভাষা আন্দোলের প্রেক্ষাপট নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন সৈয়দ ঝিলু এবং ঢাকা বিশবিদ্যালয়ের সাবেক ছাত্রদল নেতা মনিরুজ্জামান মিয়া (মনির)। এছাড়া আরো বক্তব্য রাখেন দোলাই নবাবপুর ডিগ্রি কলেজ (কুমিল্লা) সাবেক ভিপি মোস্তফা জাভেদ, বরিশাল জেলা ছাত্রদলের সাবেক সদস্য মোহাম্মদ সিয়াম আহাম্মেদ সহ আরো কয়েকজন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জায়েদ বিশ্বাস, মোহাম্মদ আনিসুজ্জামান আনিস, সালমান সরকার, মিলাদুল ইসলাম, মনির আহাম্মেদ, মোহাম্মদ জামান, মোহাম্মদ আব্দুর রহিম, মোশাররফ হোসেন মনির, আকবর হোসেন, তৌহিদুল মাওলা সহ আরো অনেকে। আলোচনা শেষে কয়েকটি দেশাত্ববোধক গান পরিবেশন করেন স্থানীয় কণ্ঠ শিল্পী কবির ইসলাম, রোজিনা আফরোজ ও আফরোজা গুলমান আরা প্রমুখ। অবশেষে বাংলা ভাষার মর্যাদা রক্ষায় দেশে এবং প্রবাসে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

## যে কারণে বাবার পদবি মুছে

(প্রথম পাতার পর)

চলেছেন মালিয়া। যার জন্য নিজের নাম থেকে ওবামা পদবিও ছেঁটে ফেলেছেন তিনি। খবর দ্য নিউইয়র্ক টাইমসের।

বারাক ওবামা ও মিশেল ওবামার বড় মেয়ে মালিয়া সম্প্রতি তার বিখ্যাত পারিবারিক পদবি ত্যাগ করেছেন। ২৫ বছর বয়সী এ অভিনেত্রী চলচ্চিত্র নির্মাতা হিসেবে হলিউডে অভিষেক করার আগে নিজের নামের পরিবর্তন করলেন। উদীয়মান পরিচালক সানড্যান্স ফিল্ম ফেস্টিভালে তার স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র 'দ্য হার্ট ইন ইউটা'-এর প্রিমিয়ারের আগে নতুন নামটি শেয়ার করেন। হার্ভার্ড গ্র্যাজুয়েট মালিয়া গত জানুয়ারীতেই তার পদবি ওবামা তুলে নিয়েছেন।

সানড্যান্স ইনস্টিটিউটের মিট দি আর্টিস্ট স্পটলাইট ভিডিওতে সাবেক প্রেসিডেন্টের মেয়ের নাম মালিয়া অ্যান বলে উল্লেখ করা হয়েছে।

## আরও ১.৫ লাখ শিক্ষার্থীর ১.২ বিলিয়ন ঋণ

(প্রথম পাতার পর)

ছুটতে পারবেন বলে আশা ব্যক্ত করেছেন তিনি। গত ২১ ফেব্রুয়ারী বুধবার ১২০ কোটি ডলার ঋণ মওকুফের ঘোষণা দেওয়া হয়।

প্রগতিশীল ও তরুণ ভোটারদের আকৃষ্ট করতে এবং যাঁদের সমর্থন আগামী নভেম্বরে পুনর্নির্বাচনে জো বাইডেনকে জিততে সহায়তা করতে পারে বলে অনেকে মনে করছেন। তবে রিপাবলিকানরা মূলত ব্যাপকভাবে শিক্ষার্থী ঋণ মওকুফের বিপক্ষে সোচ্চার। তাঁরা এ ধরনের পদক্ষেপের বিরোধিতা করে থাকেন।

নির্বাচনী প্রচারের জন্য তহবিল সংগ্রহের সময় বুধবার ক্যালিফোর্নিয়ায় জো বাইডেন বলেন, 'উন্নত জীবনের টিকিট হলো একটি কলেজ ডিগ্রি। কিন্তু এই টিকিট অতিরিক্ত দামি বা ব্যয়বহুল।' একটি কলেজ ডিগ্রি নিতে গিয়ে বিশাল ঋণের বোঝা বইছেন অনেক আমেরিকান।

ক্ষমতায় থাকা অবস্থায় সব মিলিয়ে ৩৯ লাখ আমেরিকান শিক্ষার্থীর ১৩৮ বিলিয়ন ইউএস ডলার সমমূল্যের শিক্ষাঋণ মওকুফ করেছেন বাইডেন প্রশাসন। ঋণ মওকুফ করার ফলে আমেরিকান শিক্ষার্থীরা নিজ নিজ স্বপ্নের পেছনে ছুটতে পারবেন বলে আশা ব্যক্ত করেন প্রেসিডেন্ট বাইডেন।

ক্ষমতায় আসার পর শত শত বিলিয়ন ডলারের ঋণ মওকুফ করার পরিকল্পনা করেছিলেন বাইডেন। তবে এ পরিকল্পনায় বাধা দেয় সুপ্রিম কোর্ট। ফলে কিছুটা পিছু হঠতে বাধ্য হন বাইডেন। ঋণ মওকুফের জন্য কয়েক দফা নতুন পরিকল্পনা হাতে নিতে বাধ্য হয় বাইডেন প্রশাসন। সেই পরিকল্পনার ঘোষণা দেন তিনি বুধবার। যে শিক্ষার্থীরা শিক্ষাঋণ হিসেবে ১২ হাজার ডলার বা তার কম পরিমাণ অর্থ ঋণ নিয়েছিলেন এবং ১০ বছর ধরে এ ঋণ পরিশোধ করে আসছিলেন, তাঁদের বাকি ঋণ মওকুফ হবে নতুন এ পরিকল্পনার আওতায়।

বাইডেন প্রশাসনের পক্ষ থেকে এক ই-মেইলের মাধ্যমে উপকারভোগীদের এ পরিকল্পনার কথা জানানো হয় বুধবার। ফলে ১ লাখ ৫৩ হাজার শিক্ষার্থী উপকৃত হবেন। ঋণ মওকুফের পরিমাণ ১২০ কোটি ইউএস ডলার।

## ট্রাম্পের সামনে নিকি হেলির

(প্রথম পাতার পর)

সামনে সম্প্রতি তার ভরাডুবি হয়েছে সাউথ ক্যারোলিনা অঙ্গরাজ্যে। অথচ এখানেই তিনি গভর্নরের পদে কাজ করে গেছেন ২০১০ সালে, বেশ জনপ্রিয়তাও কুড়িয়েছিলেন। তবে ভরাডুবির পরেও হাল ছাড়ছেন না নিকি হেলি। 'আমি এক কথার মানুষ। বেশিরভাগ আমেরিকান ডোনাল্ড ট্রাম্প আর জো বাইডেন উভয়ের বিপক্ষে, তাই আমি যুদ্ধের ময়দান থেকে সরছি না' বলেন নিকি হেলি। খবর এনডিটিভি'র।

রিপাবলিকান প্রার্থী হিসেবে শেষ হাসি কে হাসবেন, তা বোঝা যাবে মার্চের ৫ তারিখ ১৬টি অঙ্গরাজ্য থেকে ভোট পাওয়ার পরই। নিজের জায়গা শক্ত করতে তাই মাত্র সপ্তাহখানেক সময় পাচ্ছেন নিকি হেলি। এদিকে ডোনাল্ড ট্রাম্পের মানসিক সুস্থতা নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন তুলেছেন তিনি। এছাড়া ট্রাম্প আবারও ক্ষমতায় এলে যুক্তরাষ্ট্রে অনিয়ম ছড়িয়ে পড়বে, তিনি এমনটাও বলেছেন। তবে নিকি হেলির সমর্থকরা ধরে নিয়েছেন রিপাবলিকান প্রার্থী হিসেবে তিনি মনোনয়ন নাও পেতে পারেন। তাই নভেম্বরে কী হবে, এ বিষয়ে পরিকল্পনা শুরু হয়েছে।

যুক্তরাষ্ট্রের রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, ২০২৮ সালে নির্বাচনের জন্য প্রস্তুতি নিতে পারেন নিকি হেলি। আবার আইনগত বা স্বাস্থ্যগত কারণে ট্রাম্প ক্ষমতা ছেড়ে দিলেও সুযোগ নিতে পারে তিনি। অন্যদিকে, দুইটি চলমান মামলায় হেরে গেলে ট্রাম্প নির্বাচন থেকে ছিটকে পড়তে পারেন, এমনটাও ধারণা করা হচ্ছে। তেমনটা হলে নিকি হেলি বিনা প্রতিদ্বন্দ্বিতায় রিপাবলিকান প্রার্থী হিসেবে মনোনয়ন পেয়ে যাবেন।







বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : Abu Taher
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

## সম্পাদকীয়

### অর্থ পাচার বাড়ছেই

# কঠোর পদক্ষেপ নিতে হবে

দেশ থেকে কতভাবে অর্থ পাচার হয় তা বহুল আলোচিত। অর্থ পাচার রোধে নানা পদক্ষেপ নেওয়া হলেও কেন কাঙ্খিত সুফল মিলছে না, তা খতিয়ে দেখা দরকার। জানা যায়, ব্যাংক থেকে ঋণ নিয়ে বিপুল অঙ্কের অর্থ বিদেশে পাচার করা হয়েছে। আন্ডার ও ওভার ইনভয়েসিংয়ের মাধ্যমে বড় অঙ্কের অর্থ বিদেশে পাচার করা হয়ে থাকে। হুন্ডির মাধ্যমেও বৈদেশিক মুদ্রা পাচারের ঘটনা ঘটে। রাজনৈতিক অস্থিরতার কারণে গত দুবছরে আশঙ্কাজনকভাবে বেড়েছে অর্থ পাচার। আর্থিক গোয়েন্দা সংস্থা বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিএ-ফআইইউ) বার্ষিক প্রতিবেদনের তথ্য অনুযায়ী, গত পাঁচ বছরে ব্যাংক ঋণে জালিয়াতির ঘটনা আশঙ্কাজনক হারে বেড়েছে। এ সময় বিএফআইইউর অনুসন্ধানে ১ হাজার ১১২টি সন্দেহজনক লেনদেন ধরা পড়েছে। প্রতিবেদনে ব্যাংক ঋণে ছয় ধরনের জালিয়াতি শনাক্ত করা হয়েছে। ভুয়া নথি ও ভুয়া জামানতের মাধ্যমে ঋণ অনুমোদন ও বিতরণের তথ্যও উঠে এসেছে। ইচ্ছাকৃত ঋণখেলাপির কারণে ব্যাংক খাতে তীব্র তারল্য সংকট দেখা দিয়েছে। এ ধরনের খেলাপিরা হঠাৎ ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ করে উধাও হয়ে যাচ্ছে। এসব তথ্যও বিএফআইইউর প্রতিবেদনে উঠে এসেছে। অর্থ পাচারের বিভিন্ন ধরনের কলাকৌশলও শনাক্ত করেছে আর্থিক গোয়েন্দা সংস্থাটি। তারা যেসব তথ্য উদ্ঘাটন করেছে, সেসব তথ্যের আলোকে সরকারের উচিত কঠোর পদক্ষেপ নেওয়া। তা না হলে এ ধরনের অপরাধের মাত্রা আরও বাড়তে পারে।

জানা যায়, আর্থিক খাতে সন্দেহজনক লেনদেন রিপোর্টিং বেড়ে প্রায় দ্বিগুণ হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে সন্দেহজনক লেনদেন রিপোর্টিং হয়েছে ১৪ হাজারের বেশি। আগের অর্থবছরে এ ধরনের রিপোর্ট হয়েছিল প্রায় সাড়ে ৮ হাজার। ২০২০-২১ অর্থবছরে সন্দেহজনক লেনদেন হয়েছে আরও কম। এছাড়া নগদ লেনদেন রিপোর্টিংও (সিটিআর) অনেক বেড়েছে। ২০২২-২৩ অর্থবছরে সিটিআর হয়েছে ২২ হাজার ৮৫৯টি; আগের অর্থবছরে যা ছিল ২১ হাজার ১১৩টি। ওয়াশিংটনভিত্তিক গবেষণা সংস্থা গ্লোবাল ফিন্যান্সিয়াল ইন্টিগ্রিটির (জিএফআই) হিসাব অনু-যায়ী, বাংলাদেশ থেকে মোট অর্থ পাচারের বেশিরভাগ সংঘটিত হয় আমদানি-রপ্তানি বাণিজ্যের আড়ালে। কাজেই এ প্রক্রিয়ায় যাতে অর্থ পাচার হতে না পারে সেজন্য কর্তৃপক্ষকে কঠোর হতে হবে। আমদানি-রপ্তানির আড়ালে কোনো প্রতিষ্ঠান অর্থ পাচার করে কিনা, তা তদন্ত করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বাড়াতে হবে। যেসব প্রতিষ্ঠান অর্থ পাচারে জড়িত, সেগুলোর বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা নিতে হবে।

বিদেশে জনশক্তি রপ্তানি বাড়লেও কাঙ্ক্ষিত মাত্রায় রেমিট্যান্স বাড়ছে না। অনুসন্ধানে দেখা গেছে, মোট প্রেরিত রেমিট্যান্সের প্রায় অর্ধেক আসে হুন্ডির মাধ্যমে। কাজেই হুন্ডি রোধে কার্যকর পদক্ষেপ নিতে হবে। অর্থ একবার পাচার হয়ে গেলে তা ফিরিয়ে আনার কাজটি বেশ কঠিন। কাজেই অর্থ যাতে পাচার হতে না পারে তা নিশ্চিত করতে হবে। অনেকে আর্থিক নিরাপত্তাহীনতার কথা ভেবেও অর্থ পাচারে উৎসাহী হন। দেশে বিনিয়োগের আকর্ষণীয় পরিবেশ নিশ্চিত করা হলে অর্থ পাচার কমতে পারে। অর্থ পাচারের একটি বড় কারণ হলো দুর্নীতি। দুর্নীতি রোধ করা গেলে অর্থ পাচার কমবে।

### ইউক্রেন যুদ্ধের দুই বছর

# রাশিয়ার বিরুদ্ধে মার্কিন প্রোপাগান্ডা কাজে আসেনি

**এডওয়ার্ড উঙ ও মাইকেল ক্রাউলি**

রাশিয়া যখন ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারী ইউক্রেনে পুরোদস্তুর হামলা চালায়, তখন বাইডেন প্রশাসন তার বিরুদ্ধে এক কূটনৈতিক আক্রমণ শুরু করে, যা ইউক্রেনের সামরিক বাহিনীর জন্য যুদ্ধজাহাজ পাওয়ার চেয়ে কম গুরুত্বপূর্ণ ছিল না। অর্থনৈতিক নিষেধাজ্ঞা জারির পাশাপাশি আন্তর্জাতিক ব্যবস্থা সুরক্ষার যৌথ প্রচেষ্টার আহ্বান জানিয়ে যুক্তরাষ্ট্র রাশিয়াকে অর্থনৈতিক ও রাজনৈতিকভাবে নির্বাসিত করে শাস্তি দিতে চেয়েছিল। এর উদ্দেশ্য ছিল মস্কোর সঙ্গে বিভিন্ন কোম্পানি ও দেশের সম্পর্ক বিচ্ছিন্ন করে ফেলা। কিন্তু দুই বছর পরও মার্কিন কর্মকর্তাদের প্রত্যাশা অনুযায়ী পুতিন বিশ্ব থেকে বিচ্ছিন্ন হননি। তেল ও প্রাকৃতিক গ্যাসের বিপুল সরবরাহের মধ্যেই রাশিয়ার মূল শক্তি নিহিত। এসব সম্পদ দেশটিতে আর্থিক ও রাজনৈতিক স্বাভাবিকতা বজায় রেখেছে, যা পাশ্চাত্যের বিরোধিতাকে নাকচ করার শক্তি রাখে। এশিয়া, আফ্রিকা ও দক্ষিণ আমেরিকার অনেকাংশে পুতিনের প্রভাব আগের মতোই শক্তিশালী শুধু নয়, বরং ক্রমশ বাড়ছে। একইভাবে দেশের অভ্যন্তরেও তাঁর ক্ষমতা বরাবরের মতো পাকাপোক্ত।

নিঃসন্দেহে রাশিয়ার ওপর যুদ্ধের প্রভাব পড়েছে। ইউরোপের অনেক দেশের সঙ্গে দেশটির সম্পর্ক শেষ হয়ে গেছে। আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) পুতিনের ওপর আটকাদেশ জারি করেছে। জাতিসংঘ বারবার ইউক্রেন আক্রমণের নিন্দা জানিয়েছে।

বাইডেন প্রশাসনের কর্মকর্তারা যতই দাবি করুন–‘বর্তমানে রাশিয়া অন্য যে কোনো সময়ের তুলনায় বেশি বিচ্ছিন্ন হয়ে পড়েছে;’ উত্তর আমেরিকা ও ইউরোপের বাইরে এ দাবির পক্ষে প্রমাণ পাওয়া ভার। চীন, ভারত ও ব্রাজিল রেকর্ড পরিমাণে রাশিয়া থেকে তেল কিনছে। পুতিন তাঁর হাতের বাইরে চলে যাওয়া ইউরোপীয় ক্রেতাদের প্রতিস্থাপন করতে এ দেশগুলোকে বড় রকমের আর্থিক ছাড় দিয়ে যাচ্ছেন। যুক্তরাষ্ট্রের কিছু মিত্রসহ অন্যান্য রাষ্ট্রের সঙ্গে রাশিয়ার অর্থনৈতিক সম্পর্ক দিন দিন বাড়ছে, যা কূটনৈতিক সম্পর্কও পাকাপোক্ত করছে।

লন্ডনের রয়েল ইউনাইটেড সার্ভিস ইনস্টিটিউটের নিরাপত্তা-সংক্রান্ত নতুন একটি প্রতিবেদনমতে, আফ্রিকাতে রাশিয়ার প্রভাব বেড়েই চলেছে। ওবামা প্রশাসনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা, ক্যাথলিক ইউনিভার্সিটি অব আমেরিকার অধ্যাপক ও স্নায়ুযুদ্ধ বিশারদ ইতিহাসবিদ মাইকেল কিম্যাগ বলেছেন, ‘কোনোভাবে রাশিয়াকে আটকে রাখা যাচ্ছে না।’

ওয়াল স্ট্রিট জার্নালে ইউজিন রুমার ও অ্যান্ড্রু এস উইস পুতিনের দুর্দশার বিষয়ে পশ্চিমা বিশ্বের ‘অদ্ভুত চিন্তাভাবনা’র সমালোচনা করে লিখেছেন, ‘পাশ্চাত্য নেতারা স্পষ্টত তাদের জনসাধারণকে রাশিয়ার হুমকির স্থায়িত্ব কতটা দীর্ঘ হতে পারে, সে সম্পর্কে সচেতন করেননি। হতাশার একটি বড় উদাহরণ হলো, ব্রাজিলের মতো লাতিন আমেরিকার সবচেয়ে বড় ও বিশ্বের প্রভাবশালী দেশে পুতিনকে সাদর সম্ভাষণ জানানো। নভেম্বরে ব্রাজিলে অনুষ্ঠিত গ্রুপ ২০-এর সম্মেলনে লুলা দ্য সিলভা পুতিনকে যোগদানের আমন্ত্রণ জানিয়েছেন। যদিও ব্রাজিল আন্তর্জাতিক অপরাধ আদালতের সদস্য রাষ্ট্র এবং দেশটি রাশিয়ার নেতার ক্ষেত্রে আদালতের আটকাদেশ প্রয়োগ করতে বাধ্য।

এমনকি গত ২১ ফেব্রুয়ারী বুধবার ব্রাসিলিয়ায় লুলা ও ব্লিংকেনের বৈঠকেও ইউক্রেন-রাশিয়ার যুদ্ধ নিয়ে ব্রাজিলের অব্যাহত নিরপেক্ষ অবস্থান তুলে ধরা হয়েছে। লুলা এও বলেছেন, যুক্তরাষ্ট্র কিয়েভে অস্ত্র সরঞ্জাম দিয়ে যুদ্ধ উস্কে দিচ্ছে। ব্লিংকেন অবশ্য লুলাকে বলেছেন, যুক্তরাষ্ট্র এই মুহূর্তকে কূটনীতির সময় বলে মনে করে না। পরের দিন ব্লিংকেন ব্রাজিলের শীর্ষ কূটনীতিক মাওরো ভিয়েরার কাছ থেকে শুনলেন, ‘ব্রাজিল এমন কোনো বিশ্ব গ্রহণ করে না, যেখানে সমস্যা সমাধানে সামরিক শক্তির ব্যবহার হয়।’

সেখানে রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সার্গেই ভি. ল্যাভরভ উপস্থিত ছিলেন। ব্লিংকেন ও যুক্তরাষ্ট্রের মিত্র গুটিকয়েক দেশ রাশিয়ার সমালোচনা করলেও অন্য কর্মকর্তা সবাই ব্রাজিলের পররাষ্ট্রমন্ত্রীকে অনুসরণ করে নিরপেক্ষতার আওয়াজ তোলেন অথবা যুদ্ধের ব্যাপারে নীরব থাকেন।

জাতিসংঘে যুক্তরাষ্ট্রের নেতৃত্বে যুদ্ধের নিন্দা জানিয়ে যে প্রস্তাব আনা হয়েছে, তার পক্ষে খুবই নগণ্য সমর্থন এসেছে। যদিও দেশগুলোর সঙ্গে যুক্তরাষ্ট্র বা রাশিয়ার কোনো জোরালো সম্পর্ক নেই। এতে প্রমাণ পাওয়া যায়–তারা সংঘাতের ব্যাপারে কোনো জবরদস্তি মেনে নিতে চায় না।



ওয়াশিংটনভিত্তিক সেন্টার ফর ইউরো-পয়ান পলিসি অ্যানালাইসিসের প্রেসিডেন্ট অ্যালিনা পলিয়াকোভা বলেছেন, ‘দেশগুলো মনে করে, পরাশক্তিগুলোর দ্বন্দ্বের দাবা খেলায় তাদের ঘুঁটি হিসেবে বিবেচনা করা হয়।’ তিনি আরও বলেছেন, ‘বিগত প্রশাসন অনেক দেশের সঙ্গে আমাদের সম্পর্কের বহু ক্ষতি করেছে। তারা আমাদের একজন বিশ্বস্ত অংশীদার মনে করছে না।’

মস্কো ইউক্রেনে হামলার পরও খাদ্য ও জ্বালানির উচ্চমূল্যের অপবাদ থেকে মুক্ত থাকতে সক্ষম হয়েছে। কয়েক সপ্তাহ আগে রাশিয়া নাইজেরিয়াতে ৩৪ হাজার টন সার বিনামূল্যে বিতরণ করেছে। আফ্রিকাতে দেশটি এ রকম আরও সরবরাহ দিয়েছে।

পুতিনের পক্ষে এহেন উদারতা দেখানো সম্ভব হয়েছে, কারণ রাশিয়া হাতছাড়া হওয়া ইউরোপিয়ান খদ্দেরদের বেশ ভালো বিকল্প খুঁজে পেয়েছে। গত মাসে আন্তর্জাতিক জ্বালানি সংস্থার প্রতিবেদনমতে, রাশিয়া ডিসেম্বর মাসের প্রতিদিন ৭ দশমিক ৮ মিলিয়ন ব্যারেল তেল রপ্তানি করেছে। ৯ মাসে যা সর্বোচ্চ ছিল এবং যুদ্ধের আগের মাত্রার চেয়ে সামান্য কম। কলাম্বিয়া ইউ-নিভার্সিটির এক সিনিয়র রিসার্চ স্কলার ফিশম্যান বলেছেন, ‘দুর্ভাগ্যজনক হলেও রাশিয়া বর্তমানে একটি বিকল্প সাপ্লাই চেইন তৈরি করেছে।’

লেখক: দ্য টাইমসের সংবাদদাতা।

***দ্য নিউইয়র্ক টাইমস থেকে ভাষান্তর ইফতেখারুল ইসলাম***

## নামাজের সময়-সূচী

| ফেব্রুয়ারি/মার্চ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ০১ | ০২ | ০৩ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৫.১৯ | ৫.১৭ | ৫.১৬ | ৫.১৪ | ৫.১৩ | ৫.১১ | ৫.১০ |
| সূর্যোদয় | ৬.৩৪ | ৬.৩২ | ৬.৩১ | ৬.২৯ | ৬.২৮ | ৬.২৬ | ৬.২৫ |
| জোহর | ১২.০৯ | ১২.০৮ | ১২.০৮ | ১২.০৮ | ১২.০৮ | ১২.০৮ | ১২.০৭ |
| আসর | ৪.০০ | ৪.০১ | ৪.০২ | ৪.০৩ | ৪.০৪ | ৪.০৫ | ৪.০৬ |
| মাগরিব | ৫.৪৩ | ৫.৪৪ | ৫.৪৫ | ৫.৪৭ | ৫.৪৮ | ৫.৪৯ | ৫.৫০ |
| এশা | ৬.৫৯ | ৭.০০ | ৭.০১ | ৭.০২ | ৭.০৩ | ৭.০৪ | ৭.০৫ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা’র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

\- সম্পাদক।



# শোয়েবের সঙ্গে নিজের ছবি শেয়ার করে কী বার্তা দিলেন সানা

ঢাকা ডেস্কঃঃ ভারতের টেনিস তারকা সানিয়া মির্জার সঙ্গে বিচ্ছেদ ঘটিয়ে পাকিস্তানি অভিনেত্রী সানা জাভেদকে বিয়ে করেছেন দেশটির সাবেক ক্রিকেট অধিনায়ক শোয়েব মালিক। বিয়ের পরই পাকিস্তান সুপার লিগের (পিএসএল) ম্যাচে গিয়ে স্বামীর দলের পক্ষে স্লোগান দিতে দেখা যায় সানাকে।

পিএসএল ম্যাচে করাচি কিংসের হয়ে খেলছিলেন শোয়েব মালিক। আর তাকে উৎসাহ দিতে প্রথমবারের মতো মাঠে হাজির হয়েছিলেন সানা।

ম্যাচ শেষে স্বামীর সঙ্গে মাঠে ছবি তুলেন সানা। সেই আনন্দের মুহূর্তের বেশ কয়েকটি ছবি ইস্টাগ্রামে শেয়ার করেছেন সানা নিজেই। সেখানে তাদের ভালোবাসার মুহূর্তের ছবি দেখা যায়।

ইনস্টাগ্রাম পোস্টে দেখা যাচ্ছে, শোয়েব একটি হাতাকাটা জ্যাকেট পরে আছেন পাশে সানা ধূসর বর্ণের পোশাক পরে আছেন সানা। দুজনের মুখে হাসি। হাসির মধ্যে যেন লুকিয়ে আছে একে অপরের প্রতি অকৃতিম ভালোবাসা। একসঙ্গে নতুন যাত্রার আনন্দের প্রতিফলন। ছবিতে তাদের গভীর ভালোবাসার প্রকাশ দেখা যায়। ক্যাপশনে স্বামী শোয়েবের জন্য যে ভালোবাসা ও গর্ব অনুভব করেন সেটি জানিয়েছেন সানা।

এ ছাড়া আরও একটি পোস্ট দিয়েছেন সানা, সেখানে দেখা যায় ক্রিকেট অনুরাগীদের সঙ্গে নিজের আনন্দের মুহূর্ত ভাগ করে নিচ্ছেন।

সানা তার স্বামীর পেশাগত জীবনে যে সহায়ক ভূমিকা পালন করতে শুরু করেছে তা বোঝা যাচ্ছে।

এর আগে সামাজিকমাধ্যমে নিজের একটি ছবি শেয়ার করে ট্রলের শিকার হন সানা জাভেদ। প্রচারের স্বার্থে একটি পোশাক ব্র্যান্ডের পোশাক পরে ইনস্টাগ্রামে ছবি দিয়েছেন তিনি। তার ওই ছবিতে নানা সমালোচনামূলক মন্তব্য করেছেন নেটিজেনরা।

এদিকে পাকিস্তানের নিউজ চ্যানেল সামা টিভির একটি পডকাস্টে দাবি করা হয়েছে, সানিয়া মির্জার সঙ্গে বিয়েবন্ধনে থাকাবস্থায়ও সানার সঙ্গে টানা তিন বছর পরকীয়ায় লিপ্ত ছিলেন শোয়েব মালিক।

পডকাস্টে আরও বলা হয়েছে, যখনই মালিককে চ্যানেলের কোনো শোয়ের জন্য আমন্ত্রণ জানানো হতো, তিনি কেবল এই শর্তে উপস্থিত হতেন যে সানাকেও ডাকা উচিত।

# সাকিবকে নিয়ে যে দুঃসংবাদ দিল বিসিবি





**ঢাকা ডেস্কঃঃ** বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসানের এবারের বিপিএলের আসরের শুরুটা ভালো হয়নি। চোখের সমস্যার কারণে প্রথমে কয়েকটি ম্যাচ ব্যাট হাতে ছন্দে ছিলেন না তিনি। তবে যতই সময় গড়িয়েছে ততই ফর্মে ফিরেছেন দেশসেরা অলরাউন্ডার। রংপুর রাইডার্সের জার্সিতে ব্যাট ও বল হাতে আলো ছড়াচ্ছেন তিনি।

বিপিএলের পরই বাংলাদেশ সফরে আসবে শ্রীলংকা। সেই সিরিজের ওয়ানডে ও টি-টোয়েন্টিতে খেলবেন না সাকিব এটা আগেই জানা ছিল। এবার সাকিবকে নিয়ে আবারও দুঃসংবাদ দিয়েছে বিসিবি।

বৃহস্পতিবার বিসিবির ক্রিকেট অপারেশন্সের চেয়ারম্যান জালাল ইউনুস চৌধুরী জানান, শ্রীলংকার বিপক্ষে টেস্ট সিরিজও খেলবেন না সাকিব। শ্রীলংকা সিরিজে সাকিব টেস্ট খেলবেন কিনা এমন প্রশ্নের জবাবে জালাল ইউনুস বলেন, 'না ও তো শ্রীলংকা সিরিজ (টেস্ট, ওয়ানডে, টি-টোয়েন্টি) খেলে ব্রেক নিয়েছে।'

তিনি আরও বলেন, সাকিবের ফর্মে ফিরে আসাটা। সে ফর্মেই ছিল। তবে ওর চোখে একটা সমস্যা ছিল, যার কারণে কিছুটা সমস্যা হচ্ছিল। কিন্তু সেটা সাময়িক, আশা করি সে যেহেতু এখানে ব্রেক নিয়েছে শ্রীলংকা সিরিজের জন্য।

প্রসঙ্গত, দুই ম্যাচের টেস্ট সিরিজের প্রথমটি আগামী ২২ মার্চ সিলেট ইন্টারন্যাশনাল স্টেডিয়ামে মাঠে অনুষ্ঠিত হবে। দ্বিতীয় টেস্টটি আগামী ৩০ মার্চ চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে।



# আর্জেন্টিনার দুটি প্রীতি ম্যাচের সূচি ঘোষণা

**ঢাকা ডেস্কঃঃ** চীনে সফরে আফ্রিকান দুই দেশ নাইজেরিয়া ও এল সালভাদরের সঙ্গে দুটি প্রীতি ম্যাচ খেলার কথা ছিল আর্জেন্টিনার। তবে হংকংয়ে ইন্টার মায়ামির হয়ে আর্জেন্টাইন অধিনায়ক লিওনেল মেসি মাঠে না নামার ঘটনায় ম্যাচ দুটি বাতিল করে এশিয়ান দেশটি। ফলে ম্যাচ দুটির ভেন্যু সরিয়ে নেওয়া হয় যুক্তরাষ্ট্রে। যার সূচি ঘোষণা করেছে আর্জেন্টিনা ফুটবল ফেডারেশন (এএফএ)।

বৃহস্পতিবার আলবিলেস্তে ফুটবলের নিয়ন্ত্রক সংস্থাটি এক বিবৃতিতে আসন্ন দুই ম্যাচের সূচি জানিয়েছে।

আগামী ২২ মার্চ এল সালভাদর ও ২৬ মার্চ নাইজেরিয়ার মোকাবিলা করবে লিওনেল স্কালোনির আর্জেন্টিনা। প্রথম ম্যাচটি হবে ফিলাডেলফিয়ার লিঙ্কন ফিল্ড স্টেডিয়ামে এবং পরের ম্যাচের ভেন্যু লস অ্যাঞ্জেলেসের কলিসিও স্টেডিয়ামে।

আগামী জুনে যুক্তরাষ্ট্রের মাটিতে কোপা আমেরিকার আসর বসবে। তার আগে ইউরোপীয় দুই পরাশক্তির সঙ্গে ম্যাচ খেলতে চেয়েছিলেন বিশ্বচ্যাম্পিয়নরা। তবে সামনে ইউরো চ্যাম্পিয়নশিপ থাকায় কোনো দলের ফাঁকা সূচি পাওয়া যায়নি। তাই শেষ পর্যন্ত আফ্রিকার নেশন্স কাপ খেলা অন্যতম বড় দুই দলের সঙ্গে তারা প্রীতি ম্যাচ ঠিক করে।



# কাশ্মীরের রাস্তায় ব্যাট হাতে শচীন

**ঢাকা ডেস্কঃঃ** রাস্তার মধ্যে ক্রিকেট খেলছিলেন কাশ্মীরের কয়েক জন তরুণ। হঠাৎ সেখানে হাজির শচীন টেন্ডুলকার। তাদের কাছ থেকে ব্যাট চেয়ে বেশ কিছু ক্ষণ ক্রিকেট খেললেন তিনি। পরে পৌঁছে গেলেন সেখানকার একটি ব্যাট প্রস্তুতকারক কারখানায়। সেখানে গিয়ে ছোটবেলার স্মৃতিতে ফিরলেন শচীন।

পরিবারকে নিয়ে কাশ্মীরে বেড়াতে গিয়েছেন শচীন। সেখানে রাস্তায় তিনি কয়েক জনকে ক্রিকেট খেলতে দেখেন। গাড়ি থেকে নেমে পড়েন শচীন। চলে যান তাদের কাছে। শচীনকে দেখে অবাক হয়ে যান স্থানীয়েরা। তাদের কাছ থেকে ব্যাট চেয়ে খেলতে শুরু করেন শচীন। বেশ কয়েকটি বল খেলেন তিনি। কখনও স্ট্রেট ড্রাইভ, কখনও কভার ড্রাইভ, আবার কখনও সুইপ মারতে দেখা যায় তাকে। একটা সময় তো ব্যাট উল্টো করে ধরে হাতল দিয়ে বল মারেন শচীন। চোখের সামনে শচীনকে খেলতে দেখে আনন্দ ধরে রাখতে পারছিলেন না স্থানীয়েরা। রাস্তায় যাতে যানজট না হয় তার জন্য শচিনকে ঘিরে ছিলেন সেনাবাহিনীর জওয়ানেরা। পরে সবার সঙ্গে ছবি তোলেন সচিন। এই পুরো ঘটনার সাক্ষী থাকেন তার স্ত্রী অঞ্জলি ও কন্যা সারা।

পরে কাশ্মীরের একটি ব্যাট প্রস্তুতকারক কারখানায় যান শচীন। ভারতে সব থেকে ভালো মানের ব্যাট কাশ্মীর উইলো থেকে তৈরি হয়। শচীনকে ছোটবেলায় প্রথম ব্যাট কিনে দিয়েছিলেন তার দিদি। সেটি কাশ্মীর উইলোর তৈরি ছিল। তাই কাশ্মীরে গিয়ে ব্যাট প্রস্তুতকারক কারখানায় যাওয়ার লোভ সামলাতে পারেননি তিনি।

সেখানে গিয়ে ব্যাট তৈরি হওয়ার পদ্ধতি দেখেন শচীন। একটি ব্যাট নিয়ে কারখানার মালিকের সঙ্গে বেশ কিছু ক্ষণ কথা বলতে দেখা যায় তাকে। সেই ব্যাটে করে কয়েকটি বল খেলেও দেখেন শচীন।

# নাইটক্লাবে নারীকে ধর্ষণ: ব্রাজিলের ফুটবলারের কারাদন্ড

ঢাকা ডেস্কঃঃ ধর্ষণের দায়ে দোষী সাব্যস্ত হয়েছেন সাবেক বার্সেলোনা ও ব্রাজিল ফুটবলার দানি আলভেস (৪০)। স্পেনের একটি আদালত আলভেসকে বার্সেলোনার নাইটক্লাবে এক নারীকে ধর্ষণের দায়ে দোষী সাব্যস্ত করেছেন। আদালত তাকে চার বছরের কারাদণ্ডসহ ভুক্তভোগীকে ১ লাখ ৫০ হাজার ইউরো প্রদানের নির্দেশও দিয়েছেন।



আলভেসের বিরুদ্ধে ২০২২ সালের ৩১ ডিসেম্বর ওই নারীকে যৌন নির্যাতনের অভিযোগ উঠার পর ২০২৩ সালের জানুয়ারিতে তিনি গ্রেফতারও হয়েছিলেন।

ধর্ষণের শিকার নারী জানান, আলভেস সেসময় তাকে বাথরুমে নিয়ে ধর্ষণ করেছিলেন।

ভুক্তভোগী পক্ষের আইনজীবী এ বিষয়ে বলেন, সেদিন রাতে তিনি আলভেসের সঙ্গে নাচ করেছিলেন এবং স্বেচ্ছায় নাইটক্লাবের বাথরুমে প্রবেশ করেছিলেন। কিন্তু পরে যখন তিনি চলে যেতে চাইলেন তখন আলভেস আর তাকে যেতে দেননি। এরপর আলভেস ভুক্তভোগী নারীকে চড় মারেন, অপমান করেন এবং তার ইচ্ছার বিরুদ্ধে শারীরিক সম্পর্ক করতে বাধ্য করেন।

যদিও বিচার চলাকালীন অভিযোগ অস্বীকার করে আলভেস বলেছিলেন, 'আমি এমন মানুষ নই।'




# সবচেয়ে খারাপ প্রেসিডেন্ট ট্রাম্প, সেরা লিংকন

(প্রথম পাতার পর)

**‘জর্জ ওয়াশিংটন থেকে জো বাইডেন’**

কোস্টাল ক্যারোলিনা ইউনিভার্সিটির ভন এবং হিউস্টন ইউনিভার্সিটির রোটিংহাউস মোট ১৫৪ জন স্কলারদের ওপর সমীক্ষা পরিচালনা করেছেন, তাদের বেশিরভাগই আমেরিকান পলিটিক্যাল সায়েন্স এসোসিয়েশনের সাথে যুক্ত। তারা জানিয়েছেন, জর্জ ওয়াশিংটন থেকে জো বাইডেন পর্যন্ত সব প্রেসিডেন্টের কাজের তাৎপর্য বুঝিয়েছে এই সমীক্ষা।

উত্তরদাতাদেরকে ০-১০০ স্কেলে প্রেসিডেন্টদের স্কোর দিতে বলা হয়েছিল, এক্ষেত্রে ০=ব্যর্থতা, ৫০=গড়ে ঠিকঠাক এবং ১০০=দারুণ। এইভাবে স্কোর দেখে সমীক্ষাটিতে প্রতিটি প্রেসিডেন্টের জন্য গড় স্কোর গণনা করে, সর্বোচ্চ থেকে সর্বনিম্ন পর্যন্ত তাদের স্থান দেওয়া হয়েছে।

**সংক্ষেপে সমীক্ষার তালিকা**

তালিকায় প্রথম স্থানে রয়েছেন আব্রাহাম লিংকন, যিনি দাসত্বের অবসান ঘটিয়েছিলেন এবং গৃহযুদ্ধের মধ্য দিয়ে দেশকে নেতৃত্ব দিয়েছিলেন। দ্বিতীয় স্থানে ফ্র্যাঙ্কলিন ডেলানো রুজভেল্ট, যিনি মহামন্দা এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমেরিকাকে গাইড করেছিলেন। তৃতীয় স্থানটি ছিল জর্জ ওয়াশিংটনের, প্রথম প্রেসিডেন্ট, যিনি ব্রিটেনের হাত থেকে আমেরিকার স্বাধীনতা লাভ করেছিলেন। পরের তিনজন ছিলেন টেডি রুজভেল্ট, টমাস জেফারসন এবং হ্যারি ট্রুম্যান। বারাক ওবামা, প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট এবং ২০০৯ থেকে ২০১৭ সাল পর্যন্ত বাইডেনের ভাইস-প্রেসিডেন্ট, সপ্তম স্থানে রয়েছেন। ইউলিসিস এস গ্রান্ট, প্রেসিডেন্ট পদে থাকাকালীন দুর্নীতি করলেও, অভিযোগের সম্মুখীন হওয়া সত্ত্বেও, ক্রীতদাসদের অধিকার রক্ষায় তার সমীক্ষার র‍্যাঙ্কিংয়ে উন্নতি ডেকে এনেছে। আর এই তালিকার সম্পূর্ণ বিপরীতে রয়েছেন ডোনাল্ড ট্রাম্প। এমনকি গৃহযুদ্ধ প্রতিরোধ বা নিরাময়ে ব্যর্থ প্রেসিডেন্টদের পিছনেও রয়েছেন তিনি। এককথায়, নির্বাচন-পরবর্তী বিতর্কিত সময় এবং অসংখ্য আইনি চ্যালেঞ্জে জর্জরিত রয়েছেন ডোনাল্ড ট্রাম্প। সূত্র: হিন্দুস্তান টাইমস

**প্রেসিডেন্ট প্রার্থীদের বয়স নিয়ে উদ্বিগ্ন যুক্তরাষ্ট্রের ভোটাররা**

এদিকে ধারণা করা হচ্ছে যে ২০২৪ সালের নভেম্বরে অনুষ্ঠিতব্য যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে জো বাইডেন এবং ডোনাল্ড ট্রাম্পের মধ্যে ২০২০ সালের প্রতিযোগিতার পুনরাবৃত্তি হবে। এতে ভোটাররা এমন কাউকে বেছে নেবেন যিনি দেশের সবচেয়ে প্রবীণ বয়সী প্রেসিডেন্ট (বাইডেন) বা দ্বিতীয় বয়োবৃদ্ধ প্রেসিডেন্ট (ট্রাম্প) হবেন।

অনেক ভোটার এ রকম বিকল্পে খুশি নন। চলতি মাসের শুরুর দিকে এবিসি নিউজ/ইপসোসের এক জরিপে দেখা গেছে, ৫৯ শতাংশ আমেরিকান মনে করেন, দুজন সম্ভাব্য প্রার্থীই আরেকবার ক্ষমতায় থাকার জন্য বেশিই বয়স্ক।

**কিভাবে এমনটা ঘটল?**

নিউ অর্লিন্সের ডিলার্ড বিশ্ববিদ্যালয়ের নগর অধ্যয়ন ও পাবলিক পলিসির অধ্যাপক রবার্ট কলিন্স মনে করেন, আমেরিকানরা মনে করে যে তাদেরকে সত্যিকারের বিকল্প দেয়া হচ্ছে না। ১৯৮৫ সালের চলচ্চিত্রের প্রসঙ্গ টেনে তিনি ভয়েস অব আমেরিকাকে বলেন, ‘আমাদের অনেকের জন্য এটি ব্যাক টু দ্য ফিউচার সিচুয়েশনের মতো মনে হয়। এ হচ্ছে গতবার আমাদের যে পুরনো দুজন মানুষ ছিল তাদের মধ্যে বিকল্প খোঁজা। অনেক আমেরিকানই বিস্মিত হয়ে গেছে যে, কিভাবে এটি ঘটেছিল এবং এর অর্থ আমাদের গণতন্ত্রে কোনো ভুল হয়ে গেছে কি না।’

**সম্ভাব্য প্রভাব**

কারণ যাইই হোক না কেন, এবারের নির্বাচনে বয়স একটা ইস্যু। ফ্লোরিডার মিয়ামির ৭১ বছর বয়সী নরমা রডরিগস বলেন, এটা ঠিক নয়। তিনি ভয়েস অব আমেরিকাকে বলেন, ‘বয়স যেমন কোনো কর্মক্ষেত্রে ইস্যু হওয়া উচিত নয়, তেমনি রাজনীতিতেও এটি কোনো ব্যাপার হওয়া উচিত নয়। বরং চরিত্র, সহমর্মিতা ও বিশ্বস্ততার মতো বৈশিষ্ট্যগুলো নিয়ে আমাদের ভোট দেয়া উচিত।’

**প্রার্থীদের মধ্যে বয়স নিয়ে ভাবনা**

প্রেসিডেন্ট বাইডেন ও সাবেক প্রেসিডেন্ট ট্রাম্পের বয়সের ব্যবধান চার বছরের কম হলেও আমেরিকানরা মনে করেন, তাদের বয়সের বিস্তর ব্যবধান।

এবিসি নিউজ/ইপসোস জরিপে দেখা গেছে, ৫৯ শতাংশ আমেরিকান মনে করেন যে উভয় প্রার্থীই অনেক বেশি বয়স্ক এবং অতিরিক্ত ২৭ শতাংশ বলেছেন, কেবল বাইডেনের বয়স অনেক বেশি। অন্যদিকে যুক্তরাষ্ট্রের ৩ শতাংশ নাগরিক বলেছেন, ট্রাম্পও প্রেসিডেন্ট পদে দায়িত্ব পালন করার জন্য যথেষ্ট বয়স্ক। সূত্র: ভয়েস অব আমেরিকা

# ইউক্রেনের ৩১ হাজার সেনা নিহত -জেলেনস্কি

(প্রথম পাতার পর)

এর কারণ হিসেবে তিনি বলেছেন, এটি জানালে রাশিয়ার সেনাদের পরিকল্পনায় সুবিধে হবে। সাধারণত যুদ্ধ শুরুর পর থেকে কোন দেশই নির্দিষ্ট করে হতাহত সেনার সংখ্যা তেমন জানায়নি। তবে জেলেনস্কি এবার তার দেশের নিহত সেনার সংখ্যা জানালেন। এর আগে ইউক্রেনের প্রতিরক্ষামন্ত্রী বলেন, ইউক্রেনে সহায়তা সরবরাহে বিলম্ব করছে পশ্চিমারা। এরপরেই নিহত সেনার সংখ্যা জানালেন জেলেনস্কি। ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারী ইউক্রেনে সামরিক অভিযানের ঘোষণা দেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। এরপর আজ পর্যন্ত টানা দুই বছরের বেশি সময় ধরে চলছে দেশ দুইটির যুদ্ধ।





EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

Sarwor Khan
LIC Real Estate Saleperson
Cell: 347-665-7580

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল





189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

নতুন বছর উপলক্ষে ৫০% সেল

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই



স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকন্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

বাড়িওয়ালা ও ভাড়াটিয়া উভয়েই এ সুযোগ গ্রহণ করতে পারেন



তোফায়েল চৌধুরী (লিটন)

এই অত্যাধুনিক সিস্টেমে আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে




আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
GREE MECHANICAL YONKERS
1900 Central Park Ave, Yonkers NY 10710

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন


সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে পেভর্নিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএস (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

- আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
- অন্তত ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
- বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
- দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার L ভিসার সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিলেশনশিপসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে কষ্ট ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

# নিউইয়র্ক প্রবাসী স্বপনের ইন্তেকাল

**নিউইয়র্ক (ইউএনএ):** নিউইয়র্ক প্রবাসী টাঙ্গাইলবাসীদের সকলে পরিচিত মুখ রফিকুল হাসান খান স্বপন ইন্তেকাল করেছেন। গত ২১ ফেব্রুয়ারী বুধবার সকাল ৯টা ৫৩ মিনিটে তিনি লং আইল্যান্ড জুইস হাসপাতালে (এলআইজে) হার্ট অ্যাটাকে ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহী ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তার বয়স হয়েছিল ৬১ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলে সন্তানসহ অনেক গুনগ্রাহী রেখে গেছেন। খবর ইউএনএ'র।



জানা গেছে, জ্যামাইকায় বসবাসকারী রফিকুল হাসান খান স্বপন গত ২০ ফেব্রুয়ারী মঙ্গলবার গভীর রাতে কাজ থেকে বাসায় ফেরার পর অসুস্থ অনুভব করলে সাথে সাথে তাকে ভোর রাতে এলআইজে হাসপাতালে নেয়া হয়। সেখানে চি-কিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি ম্যাসিভ হার্ট অ্যাটাকের শিকার হন বলে জানা গেছে। মরহুমের নামাজে জানাজা পরদিন বুধবার জ্যামাইকা মুসলিম সেন্টার-এ বাদ জোহর (১টা ১৫ মিনিট) অনুষ্ঠিত হবে। জানাজা নামাজে বিপুল সংখ্যক প্রবাসী অংশ নেন। পরদিন বৃহস্পতিবার তার মরদেহ নিউজার্সীর মার্লবরো মুসলিম কবরস্থানে দাফন করা হয়।

উল্লেখ্য, টাঙ্গাইলের গোপালপুল উপজেলা সৈয়দপুর গ্রামের সন্তান রফিকুল হাসান খান স্বপন টাঙ্গাইল শহরের প্যারাডাইস পাড়ায় স্থায়ীভাবে বসবাস করতেন। ডিভি লাট-ারী জয়ী হয়ে তিনি স্বপরিবারে যুক্তরাষ্ট্র প্রবাসী হন এবং নিউইয়র্ক সিটির জ্যামাইকায় বনবাস করেন।

**শোক প্রকাশ:** টাঙ্গাইলের কালিহাতি উপজেলার সন্তান রফিকুল হাসান খান স্বপনের ইন্তেকালে টাঙ্গাইল সোসাইটি ইউএসএ ইনক-এর পক্ষ থেকে সভাপতি মোহাম্মদ শামসুজ্জামান খান ও সাধারণ সম্পাদক খন্দকার মনিরুজ্জামান (আরিফ), সাবেক সভাপতি মিজানুর রহমান খান আপেল গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH
State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)
Citizenship Without Exam N-648 Waiver
Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor
আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন
* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।
40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
Alam Podiatry, P.C.
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়





NEW YORK LOTTERY
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

# ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**ফেব্রুয়ারী ২০২৪ ভিসা বুলেটিন**

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে মার্চ ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসিআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি দেখা যায় না।

**ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার**

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৫ ফেব্রুয়ারী, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ জুন ২২, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ অক্টোবর ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ০৮ জুন, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

**নিউইয়র্ক থেকে ইমতিয়াজ হোসেনের প্রশ্নঃ**

আমি একজন ইউএস সিটিজেন। আমার ভাই-বোনেরা তাদের পরিবারের সদস্যসহ বাংলাদেশে বসবাস করে। আমি আমার বাংলাদেশে বসবাসকারী ভাই বোনদের জন্যে আবেদন করতে চাই। এই সাথে আরো একটি বিষয় উল্লেখ করতে চাই আর তাহলো যে আমার স্ত্রী একজন গ্রিনকার্ডধারী। সে বাংলাদেশে বসবাসকারী তার মা-বাবার জন্যে আবেদন করতে চায়। কিন্তু আমাদের জানার বিষয়ে হচ্ছে একজন গ্রিনকার্ডধারী হিসেবে সে বাংলাদেশে বসবাসকারী তার মা-বাবার জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত কিনা?



**ইমতিয়াজ হোসেনের প্রশ্নের উত্তরঃ**

আমাদের প্রথমে জানা দরকার ইউএস সিটিজেনের ভাইবোনদের জন্য গ্রিনকার্ডের আবেদনের ব্যাপারে আর একজন ইউএস সিটিজেন কাদের কার্ডের জন্য আবেদন করতে পারেনঃ

একজন ইউএস সিটিজেন তার ১) স্পাউস (স্বামী-স্ত্রী), ২) বিবাহিত অবিবাহিত পুত্র কন্যা, ৩) মা-বাবা এবং ৪) ভাই বোন। আবার একজন গ্রিনকার্ডধারী কাদের জন্য আবেদন করতে পারেন। এ ব্যাপারে আমাদের জানা থাকা দরকারঃ

১) স্পাউস (স্বামী-স্ত্রী), ২) ২১ নিম্ন বয়সী অবিবাহিত সন্তান, ৩) ২১ উর্ধ বয়সী অবিবাহিত সন্তান। উল্লেখ্য যে, গ্রিনকার্ডধারীরা তাদের বিবাহিত সন্তান, মা-বাবা এবং ভাই বোনের জন্য আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হয় না।

সুতরাং ইমিগ্রেশন আইন অনুযায়ী আপনি একজন ইউএস সিটিজেন হিসেবে বাংলাদেশে বসবাসকারী আপনার ভাই-বোনের জন্যে আবেদন করতে পারেন। কিন্তু আপনার স্ত্রী একজন গ্রিনকার্ডধারী সে কারণে বাংলাদেশে বসবাসকারী মা-বাবার জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হন না।

**কুইন্স থেকে আঃ সামাদ চৌধুরীর প্রশ্নঃ**

আমার স্ত্রী এদেশে আসার পরে আমি তার ওয়ার্ক পারমিট ও সোস্যাল সিকিউরিটি নম্বরের জন্যে আবেদন করেছিলাম। তারপর সে ওয়ার্ক পারমিট ও সোস্যাল সিকিউরিটি নম্বর পেয়েছে। কিন্তু উল্লেখ্য যে আমার আগেই সিটিজেনশীপ পাবার কথা ছিলো। এদিকে আমার স্ত্রীর ওয়ার্ক পারমিটের মেয়াদ শেষ হয়ে যাবে। সে কোথাও কাজ করে না। তার ওয়ার্ক পারমিটের মেয়াদ বাড়াতে হবে কিনা?

**আঃ সামাদ চৌধুরীর প্রশ্নের উত্তরঃ**

ওয়ার্ক অথরাইজেশন শর্তবৈধ কিংবা অবৈধ হিসেবে চিহ্নিত করে না। সে কারণে ওয়ার্ক পারমিটের মেয়াদ শেষ হয়ে যাবার অর্থ অবৈধ হয়ে যাওয়া নয়। কেস যদি ঝুলন্ত অবস্থায় থাকে তবে তিনি বৈধ বলে বিবেচিত হবেন- তার ওয়ার্ক পারমিট থাকুক বা না থাকুক। আর কেস যদি অস্বীকৃত হয়ে যায় তাহলে ওয়ার্ক পারমিটও বন্ধ হয়ে যাবে। তবে ওয়ার্ক পারমিট থাকা ভালো। কারণ এটা এক ধরনের আইডি।

**নিউইয়র্ক থেকে হাসান হাবিবের প্রশ্নঃ**

এখানে আমার একটি বাড়ি আছে। আর আমার ঐ বাড়িটা আমি ভাড়া দিয়েছি ২ বছর হলো। কিন্তু প্রায় ১ বছর হয় আমার ভাড়াটিয়া আমাকে ভাড়া দিচ্ছে না। নানাভাবে তাকে ভাড়ার কথা বলেও কোন কাজ হচ্ছে না। সে বাসা ছাড়ে না, আবার ভাড়াও দেয় না।

আমি কেমন করে এই সমস্যা থেকে উদ্ধার পেতে পারি- এ ব্যাপারে আপনার পরামর্শ প্রত্যাশা করছি।

**হাসান হাবিবের প্রশ্নের উত্তরঃ**

আপনার ভাড়াটিয়া যদি আপনাকে ভাড়া না দেন, এক্ষেত্রে আপনার প্রথম পদক্ষেপ হবে- ভাড়াটিয়ার কাছে নোটিশ প্রেরণের মাধ্যমে লিখিতভাবে ভাড়া চাওয়া। পরবর্তী পদক্ষেপ হচ্ছে- বাড়ির মালিক হিসেবে আপনি হাউ-জিং কোর্টে আপনার ভাড়াটিয়ার বিরুদ্ধে ভাড়া না দেয়ার কারণে অভিযোগ করতে পারেন। যে সব বাড়ির মালিকের নিজস্ব আইনজীবী না থাকে, যিনি একটি বা দুটি বাড়ির মালিক বা ৫টি এপার্টমেন্টের কোন কোন ভবনের মালিক অথবা একটি কোঅপ বা কন্ডোর মালিক তারা নি-উইয়র্ক স্টেট কোর্টে সহজ এবং বি-নাপয়সার উকিল পেতে পারেন জাস্টিস কর্মসূচির আওতায়। অনলাইনে থেকে প্রিন্ট ফরমও পূরণ করে আবেদন করতে পারেন। নিকটবর্তী কোন কোর্টেও যেতে পারেন। সেখানে কোর্ট ক্লার্কের কাছে থেকে স্টেপ বাই স্টেপ পরামর্শ নিতে পারেন।

কোভিড-১৯ এর সময়ে ২০২০ সালের ১২৭ চ্যাপটার ভাড়াটিয়াদের নিরাপদ আশ্রয় চুক্তি পাশ করা হয়। এই চুক্তির ফলে ভাড়াটিয়াদের ভাড়া না দেয়ার জন্য বাসা থেকে বের করে দেয়া নিষিদ্ধ করা হয়। ২০২০ সালের মার্চ থেকে ২০২২ এর ১৫ জানুয়ারী পর্যন্ত এই চুক্তির বলে যেসব ভাড়াটিয়ার ভাড়া দেয়ার সাধ্য থাকে না তাদের বাড়ি থেকে বের করে দেয়া নিষিদ্ধ করা হয়।

প্রশাসনিক অর্ডার ৩৪/২২ যা ২০২২ সালের ১৫ জানুয়ারী থেকে কার্যকর হয় তাতে আবাসিক ও বাণিজ্যিক সংক্রান্ত সকল বিষয় স্বাভাবিক প্রক্রিয়ায় সম্পন্ন করা হতে পারে। হার্ডশীপ ঘোষণা যা পূর্বে কোর্টে দাখিল করা হয়েছিল। তা আর স্বয়ংক্রিয়ভাবে কার্যকর থাকবে না। এরপর আর কোন নতুন বহিষ্কার প্রক্রিয়া এবং নতুন কোন আর্থিক দুর্গতির ঘোষণাও ফাইল করা যাবে না।

আমরা নিশ্চিত নই যে আপনার ভাড়াটিয়া আর্থিক সংকটের অধীন আছে কিনা। আমাদের পরামর্শ হচ্ছে- আপনার ভাড়াটিয়ার বিরুদ্ধে আপনার মামলা শুরু করে দেয়া দরকার। এজন্য প্রয়োজনবোধে একজন এটর্নীর সাথে আলোচনা করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

**ফোন: ২১২-৫১৩-৭৪৭৪**

**ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০**

**ই-মেইল:**

kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**


**Law Offices of Kazmi & Reeves**

225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com



**Tel: 212-513-7474, Fax: 914-462-3990**

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# আল্লাহর নাম উচ্চারণে

(শেষের পাতার পর)

আমাদের ভাগ্য গড়েন ও ভাঙ্গেন। তিনি হায়াত ও মওতের মালিক। আসমান ও যমীনে যা কিছু আছে সকল কিছুর মালিক তিনিই। তাই এতদুভয়ের মাঝে যা কিছু আছে সকলেই তাঁর পবিত্রতা বর্ণনা করে। কারণ তাঁর নাম অতিশয় পবিত্র। সৃষ্টির যত দূর্বলতা ও ত্রুটি আছে তিনি সেসব থেকে মহাপবিত্র ও মুক্ত "সুবহ-নাল্লাহ"। আসমান ও যমীনের সর্বত্র তাঁর ক্ষমতা বিস্তৃত। কেউ তাঁর পর্যবেক্ষণ থেকে এক মহুর্তের জন্য আড়াল হতে পারে না। এমন কি ছেট্র একটি পোকা-মাকড় বা জীবানু যা আমরা খালি চোখে দেখতে পাই না সেটিও আল্লাহর পর্যবেক্ষণ থেকে কখনো বাদ যায় না। পৃথিবীর মুর্খরা যাদেরকে নিজেদের ইলাহ বলে মনে করে, তার মধ্যে দুর্বলতা থাকতে পারে, কিন্তু আমাদের মহামনিব রবের তা নেই। তিনি চীরঞ্জীব ও চীরন্তন সত্তা, তিনি সমগ্র বিশ্ব জাহানের দায়িত্বভার বহন করছেন, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। তাঁকে ঘুমও তন্দ্রা স্পর্শ করতে পারে না। সুতরাং পবিত্র সেই মহান সত্তার নামকে উচ্চারণ করার সময় সাবধান হতে হবে। যেনতেন ও যত্রতত্র তাঁর নাম উচ্চারণ বেআদবী।

আল কুরআনের বিভিন্ন আল্লাহর তাসবীহ করার জন্য নির্দেশ এসেছে। যেমন আল্লাহ তা'আলা বলেন, "(হে নবী) তোমার সুমহান রবের তাসবীহ পাঠ করো।" (সুরা আ'লা:১) মুফাসসিরিনে কেরাম এই তাসবীহ পাঠ করার অর্থ করেছেন, "তোমার সুমহান রবের নামকে পবিত্র ও মহিমাময় করো।" এখানে এই আয়াতটির কয়েকটি অর্থ হতে পারে, যার প্রত্যেকটি এখানে প্রযোজ্য।

এক, আল্লাহকে এমন নামে স্মরণ করতে হবে যা তাঁর জন্য উপযোগী। তাঁর মহান সত্তার সাথে এমন নাম সংযুক্ত না করা উচিত যা অর্থের দিক দিয়ে তাঁর অনুপযোগী এবং তাঁর জন প্রযোজ্য নয়। অথবা যে নামে তাঁর জন্য কোন ত্রুটি, অমর্যাদা বা শিরকের চিহ্ন পাওয়া যায়। অথবা যাতে তাঁর সত্তা গুণাবলী বা কার্যাবলী সম্পর্কে কোন ভুল বিশ্বাস পাওয়া যায়। এ জন্য কুরআন মাজীদে আল্লাহ নিজেই নিজের জন্য যেসব নাম ব্যবহার করেছেন অথবা অন্য ভাষায় এই নামগুলোর সঠিক অনুবাদ যে শব্দগুলোর মাধ্যমে প্রকাশিত হয়েছে সেগুলো ব্যবহার করাই হবে সবচেয়ে বেশী সংরক্ষিত পদ্ধতি।যেমন: গড, ইশ্বর ও দেবতা ইত্যাদি শব্দ অর্থের দিক দিয়ে তাঁর অনুপযোগী এবং তাঁর জন্য প্রযোজ্য হতে পারে না।

দুই, সৃষ্টির জন্য যেসব নাম নির্ধারিত রয়েছে সেগুলো আল্লাহর জন্য ব্যবহার করা অথবা আল্লাহর জন্য ব্যবহৃত নামগুলো সৃষ্টির জন্য ব্যবহার করা যাবে না। আর যদি এমন কোন গুণবাচক নাম থাকে যেগুলো শুধু আল্লাহর জন্য বিশেষভাবে ব্যবহৃত না হয়ে থাকে বরং বান্দার জন্যও সেগুলোর ব্যবহার বৈধ হয় যেমন রউফ (পরম স্নেহশীল) রহিম (পরম করুণাময়) কারীম (মেহেরবান) সামী (সবকিছু শ্রবনকারী) বসীর (সর্বদ্রষ্টা) ইত্যাদি, তাহলে এক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। অর্থাৎ আল্লাহর জন্য এ শব্দগুলো যেভাবে ব্যবহার করা হয় বান্দার জন্য ঠিক সেভাবে ব্যবহার করা যাবে না। যেমন: লোকটি দৃশ্যমান ও অদৃশ্যমান সবকিছু দেখতে পায় এ বিশ্বাসের ফলে তার নাম যদি বসীর(সর্বদ্রষ্টা) রাখে, তাহলে সুস্পষ্টভাবে তা আল্লাহর সাথে শিরক করা হবে। তাই আরো অধিক সতর্কতার জন্য এ শব্দগুলোর আগে 'আব্দুল' ব্যবহার করা যেতে পারে।

তিন, পরম শ্রদ্ধা,ভক্তি, আদব ও মর্যাদা সহকারে আল্লাহর নাম উচ্চারণ করতে হবে। এমন কোন পদ্ধতিতে বা এমন কোন অবস্থায় আল্লাহর নাম উচ্চারণ করা যাবে না, যা তাঁর প্রতি মর্যাদাবোধের পরিপন্থী। যেমন হাসি ঠাট্রাচ্ছলে, মলমুত্র ত্যাগকালে অথবা কোন গোনাহের কাজ করার সময় তাঁর নাম উচ্চারণ করা। অথবা এমন লোকদের সামনে তাঁর নাম উচ্চারণ করা যারা তা শুনে বেআদবী করতে থাকবে। এমন মজলিসেও তাঁর নাম বলা যাবে না, যেখানে লোকেরা অশালীন কাজে লিপ্ত থাকে এবং তাঁর নাম উচ্চারণ হবার সাথে সাথেই তারা বিদ্রুপ করতে থাকে। আবার এমন অবস্থায়ও তাঁর পবিত্র নাম মুখে আনা যাবে না যখন আশংকা করা হবে যে, শ্রোতা তাঁর নাম শুনে বিরক্তি প্রকাশ করবে। যেমন আমাদের দেশে অশ্লীল সিনেমা নাটক উদ্বোধনের সময় মিলাদ মাহফিলের নামে আল্লাহর নাম উচ্চারণ করতে দেখা যায়। কোন অবৈধ অনুষ্ঠান উদ্বোধনের সময় আল্লাহর কাছে দু'আ করা হয় এবং দু'আ শেষেই নৃত্য প্রদর্শনী শুরু হয়। পৃথিবীর সর্বোচ্চ কালাম হলো,"লা ইলাহা ইল্লাল্লাহ" সেই কালাম দিয়ে মানুষের দ্বারে দ্বারে ভিক্ষা করা হয়। আল্লাহর নাম নিয়ে ভিক্ষা করার প্রাক্কালে ভিক্ষা না পেলে বিরক্তি প্রকাশ করা হয় এবং বিরুপ মন্তব্যও প্রকাশ করতে দেখা যায়।

ইমাম মালেক (রাহি:) জীবনেতিহাসে এ কথা উল্লেখিত হয়েছে যে, কোন প্রার্থী তাঁর কাছে কিছু চাইলে তিনি যদি তাকে তা দিতে না পারতেন তাহলে সাধারণ লোকদের মতো "আল্লাহ তোমাকে দেবেন" এ কথা না বলে অন্য কোনভাবে নিজের অক্ষমতা প্রকাশ করতেন। লোকেরা এর কারণ জিজ্ঞেস করলে তিনি বলেন, প্রার্থীকে কিছু না দিয়ে অক্ষমতা প্রকাশ করলে তার মনে বিরক্তি ও ক্ষোভের সঞ্চার হয়। এ অবস্থায় আল্লাহর না নেয়া আমি সংগত মনে করি না। কারণ সে বিরক্তি ও ক্ষোভের সাথে আল্লাহ নাম শুনবে।

ঘাদীস গ্রন্থসমূহে হযরত ইহবাহ ইবনে আমের জুহানী রা: থেকে বর্ণিত হয়েছে। তাতে বলা হয়েছে, রাসুলুল্লাহ সা: এ আয়াতের ভিত্তিতেই সিজদায় "সুবহানা রাব্বিয়াল আ'লা পড়ার হুকুম দিয়েছিলেন। আর রুকুতে সুববাহানা রাব্বিয়াল আজিম পড়ার নির্দেশ দিয়েছিলেন তার ভিত্তি ছিল সুরা ওয়াকিয়া শেষ আয়াত অতএব, হে নবী, আপনার রবের নামের তাসবীহ তথা পবিত্রতা ঘোষনা করুন।"(আয়াত:৯৭) (মুসনাদে আহমাদ, আবু দাউদ, ইবনে মাযাহ)

আল্লাহ তা'আলা বলেন, "তিনি আল্লাহ, তিনি ছাড়া আর কোন ইলাহ নেই, তাঁর জন্য রয়েছে সর্বোত্তম নামসমূহ।" (সুরা ত্বাহা:৮) আল্লাহ আরো বলেন,"ভাল নামগুলো আল্লাহর জন্য নির্ধারিত। সুতরাং ভাল নামেই তাঁকে ডাকো এবং তাঁর নাম রাখার ব্যাপারে যারা সত্য থেকে বিচ্যুত হয়ে যায় তাদেরকে বর্জন কর। তারা যা কিছু করে এসেছে, তার ফল অবশ্যিই পাবে।" (সুরা আরাফ:১৮০) "ভাল ভাল নাম" বলতে এমনসব নাম বুঝায় যার মাধ্যমে আল্লাহর শ্রেষ্টত্ব ও মহত্ব, তাঁর পাক-পবিত্রতা ও তাঁর পূর্ণাঙ্গ গুণাবলী প্রকাশ ঘটে। এ সব উত্তম নামসমুহ একমাত্র আল্লাহ তা'আলার বৈশিষ্ট্য। এ বৈশিষ্ট্য লাভ করা অন্য কারো পক্ষে সম্ভব নয়। কাজেই যখন আল্লাহকে ডাকবে তখন এ সমস্ত উত্তম নামেই ডাক। ডাকার অর্থ হলো আল্লাহর প্রতিটি ক্ষমতা বা গুণের প্রতি গভীর দৃষ্টি রেখে গোলাম-মুনিবের সম্পর্ক ঠিক করা। কারণ এ নামগুলোর সাথে মানুষের আকিদা ও বিশ্বাসের সম্পর্ক বিদ্যমান। আল্লাহর এ নামসমুহের ওপর ভিত্তি করে মানুষের জীবনের সমগ্র নৈতিক দৃষ্টিভঙ্গি ও কর্মনীতি গড়ে উঠে।

আল্লাহর গুণাবলীর তত্ত্ব ও বাস্তবতা সম্পর্কে জ্ঞান অর্জন করা প্রত্যেকের দায়িত্ব-কর্তব্য নির্ধারণ করা উচিত। যে মানুষ তার সৃষ্টিকর্তা মহান আল্লাহ সম্পর্কে জ্ঞান রাখে না এবং তাঁর মহান গুণাবলী সম্পর্কে ধারণা নেই, তাঁর অসীম ও অসাধারণ অনুগ্রহের অবদান, সে মুলত কিছুই জানে না। কেননা সব জ্ঞানের মূল এখানেই নিহিত। তাই মানুষকে তার স্রষ্টা সম্পর্কে জানতে হবে, স্রষ্টা সম্পর্কে পূর্ণাঙ্গ জ্ঞান অর্জন করতে হবে। তিনি দয়া করে তাকে সৃষ্টি করেছেন। তিনি সৃষ্টি না করলে মানুষের পক্ষে এ জীবন লাভ করা- দুনিয়ার সুখ-সম্ভোগের সুযোগ পাওয়া সম্ভবপর হতো না। তাই স্রষ্টার গুণ-বৈশিষ্ট্য ও দয়া-অনুগ্রহের কথা তাকে জানতে হবে। তা জানা যদি সম্ভব না হয়, তাহলে মানুষের পক্ষে এ দুনিয়ায় স্রষ্টার মর্জি মোতাবেক জীবন যাপন করাও সম্বব নয়। জীবনের প্রতিটি বাঁকে বাঁকে তাকে তাগুতের কাছে ধরা পড়তে হবে এবং আখিরাতে আল্লাহর সন্তুষ্টি অর্জন করা সম্ভব হবে না।

সুতরাং আল্লাহর নাম রাখার ব্যাপারে ভুল করা থেকে দুরে থাকো। ভাল নামই আল্লাহর উপযোগী এবং তার সাহায্যেই তাঁকে স্মরণ করা উচিত। তাঁর নাম ঠিক করার ব্যাপারে বিদ্রোপাত্মক দৃষ্টিভঙ্গী মারাত্মক পরিণতি ডেকে আনবে। তিনি মহান, তিনি পৃথিবীর যে কোন সাদৃশ্য থেকে মহাপবিত্র। সৃষ্টির কোন কিছু তাঁর সাথে তুলনা চলে না।

# বঙ্গবন্ধু বীচ

**(শেষের পাতার পর)**তো। কিছু দিন পরপর কর্তৃপক্ষ তু লে দি তো, কদ দিন বা দে আবার ব সে যে তো। একদিন রাস্তা দিয়ে হেঁটে আসছি, মুরগী বাজারের সামনে দেখি একটা নতুন সাইনবোর্ড। তা তে একপাশে কয়েকটা মোরগ মুরগী, অন্য পাশে হাতে আঁকা বঙ্গবন্ধুর ছবি। ওপরে যথারীতি জয় বাংলা জয় বঙ্গবন্ধু, মাঝখানে বড় করে লেখা 'বঙ্গবন্ধু মুরগী বাজার'। কে বা কারা কবে তুলেছে জানিনা তবে আমার চোখে প্রথম পড়লো। অফিসে এসে বার্তা সম্পাদক নজরুল হক ভাইকে বললাম। তিনি সঙ্গে সঙ্গে ফটোগ্রাফার হায়দারকে বললেন ওটার একটা ছবি তুলে আনতে। ছবি এসে গেল। এবং পরদিন একটা যুৎসই ক্যাপশন সহকারে ছাপা হয়ে গেল প্রথম পাতায়।

নিউজটা কেউ বঙ্গবন্ধু'র নজরে আনেন। তিনি তখন প্রধানমন্ত্রী। পরে জেনেছি ছবিটা দেখেই প্রচন্ড উষ্মা প্রকাশ করে সংশ্লিষ্টদেরকে অনতিবিলম্বে সাইনবোর্ডটা খুলে আনতে নির্দেশ দিয়েছিলেন। পরের দিনই গিয়ে দেখি ওটা আর নেই।

সে সময় সরকারি বিরোধীদলীয়- সবাই নিয়মিত পত্রপত্রিকা পড়তেন। প্রকাশিত সংবাদ নিবন্ধের গুরুত্ব দিতেন। আমরা সাংবাদিকরাও কাউকে ছেড়ে কথা বলতাম না। যে কারনে সবাই সাংবাদিকদেরকে ভয় করতো সমীহ করতো। তেলবাজী চাটামী চামচামী তখনও ছিল, কিন্তু গুরুত্ব পেতো সরকারের সমালোচনামূলক লেখা বা সংবাদ নিবন্ধাদী।

গত পনেরো বছরে অসংখ্য প্রতিষ্ঠান স্থাপনার নামের সাথে বঙ্গবন্ধু যোগ করা হয়েছে। হাল আমলে যে কোন কিছুর সাথে কোনরকমে এই একটা শব্দ যুক্ত করতে পারলেই যেন আলাদীনের চেরাগ হাতে এসে গেল! মন্ত্রী-এমপিদের কাছে গিয়ে দাঁড়ানো সরকারি কর্মকর্তাদের ওপর প্রভাব খাটানো থানায় গিয়ে হামতাম, ব্যবসায়ীদের ওপর চাঁদার চাপ- সবই আসান হয়ে যায়। বঙ্গবন্ধু নাম ব্যবহার করে এইসব ধান্ধাবাজী বন্ধের কেউ নেই। এ নিয়ে কেউ লিখলে এক শ' জন প্রধানমন্ত্রীর কাছে গিয়ে তার নিকুচি করে আসবে। চাই কি তার ফাটকবাসও নসীব হতে পারে।

বীচ শব্দের বাংলা অর্থ সমুদ্র সৈকত। যেখানে মানুষ গিয়ে স্নান করে লাফালাফি করে, কিছু একান্ত সময় কাটায়। আরও সহজ করে বললে জায়গাটা এক ধরনের উন্মুক্ত স্নানাশয়।

এই স্নানাশয়ের সাথেও বঙ্গবন্ধুর নাম লাগাতে হবে! সমুদ্র কিনারার দেশগুলোয়ই সৈকত থাকে। এ সবের নামকরণ হয় সাধারনত: কোন কাব্যিক বা রোমান্টিক শব্দ দিয়ে। দুনিয়ার কোথাও কোন 'জাতির পিতা'র নামে সী বীচ আছে এমনটা আমার জানা নেই। বিখ্যাত সব বীচ, যেমন ফ্লোরিডার মায়ামি বীচ, সিসিলিসের সোর্স দ্য আর্জেন্ট, ফ্রান্সের ডুয়েন ডু পায়লা, এন্টিগুয়ার শোয়াল বে, ক্যালিফোর্ণিয়ার গ্লাস বীচ, পানামার স্টারফিশ বীচ, গ্রীসের ফাকিস্ত্রা, পোয়ের্টোরিকোর ফ্লামেনকো বীচ, থাইল্যান্ডের কোহ ক্রাডান বা মেক্সিকোর হিডেন বীচ-সবগুলোরই স্থানীয় ভাষায় সুন্দর শব্দচয়নের মাধ্যমে নামকরন করা। একটা বীচের সাথে বঙ্গবন্ধুর নাম যুক্ত করার বুদ্ধি বা পরামর্শ কার উর্বর মস্তিষ্কপ্রসূত জানি না, যেই করুক এতে বঙ্গবন্ধুর ভাবমূর্তি উজ্জল হয় নি। 'বঙ্গবন্ধু মুরগী বাজারের' সাইন বোর্ড বঙ্গবন্ধু নিজে ভেঙ্গে আনতে বলেছিলেন, বীচ বা একটা স্নানাশয় থেকে তার নাম সড়িয়ে আনার কাজটা কে করবে!





# ট্রাম্পের কাছে দেয়া অভিযোগের ব্যাখ্যা প্রদান

(শেষের পাতার পর)

তুলেছিলো। সেই ঘটনার পর তিনি প্রকাশ্যে না আসলেও দীর্ঘদিন পর আবার প্রকাশে এসে তার সেই সময়ের ব্যাখ্যা দিলেন।

গত গত ২৪ ফেব্রুয়ারী শনিবার নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসে জুইশ সেন্টারে অনুষ্ঠিত এক হিন্দু সমাবেশে প্রিয়া সাহা প্রধান অতিথির বক্তব্যে তার ব্যাখ্যা দেন। 'হিন্দু মিলনমেলা নিউইয়র্ক' নামক একটি সংগঠনের ব্যানারে এই সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশের শুরুতে গীতা থেকে পাঠের পর মঙ্গলপ্রদীপ প্রজ্জলন করা হয়। আয়োজক সংগঠনের প্রধান রামদাস ঘরামির সার্বিক তত্ত্বাবধানে সমাবেশে সভাপতিত্ব করেন ডা. প্রভাত চন্দ্রদাস। আলোচনায় অংশ নেন এটর্নী অশোক কর্মকার, ড. দ্বীজেন ভট্টাচার্য, সোকরানী ধনপাত, শিতাংশু গুহ, সবিতা দাস প্রমুখ।

স্বাগত বক্তব্যে সুশীল সিনহা নতুন মন্ত্রিসভায় সংখ্যালঘু সম্প্রদায়ের কয়েকজনকে মন্ত্রী ও প্রতিমন্ত্রী নিয়োগ করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে বলেন, এবারের নির্বাচনের পরও সংখ্যালঘুরা নিগৃহীত হয়েছে, নৃশংস হত্যাকান্ডের শিকার হয়েছে। আশা করছি, অবিলম্বে ঘাতকেরা গ্রেফতার হবে এবং দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হবে। তাহলেই ধর্মীয় সংখ্যালঘুরা ভয়হীন চিত্তে বসবাসের সুযোগ পাবে।

সমাবেশে প্রিয়া সাহা বলেন, একটা কথা বলা খুব দরকার। আপনারা হয়তো অনেকে জানেন না যে, আমি কেন প্রেসিডেন্ট ট্রাম্পের কাছে এই কথাগুলো তুলে ধরেছিলাম। এসব সংগঠন (বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ থেকে যেমন জেনেছি, নিয়মিত বুঝেছি, আর কেউ যদি মনে করে যে হঠাৎ করে (ট্রাম্পের সঙ্গে) দেখা হয়েছে আর বলেছি, এটা কিন্তু তা নয়। ঐ পরিসংখ্যানগুলো, বিষয়গুলো তো আমার মধ্যে থাকতে হয়েছে, জানতে হয়েছে। যা আমাকে গুছিয়ে বলতে হয়েছে আমার সামর্থ্য অনুসারে এবং ঠিক ৪৩ সেকেন্ডের মধ্যে আমি অনেকগুলো বিষয় বলে ফেলেছি। যা দিয়ে মানুষ উজ্জীবিত হয়েছে, তোলপাড় করেছে, প্রতিবাদ করেছে, সচেতন হয়েছে, সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। তার পেছনের কারণটা বলি, আমি ছোটবেলা দেখেছি আমার পূর্বপুরুষ মধ্যস্বত্ত্বভোগী বা তালুকদার বা ছোট জমিদার ছিল। তাদের অনেক জমি ছিল। এখন পর্যন্তও আমাদের ৩শ' একর সম্পত্তি রয়েছে আমার বাপ-দাদাদের। যে জমিটা এই মুহূর্তে দখল করে খায় রাজনৈতিক সবচাইতে প্রভাবশালী ব্যক্তিদের নাম ব্যবহার করে। বিষয়টি রাজনৈতিক নেতারা জানেন।

প্রিয়া সাহা বলেন, একটি গ্রামকে কিভাবে সিস্টেম্যাটিকভাবে উচ্ছেদ করে তার একটা প্রকৃষ্ট উদাহরণ হলো আমাদের গ্রাম। কী কী করা হয় সেখানে, ধরেন যখন ফসল হয় আমরা রাতে ঘুমাতে পারতাম না। সবাই বলে যে আযানের ধ্বনি শুনলে তাদের মন ভালো হয়ে যায়, আর আমি আঁতকে উঠি। কারণ ভোর রাতে তারা গরু ছেড়ে দিতো, আযানের পর তারা হয় ফসল কেটে নিয়ে যাবে, নয়তো আক্রমণ করবে। আযানের ধ্বনিতে আমি শিশুকাল থেকেই আতঙ্কে ছিলাম। সকাল হলেই মনে হয় এই বুঝি আক্রমণ করলো।

প্রিয়া সাহা বলেন, দ্বিতীয় পর্যায়ে হলো তারা আমাদের ঘের থেকে মাছ ধরে নিয়ে যাবে। আমাদের বিধবা জেঠিমা ছিলেন, জেঠির একটি গরু ছিল, গাভী, স্বামী মারা গেলে সেটি বাবার বাড়ি থেকে দিয়েছিল, গাভিটি প্রসবের কাছাকাছি ছিল। তেমনি অবস্থায় গাভিটি জবাই করে খেয়ে ফেলে এবং বাছুরটা ভাসিয়ে দেয় নদীতে। কিন্তু তার কোন বিচার হয়নি। তারপরে, আমাদের অঞ্চলে (পিরোজপুর) বানিয়ারি নামে একটি গ্রাম আছে, সেই গ্রামে দুই/তিন বছর পরপরই একজন মানুষকে নৃশংসভাবে হত্যা করা হয়। সেই পাড়ায় বৈষ্ণব বাড়ির একটি ছেলেকে মেরে ফেললো। হত্যার পর সুপারি গাছে চারদিকে চার হাত-পা বেঁধে ঝুলিয়ে রাখা হয় লাশটি। ছেলেটির চোখ ওপড়ে ফেলা হয়েছিল। সেই বৈষ্ণব পাড়ায় দেড় শতাধিক হিন্দু পরিবার ছিল, ঐ ছেলেটিকে হত্যার পর ঝুলিয়ে রাখার বিভৎস দৃশ্য দেখে ৬ মাসের মধ্যে পুরো বৈষ্ণব পাড়ার সকলে ভারতে চলে গেল। এর তিন বছর পর আরেকজনকে হত্যা করা হয় পার্শ্ববর্তী পাড়ায়। তারও চোখ উঠিয়ে মধ্যবানিয়ার পাড়ার যে সবচেয়ে ধনী পরিবার, তাদের বাড়ি সংলগ্ন পুকুরে ওই লোকটির লাশ চুবায়ে রাখলো, শুধু মুখটা পানির ওপরে। যারা তাকে হত্যা করেছে তাদের সকলেই চেনে। বলেন, শেখরা করে, মোক্তাররা করে, মোল্লারা করে-সকলেই তা জানে। এরপর ৩ বছর পাড় হতে না হতেই উত্তর বানিয়ারিতে ঘরে ঢুকে আমার এক কাকাতো ভাইকে টুকরো টুকরো করে হত্যা করে। সে ছিল প্রাইমারি স্কুলের শিক্ষক। তার স্ত্রীও শিক্ষক। তাদের দুটো বাচ্চা। তার ঠাকুরদাও প্রাইমারি শিক্ষক ছিল। এই যে, মানুষ হত্যা করে ক্রমান্বয়ে একটি আতঙ্ক তৈরি করে। তার কোন বিচার হয় না। আমার গ্রামে আমার এক কাজিন-ব্রাদার বীরেন বিশ্বাসকে দিনের বেলায় পিটিয়ে হত্যা করলো মোল্লারা, তারও কোন বিচার হয়নি।

প্রিয়া সাহা প্রশ্ন রেখে বলেন, আপনারা বলবেন মামলা হয়েছে? প্রতিটির হত্যাকান্ডের ব্যাপারেই মামলা হয়েছে। আমাদের অঞ্চলের মানুষেরা মামলা করতে খুব জানে। কিন্তু ঐ যে, যেই জজ, সেই পুলিশ, সেই উকিল, সরকারি উকিল, ফাইন্যালি কিছু হয় না। এভাবেই প্রথমত: ফসল কেটে নেয়া, দ্বিতীয়ত: কিছুদিন পরপরই হত্যাকান্ড সংঘটিত করা, তৃতীয় যে কাজটি করে তারা সেটি হলো ফলস মামলা দেয়া। আমাদের গ্রামে এমন অনেক ব্যক্তি আছে, আত্মীয়-স্বজন মানে বংশের লোক, তাদের বিরুদ্ধে ৫০, ৬০, ৭০টি পর্যন্ত মামলা দেয়া হয়, সবগুলোই 'ফলস'। এ ধরনের মামলা দিয়ে বছরের পর বছর সহজ-সরল লোকজনকে হয়রানি করা হচ্ছে। অর্থাৎ বছরের বড় একটি সময় কোর্টে অতিবাহিত করার পরিবর্তে অনেকে ইন্ডিয়ায় চলে গেছেন।

প্রিয়া সাহা বলেন, সর্বশেষ যেটি করা হলো, আমাদের জায়গার ওপর একশতটি চিংড়ির ঘের আছে, চিংড়ির ঘের থেকে অনেক টাকা আয় হয় তা সকলেই জানেন। সেই চিংড়ির ঘেরগুলো তারা দখল করে নিলো। ২০০৪ সালে যখন দেলাওয়ার হোসাইন সাঈদীরা ক্ষমতায়, সে সময় আমার বাবার জমির ওপর বিশাল ইটের ভাটা করলো। কত মামলা-মোকদ্দমা করা হলো। কেউ শোনে না। এখনও দুটি ইটভাটা আছে, ইট কাটা হয় এবং এই ইট দিয়ে বাগেরহাটে সকল কন্সট্রাকশন কাজ করে। পিরোজপুরে সে বড় কন্ট্রাক্টর, এবং আমার বাবার জায়গার ওপরে সেই ইটের ভাটা।

উল্লেখ্য, প্রিয়া সাহার বড়ভাই বীর মুক্তিযোদ্ধা ও বাংলাদেশের অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব জগদ্বীশ চন্দ্র বিশ্বাস (৬৮) শনিবার ঢাকায় পরলোকগমন করেছেন। এই বক্তব্যের সময় সে প্রসঙ্গ উল্লেখ করে বলেন, ভাইটি চলে গেলেন চিরতরে, মুখটি দেখতে পেলাম না শেষবারের জন্যেও। তাদের সবচেয়ে বড় ভাইটির বিদেহী আত্মার শান্তির জন্যে সকলের দোয়া চান প্রিয়া সাহা।

তিনি আরও উল্লেখ করেন, ট্রাম্পের কাছে বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায় নিয়ে কথা বলার পর দেশে ফিরেননি প্রিয়া সাহা। ওয়াশিংটন ডিসিতে একটি এনজিওর শেল্টারে রয়েছেন এবং বাংলাদেশের পরিস্থিতি নিয়ে কংগ্রেস ছাড়াও আন্তর্জাতিক বিভিন্ন মহলে দেন-দরবার করেন বলে সমাবেশে উল্লেখ করেন এবং তিনি বাংলাদেশের পরিস্থিতির ব্যাপারে সকলকে সজাগ থাকার আহবান জানান।

# সাস্ট এলামনাই এসোসিয়েশনের

(শেষের পাতার পর)

গত ১৮ ফেব্রুয়ারী রোববার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীরা এই বর্ণাঢ্য অনুষ্ঠান আয়োজন করে নিউইয়র্ক শহরের কুইন্স বুলেবার্ডের আগ্রা প্যালেস পার্টি হলে সন্ধ্যা ৬টা থেকে মধ্যরাত পর্যন্ত এই অভিষেক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। 'সাস্টিয়ান নাইট ও ইনোগোরেশন সিরিমনি' ব্যানারে যুক্তরাষ্ট্রের মাটিতে প্রথমবারের মত এই মিলনমেলায় অংশ নেয় নিউইর্য়ক, নিউজার্সী, কানেকটিকাট, ভার্জিনিয়া, মিশিগানসহ যুক্তরাষ্ট্রের অন্যান্য স্টেটে অবস্থানরত শতাধিক প্রাক্তন শিক্ষার্থীরা ও তাদের পরিবারের সদস্যরা। এছাড়াও বাংলাদেশ, যুক্তরাজ্য, কানাডা থেকে আগত প্রাক্তন শিক্ষার্থীরা এই অনুষ্ঠানে অংশ নেন। ক্যাম্পাসের বিভিন্ন সময়ের স্মৃতিচারণসহ সহপাঠী, সিনিয়র-জুনিয়র ও অতিথিবৃন্দদের আলাপচারিতায় মুখর হয়ে উঠে পুরো অনুষ্ঠান। কুইন্সের আগ্রা প্যালেসে যেন এক টুকরো সাস্টে পরিণত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কনস্যুলেট জেনারেল নিউইর্য়কের কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা, বিশেষ অতিথি ছিলেন এনওয়াইপিডির ১০৪ প্রসিস্কংটের (পুলিশ অফিস) এক্সিকিউটিভ অফিসার ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সাবেক শিক্ষার্থী ক্যাপ্টেন এ.কে.এম শফিউল আলম প্রিন্স এবং সম্মানিত অতিথি ছিলেন বিশ্ববদ্যিালয়ের প্রাক্তন পরীক্ষা নিয়ন্ত্রক সালেকুর রহমান চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের ফিজিক্যাল সায়েন্সের সাবেক ডীন ও পদার্থ বিজ্ঞান বিভাগের সাবেক বিভাগীয় প্রধান প্রফেসর ড. হাবিবুল আহসান।

এছাড়া বাংলাদেশ থেকে আগত অতিথি শিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন পদার্থ বিজ্ঞান বিভাগের বর্তমান বিভাগীয় প্রধান প্রফেসর ড. নাজিয়া চৌধুরী, সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহিম চৌধুরী খোকন, সমাজ বিজ্ঞান বিভাগের সাবেক শিক্ষক প্রফেসর ড. এ.এইচ.এম বেলায়েত হোসেন, নিউইর্য়ক পুলিশ হেডকোয়ার্টারের ক্রিমিনাল জাস্টিস ব্যুরোতে কর্মরত লেফট্যানেন্ট সাজেদুর রহমান সহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

অনুষ্ঠানে বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয় এলামনাই অ্যাসোসিয়েশন অব ইউএসএ এর এক্সিকিউটিভ বোর্ডের সদসদ্যরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতেই মনোরম পরিবেশে বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সঙ্গীতের পাশাপাশি কোরাস পরিবেশন করে নতুন প্রজন্মের শিশুরা। এরপর স্বাগত বক্তব্যে দেন সাস্ট এলামনাই অব ইউ.এস.এর প্রধান উপদেষ্টা এবং বিশ্ববিদ্যালয় তথা অর্থনীতি বিভাগের প্রথম ব্যাচের শিক্ষার্থী মোঃ ফরিদ আলম। তিনি ২১ সদস্য বিশিষ্ট নতুন কমিটিকে সবার সামনে পরিচয় করিয়ে দেন এবং তাদেরকে ফুল দিয়ে বরণ করে নেন অতিথি শিক্ষকরা। বিশ্ববিদ্যিালয়ের ৪র্থ ব্যাচের সাবেক শিক্ষার্থী বেলায়েত চৌধুরী সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ ব্যাচের শিক্ষার্থী সায়েদ জাবেদুল মুনির সাধারণ সম্পাদক ছাড়াও কার্যনির্বাহী কমিটির অন্যান্য সদসদ্যরা হলেন সহ-সভাপতি আহমেদুর রহমান রণি, হুমাইরা সুলতানা, আলমগীর হোসেন, সহ-সাধারণ সম্পাদক মাহবুব আহমেদ মাসুম, অর্থ সম্পাদক আজহার আহমেদ, সহ-অর্থ সম্পাদক মোহাম্মদ শফিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মোঃ মঈনুল হোসেন বাবু, সহ- সাংগঠনিক সম্পাদক সাদিকুর রহমান সুফিয়ান, প্রচার ও প্রকাশনা সম্পাদক সিকান্দর এম. হক, সাংস্কৃতিক সম্পাদক শাকির হোসেন, মহিলা সম্পাদক ফারহানা ইসলাম, অফিস সম্পাদক তাসফিক রহমান এবং কার্যকরী সদস্য ড.আলাউদ্দিন ভূইয়াঁ, অসীম কুমার সরকার, মিসকাত জাহান নিশু, নাজনীন আক্তার মৌসুমী, আ.ক.ম ইলিয়াছ, ওমর শোয়েব ও আহমেদ ফাহাদ।

এরপর সাস্ট এলামনাই অব ইউ.এস.এর ইতিহাসে প্রথমবারের মত প্রকাশিত স্মরণিকার মোড়ক উম্মোচন করেন অনুষ্ঠানের বিশেষ অতিথি বিশ্ববিদ্যিালয়ের প্রাক্তন পরীক্ষা নিয়ন্ত্রক সালেকুর রহমান চৌধুরী এবং বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের সাবেক বিভাগীয় প্রধান প্রফেসর ড. হাবিবুল আহসান। উপস্থিত অতিথিরবৃন্দসহ প্রাক্তন শিক্ষার্থীরা স্মরণিকার সম্পাদক বর্তমান কমিটির প্রকাশ ও প্রচারণা সম্পাদক অর্থনীতি বিভাগের প্রাক্তন শিক্ষার্থী সিকান্দর হকের ভূয়সী প্রশংসা করেন।

এদিকে পুরো অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নবনির্বাচিত সভাপতি বেলায়েত চৌধুরী এবং সঞ্চালকের দায়িত্বে ছিলেন নবনির্বাচিত সহ-সাধারণ সম্পাদক মাহবুব আহমেদ মাসুম।

অনুষ্ঠানে কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা বলেন, আমি আশা করছি সাস্ট এলাইনাই এ্যাসোসিয়েশন অব ইউএসএ'র সদস্যরা একই প্ল্যাটফর্মে অবস্থান করবেন এবং এলামনাইয়ের মিশন ও ভিশনকে সু-প্রতিষ্ঠিত করার জন্য নতুন কমিটি তাদের অর্পিত দায়িত্ব পালন করবেন। তিনি আরও বলেন, সাস্ট এলামনাই বর্তমানে যে ঐক্যবদ্ধস্থানে আছে সেটা আপনারা ধরে রাখবেন এবং ভবিষ্যতে আপনারা যদি ঐক্যবদ্ধ থাকেন তাহলে সাস্ট উইল বি সাস্টেইন।

ক্যাপ্টেন এ.কে.এম শফিউল আলম প্রিন্স তার বক্তব্যে বাংলাদেশী তরুণ প্রজন্মদের নিউইর্য়ক পুলিশে যোগদানের উদাত্ত আহবান জানান।

বিশ্ববদ্যিালয়ের প্রাক্তন পরীক্ষা নিয়ন্ত্রক সালেকুর রহমান চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয়ের এসোসিয়েশন প্রতিষ্ঠার অন্যতম লক্ষ্য হল মিলনমেলা, ভ্রাতৃত্ববোধ, সহমর্মিতা এবং বিশ্ববিদ্যালয়ের কল্যাণার্থে ভাল কিছু করার প্রয়াস। প্রাথমিক অবস্থায় স্মৃতি হিসেবে শাবিতে ৫ টি ফ্যাকাল্টিতে অনার্সে প্রথম স্থানকারীদের জন্য এই এসোসিয়েশনের নামে প্রতিবছর ৫ টি মেডেল প্রদানে নতুন কমিটির প্রতি তিনি উদাত্ত আহবান জানান। এছাড়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পিছনে প্রথম ভিসি প্রয়াত প্রফেসর ড. সদরুদ্দীন চৌধুরী অনন্য অবদানের কথা তিনি তার বক্তব্যে তুলে ধরেন।

প্রফেসর ড. হাবিবুল আহসান বলেন, এ কমিটি যেন ভবিষ্যতে সুন্দরভাবে কাজ করতে পারে এই আশা ব্যক্ত করি। পাশাপাশি সকল সাস্টিয়ানরা নিজেদের মধ্যে সুসম্পর্ক বজায় রেখে দল, মত নির্বিশেষে এসোসিয়েশনকে যেন সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে পারে এ কামনা করি।

প্রফেসর ড. নাজিয়া চৌধুরী বলেন, সত্যিকার অর্থে এলামনাই হচ্ছে একটি বিশ্ববিদ্যালয়কে তুলে ধরে, যারা এলাইমনাইয়ে আছেন তাদেরকেই দেখেই মানুষ একটি বিশ্ববিদ্যালয়ের মানদন্ড সহজেই করতে পারে।

অনুষ্ঠানে উপস্থিত অতিথিদের মধ্যে এলামনাইয়ের প্রধান উপদেষ্টা মোঃ ফরিদ আলম তার বক্তব্যে বলেন, যুক্তরাষ্ট্রে সাস্টিয়ানদের ভবিষ্যত উজ্জ্বল। আমরা সবাই যদি ঐক্যবদ্ধ থাকতে পারি তাহলে আমার বিশ্বাস সাস্টিয়ানরা আমরা প্রবাসের বুকে অনন্য উজ্জ্বল দৃষ্টান্ত তৈরি করতে পারব।

নবনির্বাচিত কমিটির সাধারণ সম্পাদক বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ ব্যাচের শিক্ষার্থী সায়েদ জাবেদুল মুনির তার বক্তব্যে বলেন, আমার উপর যে গুরু দায়িত্ব দেয়া হয়েছে তা যথাযথ পালনে আপ্রাণ চেষ্টা করব।

সভাপতি বেলায়েত চৌধুরী বলেন, সাস্ট অ্যালামনাই অন্যতম বড় লক্ষ্য হচ্ছে বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের মধ্যে সামাজিক ও সাংস্কৃতিক সম্পর্কের উন্নয়ন সাধন, তাদের মধ্যে ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক গড়ে তোলা ও পরস্পরের সঙ্গে নেটওয়ার্কিং তৈরি করা। তিনি অনুষ্ঠান সফল করার জন্য যেসব ব্যক্তি এবং প্রতিষ্ঠান স্পন্সর দিয়ে আর্থিকভাবে সহযোগিতা করেছেন তাদেরকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান। সভাপতি বেলায়েত চৌধুরী অদূর ভবিষ্যতে আরো বড় পরিসরে এই ধরনের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

সবশেষে দেশীয় পরিবেশে নৈশভোজের পর মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী রাজীব ভট্টাচার্য এবং ত্রিনিয়া হাসান।

# আদালতে ইলিয়াসের বিরুদ্ধে ২ অভিযোগ, জামিনে মুক্ত

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্ক পুলিশের হাতে গ্রেপ্তার হওয়া যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশী সাংবাদিক ও ইউটিউবার ইলিয়াস হোসেন তৃতীয়বারের মতো আদালত থেকে জামিন পেয়েছেন। স্থানীয় সময় গত ১৯ ফেব্রুয়ারী সোমবার সকালে নিউইয়র্কের কুইন্স ফৌজদারি আদালতে হাজির করা হলে বিচারক ইউজিন এম গুয়ারিনো তাকে জামিনের আদেশ দেন। একই সময় তার বিরুদ্ধে দুটি যোগাযোগ মাধ্যমে মামলার বাদীকে হয়রানি, জবরদস্তি ও ভীতি সৃষ্টির দুটি অভিযোগ গঠন করা হয়। আদালতে নিজেকে নির্দোষ দাবি করেন ইলিয়াস হোসেন। এর আগে নিউইয়র্কের কাছে একটি দ্বীপ এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে নিউইয়র্ক পুলিশ। গ্রেপ্তারের পর জ্যামাইকার একটি হাজতে রাখা হয় ইলিয়াসকে। সোমবার সকালে তাকে জামিনের জন্য আদালতে হাজির করা হয়।

নিউইয়র্কের কুইন্স ফৌজদারি আদালতে সাংবাদিক ও ইউটিউবার ইলিয়াস হোসেনের বিরুদ্ধে বাদীকে আক্রমণাত্মক হয়রানি এবং জবরদস্তি, ভীতি সৃষ্টি ও ইনজুরির ধারায় ২টি অভিযোগ গঠন করা হয়। তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে সর্বোচ্চ ৭ থেকে ১০ বছরের কারাদন্ড হতে পারে বলে আইনজীবীরা ধারণা করছেন।

সম্প্রতি মামলার বাদীর বাড়িতে বোমা হামলার হুমকিসহ আদালত অবমাননার অভিযোগে ইলিয়াস হোসেনের নামে হুলিয়া (পলাতক আসামিকে হাজিরের নোটিশ) জারি করে পুলিশ। অনলাইন অ্যাকটিভিস্ট মিল্টন জ্যাকব ও প্রিমাা রব্বনীর করা মামলায় ১ ফেব্রুয়ারী পুলিশের কাছে আত্মসমর্পণ করতে গেলে তাকে আটক করা হয়। তবে ছেড়ে দেওয়া হয় ছয় ঘণ্টা পর। ১৭ জানুয়ারী আদালতে হাজিরা দেওয়ার কথা থাকলেও তিনি উপস্থিত হননি। নিউইয়র্কের কুইন্স কাউন্টি পুলিশ ডিপার্টমেন্ট ইলিয়াসকে ধরিয়ে দেওয়ার জন্য তার বাড়ির দরজা ও শহরের বিভিন্ন স্থানে 'ধরিয়ে দিন' পোস্টার লাগায়।

অভিযোগ রয়েছে, ২০ জানুয়ারী দুপুরে মামলার বাদী মিল্টন জ্যাকবকে ফোন করে তার বাড়িতে বোমা নিয়ে আসবেন বলে হুমকি দেন ইলিয়াস। জ্যাকব মিল্টন ও প্রিমা রব্বনীকে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও প্রকাশ করেন ইলিয়াস, যা নিয়ে শুরু হয় ব্যাপক আলোচনা। তবে ভিডিওটি মানহানিকর ও ভিত্তিহীন দাবি করে সিভিল ও ক্রিমিনাল আইনে ইলিয়াস হোসেনের বিরুদ্ধে মামলা করেন মিল্টন ও প্রিমা রব্বনী। এরই পরিপ্রেক্ষিতে ইলিয়াসের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন যুক্তরাষ্ট্রের আদালত। (সূত্র: দৈনিক সমকাল)






# ব্যাপক আয়োজনে জালালাবাদ এসোসিয়েনের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

**নিউইয়র্ক:** অমর একুশে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃ ভাষা দিবস উপলক্ষ্যে গত ২০ ফেব্রুয়ারী মঙ্গলবার নিউইয়র্ক এর এষ্টোরিয়াস্থ জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক এর নিজস্ব ভবনে অমর একুশে মায়ের ভাষা রক্ষায় আত্মদানকারী ভাষা শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া, আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যদিয়ে পালিত হয়।

এসোসিয়েশনের সভাপতি শাহীন কামালীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মঈনুল ইসলাম এর পরিচালনায় সংগঠনের সম্মিলিত একুশ উদযাপন কমিটির আহবায়ক এবং কার্য নির্বাহী কমিটির সহ সভাপতি শেখ জামাল হোসেইন ও সদস্য সচিব কমিটির প্রচার ও দপ্তর সম্পাদক সাহিদুল হক রাসেল এর তত্ত্বাবধানে কর্মসূচীগুলো অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তারা মায়ের ভাষা বাংলার জন্য আত্মদানকারী শহীদদের শ্রদ্ধাভরে স্বরণ ও তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। সেই সাথে প্রবাসে বাংলাদেশী নতুন প্রজন্মের কাছে সঠিক ভাবে বাংলা ভাষা চর্চার গুরুত্বারোপ ও জালালাবাদ ভবনে সাপ্তাহিক বাংলা স্কুল/ইনষ্টিটিউট করার প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়াও জালালাবাদ ভবনে ব্যাপক সংখ্যক জালালাবাদবাসীর উপস্থিতিতে একটি সফল অনুষ্ঠান আয়োজন করার জন্য প্রবাসী জালালাবাদবাসী অত্যন্ত উৎফুল্ল প্রকাশ করেন।

সভায় বক্তব্য রাখেন জালালাবাদ এসোসিয়েশনের বোর্ড অব ট্রাষ্টি ইঞ্জিনিয়ার সৈয়দ ফজলুর রহমান, সহ সভাপতি দুরুদ মিয়া রনেল, সহ সাধারণ সম্পাদক আতাউল গনি আসাদ, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক আব্দুল এম চৌধুরী উমেল, আইন ও আন্তর্জাতিক সম্পাদক দেওয়ান মনজু, সাবেক সাধারণ সম্পাদক ও বর্তমান কার্যকরী সদস্য মিজানুর রহমান চৌধুরী শেফাজ, সদস্য হেলিম উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট কলামিষ্ট, লেখক ও প্রাবন্ধিক অধ্যাপক ম. আমিনুল হক চুন্নু, বিশিষ্ট শিক্ষাবিদ, সাবেক ব্যাংক কর্মকর্তা ফারুক আহমেদ, বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবি শেখ আখতারুল ইসলাম, প্রফেসর আজহার আহমদ, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমল, সিলেট সদর সমিতির সভাপতি দেওয়ান শাহেদ চৌধুরী, সাধারণ সম্পাদক হূমায়ুন আহমেদ চৌধুরী, সহ সভাপতি শ্যামল কান্তি, শাহ সেলিম আহমেদ, সম্পাদক নুরুল হক লাল, উপদেষ্টা মনসুর আহমেদ, বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি আজিজুর রহমান সাবু, সিলেট সদর সোসাইটির সদস্য আহমেদ চিশতি বাবু, মেহরাজ ফাহমি, মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকার সভাপতি ফজলুর রহমান, জকিগঞ্জ সোসাইটি ইউএসএ ইনক-এর সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জালালাবাদ এসোসিয়েশন এর সাবেক কোষাধ্যক্ষ পংকি মিয়া, সাবেক প্রচার সম্পাদক আব্দুল করিম, সাবেক কর্মকর্তা আবুল খায়ের মজনু, জালালাবাদ ও বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তা ও বিশিষ্ট ক্রীড়াবিদ মখন মিয়া, মরহুম কামাল আহমদের কন্যা রোমানা আহমেদ, সিলেট সদর সমিতির উপদেষ্টা রিয়াজ উদ্দিন কামরান, বিয়ানী বাজার সমিতির সাবেক কর্মকর্তা বদরুল উদ্দিন, ওসমানী নগর এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক আব্দুস সালাম, বিশিষ্ট রিয়েল এষ্টেট ব্যবসায়ী মোহাম্মদ বিলাল চৌধুরী, জ্যাকসন হাইটস বিজনেস এসোসিয়শনের সাংগঠনিক সম্পাদক আতিকুল ইসলাম জাকির, বিশিষ্ট ব্যবসায়ী গোলাম জিলানী খান (বাহার), মৌলভীবাজার ডিষ্ট্রিক্ট এসোসিয়েশনের কোষাধ্যক্ষ কামরুল হোসেন, সম্পাদিকা রুবিয়া বখত, সদস্য খলিলুর রহমান, বাবু বকুল পাল, শাহিনুল ইসলাম, হাসনাত তালুকদার, মোতাহার মিয়া, মহসিন মিয়া, মাহবুব চৌধুরী প্রমুখ।

চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ী হলো- হালিমা ইসলাম, অহনা হোসেন এবং মেহমেত আবরার ইসলাম। 'মাতৃ ভাষা তথা মায়ের ভাষা' অনুষ্ঠানে বিপুল সংখ্যক মহিলা ও ছেলে-মেয়েদের উপস্থিতি অনুষ্ঠানকে সফল ও স্বার্থক করেছে। উল্লেখযোগ্য মহিলাদের মধ্যে ছিলেন নাফিসা এইচ চৌধুরী, শবনম চৌধুরী, হাফসা রহমান, তাসমিয়া চৌধুরী, মরিয়ম খান, নিনা হোসাইন, অহনা হোসাইন প্রমুখ।

অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী দম্পতি তাজ-প্রমী এবং সিলেটের নতুন প্রজন্মের জনপ্রিয় তরুণ শিল্পী অপু রহমান। সবশেষে নিউইয়র্ক সময় রাত ১২ঃ০১ মিনিটে জালালাবাদ ভবনের সামনে নির্মিত অস্থায়ী শহীদ মিনারে ভাষা শহীদদের স্মৃতির প্রতি ফুলের তোড়া দিয়ে শ্রদ্ধা নিবেদন করে অনুষ্ঠানের পরিসমাপ্তি হয়। -প্রেস বিজ্ঞপ্তি।


হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্দ্ব * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্বতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED



ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

Each Office is Independently Owned and Operate



ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine — সীমিত সময়ের জন্য 15% Off — Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মনিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

# সাহিত্য সাময়িকী

## বিবির মোকাম

**মঈনুস সুলতান**

আকাশের আলোকিত নৌবহর হেলে পড়লে
রজনীর মধ্যযামে,
আত্মহারা আশিকেরা জড়ো হয় পাকুড়ের গোঁড়ায়
মজমা জমে ওঠে বিবির মোকামে,
সিঁড়িতে মাথা কুটে- দেখাও পথ- তরাও হে মুর্শিদ,
ধুপকাঠির সুরভিত শিল্পে আমিও সমর্পণ করি আমার সমিধ।
পুড়ে বৃক্ষের ভগ্নাংশ
জিকিরের জোয়ার লাগে চাঁদোয়ার পালে,
পাবো কী পথের দিশা জানি না- কী লেখা আছে কপালে।

চৌবাচ্চার শ্যাওলামাখা পরিসরে
রঙিন মাছেরা ছড়ায় বর্ণের হাহাকার,
ছায়া ফেলে আরশির জলমগ্ন ঘরে
কালপুরুষের একাকী সংসার।

## অবেলার গল্পে

**সুজিত মান্না**

আমার অবেলার গল্পে একে অপরের উপর নির্ভরতার কোণ তৈরি করি
কখনো গভীর ছায়া যেন মেঘের আড়ালে ঢেকে গেছে
তীর্থের চাঁদ

উঁকিঝুঁকি মেরে দেখি, তোমার অভিমান বেড়ে উঠলে
লাট্টুর মত পাক খায় সমস্ত অক্ষরহীন জীবন

অথচ আমার এই অবেলার গল্পে কোনো আড়ম্বর নেই; ভিত নেই
যাকে ধরে জীবন কাটিয়ে দেওয়া যায়

এই অবেলার গল্পেই আমি
দীর্ঘতর হেঁটে যাওয়ায় তোমাকে তীব্রভাবে দেখি

কখনো গভীর ছায়া- অথচ তোমাকে খুঁজি তীব্রভাবে

## পূর্বাপর

**তোফায়েল তফাজ্জল**

এক রকম যায় না দিন,
উঠানামা করে। নদী ও সাগরে পানি বাড়ে কমে।
আকাশের মুখাবয়বেও পড়ে বদলের রঙ,
ফণা তোলা রূপ থেকে ফিরে আদিরূপে।
তাই, পূর্বাপর পাঠ না করে কাউকে
দুধে বাছিও না কাঁটা বা বাতাসে বাঁধিও না গিরা।

মতামত জানাতে সময় নিচ্ছে ঢের,
তবু, যেও না জাবর কাটতে
হয়ে যাবে লেবু তিতা।
বেশি শক্ত করতে চাইলে ছিঁড়ে যায় রশি,
ক্যাঙারুর লাফের গতিতে বেড়ে চলে জটিলতা,
ধস নামে পদক্ষেপে, ডাল হয়ে যায়
রুচিবোধ, স্বপ্ন-সম্ভাবনা।
ঝড়ের কবলে পড়ে সম্ভাবনা-বৃক্ষ ।

এসবে না হলে খাড়া কান
শেওলা বা কাঁটায় নেবে পায়ের হিসাব,
পড়বে ঘুঘু ফাঁদে। ওঁৎ পেতে থাকবে গর্ত
বা বাঘ হলেও ধরা খাবে ভেড়া-ভ্যা-তে।

## আটপৌরে কাব্য

**রানাকুমার সিংহ**

ভেসে থাক কুয়াশার মেদে
ঝরে পড় শিশিরের জলে
হৃদয়ে তোমার মাখামাখি
দেখি রোজ ঘাস-মখমলে!

হাসি মেখে উড়ে উড়ে যাও
ধরতে পারি না এই হাতে
তুমিও নিঠুর হতে পারো?
ব্যথা পাই আমি রোজ তাতে!

তুমিও জলের মতো নারী
হৃদয়ের বোনা প্রিয় ফুল
এসো কাছে, এসো কাজে আজ
ছুঁয়ে যাব বেণি বাঁধা চুল!

## এসো আগুন হই

**বদরুজ্জামান জামান**

দৃশ্যের মুখোমুখি প্রতিবিম্ব
আড়াল থেকে গারদের চোখ বেয়ে ঝরে ঝর্না
অনাবৃত দেহে উন্মাদ হাওয়ায় ডাক এল-
এসো আগুন হই।

আদি গহ্বরে জমা হয় প্রস্তরাজি
মাতাল বৃষ্টি আর রৌদ্রের লুকোচুরি দেখে মরুপর্বতসারি,
জেগে ওঠে তারা সবুজ শ্রাবন্তী কুমারী পোশাকে।

এসো অঞ্জলি ভরে ফাগুনের আগুন মাখি গায়ে
জাতির শরীরে আজ রক্তবরফ
অথচ কৃষ্ণচূড়া রঙ স্বপ্ন আঁকে অনন্তলোকে।



## আমার যখন প্রেম ছিলো

**দীপঙ্কর ইমন**

আমাদের যখন প্রেম ছিলো
নদীর কাছে শিখেছিলাম
অকৃপণ রসায়ন শাস্ত্র।

পঞ্চমীর চাঁদ,
তোমার কাঁচা বুক রাঙিয়ে দিয়েছিলো
অস্পষ্ট জ্যোৎস্নায়।

তুমিও তো সুরঞ্জনা।
তবু,
আমি ঈর্ষান্বিত হয়ে বলবো না
যেও না কো ওই যুবকের কাছে।


এখন,
আমার হাতের মুঠোয় হাজার যুবতী চাঁদ
কামুক কবিতারা নেচে চলছে
তা তা থৈ থৈ

অথচ সুরঞ্জনা
আমি রসায়ন ভুলে যাচ্ছি
স্পষ্ট জ্যোৎস্নাতেও
আমি খুঁজে পাচ্ছি না পূর্ণিমা।

আমাদের সহজপাঠের সেই নদীটির
রেখাও আর অবশিষ্ট নেই।


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com


BD CARGO SERVICES
বি.ডি কার্গো সার্ভিস
আমাদের সেবা সমুহ:
আমেরিকা টু বাংলাদেশ
বাংলাদেশ টু আমেরিকা
যে কোন পরিমানের মালামাল (সর্বোচ্চ ২৩কেজি/ ৫০পাউন্ড)
দ্রুতসময়ে মালামাল প্রেরন
স্বল্প খরচে পার্সেল পাঠানো হয়
ফ্রি প্যাকেজিং
ডোর টু ডোর সার্ভিস,
City Delivery
World Wide
Fast Delivery
USA Location :
Office & warehouse
150-43,Shore Avenue,
Jamaica,
NY-11433
+1 516-983-7381
Bangladesh Location :
Contact: MD.Mehedi Hasan
House:08 Road -03
Sector:01, Uttara
Dhaka: 1230
Phone:+88 01738057551
Contact Info
+1 347-279-3120 • +1 516-983-7370
bdcargocorp@gmail.com


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ন স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE N TECH
DevOps
Scrum Master & Product Owner
[ 100% Scholarship for Training & Job Placement, Condition applied ]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


FREE PARKING ONSITE
VALID THRU 02/16/2024 to 03/01/2024
AFTAB SUPER MARKET
WHERE QUALITY MATTERS
144-01 Hillside Ave, Jamaica, NY 11435
Tel: 718-301-8510
HMS
EBT
SPECIAL SALE
BEEF $3.49/LB FRESH
WHOLE CHICKEN $2.39/LB
CHICKEN LEGS $1.39/LB
HILSA 10/12 $18 EACH
MRIGAL 3KG $20 EACH
ROHU 3KG $12 EACH
HILSA 8/10 $15 EACH
HILSA 12/15 $10.49/LB
ROHU 4KG $2.20/LB
SHRIMP $8.99 PACK 31/40 EZP 2LB
SHRIMP $9.99 PACK 31/40 PDT 2LB
GOLDA $14.99 2LB
SHORPUTI 800 GM $4.99 EACH
LOTIA/800 GM $5.99 EACH
KESKI-100GM 3 FOR $4
CHILI $1.99 LB
ONION-10LB $31.99 EACH 2500 GM
TOMATO .89C/LB
GALLON MILK 2 FOR $5, EACH $2.99 WHOLE MILK
MEDIUM EGGS 2 FOR $5, EACH $2.99 GRADE A
ABDULLAH-20LB $12.99 EACH 20 LB
KRISHOK-20 LB $19.99 EACH 20 LB
DELTA-50LB $33.99 EACH 50 LB
RAMISA $16.99 EACH
SUNFLOWER OIL $12.99 EACH 5 LTR
RAJDHANI MUSTARD OIL $12.99 EACH 5 LTR
OLIO VILLA $13.99 EACH 1 GALLON
TEA-400GM 2 FOR $7, EACH $3.99
SUGAR $3.99 EACH 4LB
SALT 4 FOR $4, EACH $1.25
TEER 2 FOR $6, EACH $3.49 2KG
RADHUNI 3 FOR $4, EACH $1.79 UPTO 100GM
SHAN 3 FOR $5, EACH $1.99 UPTO 50GM
KOCHU LOTI 3 FOR $5 UNIVERSAL EACH-$1.99
SHIM BICHI 2 FOR $3 EACH-$1.99 UNIVERSAL
KAWAN PARATHA $7.99 EACH
WE CARRY ALL TOP BRANDED, QUALITY FISH, HMS CERTIFIED 100% FRESH HALAL MEAT, SPICES, FRESH FRUITS, VEGETABLES, AND ALL GROCERY ITEMS.


প্রতি শনিবার ও রবিবার/
EVERY SATURDAY AND SUNDAY
AFTAB SUPER MARKET
WHERE QUALITY MATTERS
144-01 Hillside Ave, Jamaica, NY 11435
Tel: 718-301-8510
FREE PARKING
HMS
VALID ONLY ON 02/17/2024 and 02/18/2024
মাছ মেলা FISH FAIR মাছ মেলা
আপনার বন্ধু এবং পরিবার আপনার সাথে আনুন,সস্তায় মাছ কিনুন
HILSA 10/12 $17 EACH
MRIGAL 3KG $18 EACH
ROHU 3KG $10 EACH
SHORPUTI- 1.5KG $10 EACH
PANGASH 1KG $7 EACH
HILSA $10 EACH PACK OF 3, 300/500
ROHU 4UP/1.99 LB
ROHU 5UP/2.20 LB
MRIGAL 6UP/3.19 LB 7UP/3.79/LB
MRIGAL 4UP/2.99 LB
MRIGAL 5UP/3.29LB
MRIGAL 6UP/3.89lb
MRIGAL 7UP/4.99 lb
KATLA 5UP/2.39 LB
KATLA 6UP/2.49 LB
KATLA 8UP/2.75 LB
KATLA 9UP/2.99 LB
HILSA 800-1000gm/ $5.49lb
HILSA 10-12/$17 Each
HILSA 12-15/ $9.49L
HILSA PACK OF 3/9.99 Each
CHITOL 4UP/3.99 LB
PANGASH 2UP/2.99lb
KORAL 1UP/3.49 lb, 3UP/3.99lb
MAGUR 4.49/LB
KARFU 2.79/LB
POMFRET 3.49/LB
SHOIL 1up $3.79/lb, 2up $3.99/lb
TELAPIA 2.79/LB
ALL BLOCK FISH ON SALE. 10% OFF
GOLDA 12 PCS 14.99
RAW Shrimp, 11.99 16/20
31/40 EZP/2lb
31/40 PDT/2lb
RAW Shrimp
RELATED ITEMS ON SALE
DRY KESKI OR DRY ANCHOVI 3 for $10
UNIVERSAL 200 grams UNIVERSAL
DRY LOTIA 2 for $10 200 grams CK
DRY SHRIMP 2 for $10
DRY RUPCHADA $7.99
WE ALSO DISTRIBUTE 100% FRESH, HMS CERTIFIED HALAL BEEF, GOAT AND CHICKEN TO NEW YORK GROCERIES
FREE PARKING
IF IT'S A FISH, IT'S ON SALE







বাংলাদেশ রাইফেলস্ এর ৫৭ জন কর্মকর্তা সহ সকল মৃতদের আত্মার মাগফেরাত উপলক্ষে **"উই আর দি পিপল"** এর স্মৃতিচারন, শ্রদ্ধাজ্ঞাপন ও বিশেষ দোয়া'র অনুষ্ঠানে আপনারা স্ববান্ধবে আমন্ত্রিত।

## স্মৃতিচারনে আগ্রহীরা সত্বর যোগাযোগ করুন।

স্থানঃ কাবাব কিং, ৭৩-০১ ৩৭ রোড, ২য় তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক,
তারিখঃ ফেব্রুয়ারী ২৭, ২০২৪ মঙ্গলবার সময়ঃ সন্ধ্যা ৬ঃ০০ টা।

RSVP: 516-423-2867 & 917-722-1405

সৌজন্যে : উই আর দি পিপল, নাগরিক টিভি

# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

**Corporate Office**
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

**Jamaica Office**
87-54 168th Street, 2nd Fl
Jamaica, NY 11432
718-406-5549

**Long Island Office**
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

**Bronx Office**
2148 Starling Ave.
Bronx, NY 10462
718-406-5549

**Ozone Park Office**
175 B Forbell Street
Brooklyn, NY 11208
718-406-5549

**Buffalo Office**
859 Fillmore Ave
Buffalo, NY 14212
718-406-5549

# পিলখানায় হত্যাকান্ড পরিকল্পিত

(প্রথম পাতার পর)

অফিসার হন। ২০১৬ সালের ফেব্রুয়ারীতে সেনাবাহিনী থেকে অবসর গ্রহণ করেন তিনি। পিলখানার মর্মান্তিক ঘটনার নানা দিক নিয়ে কথা বলেন তিনি।

**বাংলা আউটলুক: বিদ্রোহের ৪৮ ঘণ্টার মাথায় ২৮ ফেব্রুয়ারী আপনাকে তৎকালীন বিডিআর'র দ্বায়িত্ব দেয়া হলো; পিলখানায় গিয়ে কী দেখলেন?**

**লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. মইনুল ইসলাম:** চারদিকে অস্ত্র, গোলাবারুদ ও গ্রেনেড ছড়ান-ছিটান। সেখানে যে ধরনের হত্যাযজ্ঞ হয়েছে, তার তেমন কোনো আলামত ছিল না। কোনো রক্তের চিহ্ন নেই। খুব যত্নে ধুয়ে-মুছে পরিপাটি করে রাখা হয়েছে। ওই দিনই সন্ধ্যায় পিলখানা থেকে যারা বাইরে চলে গিয়েছিল, তাদের ফিরে আসার আহবান জানানো হয় টেলিভিশনে। আমি তখন মহ-াপরিচালক, আমিই জানি না। সবখানে অস্ত্রশস্ত্র, গ্রেনেড ছড়িয়ে-ছিটিয়ে আছে। আমি জানালাম, এখনই ঢোকানো যাবে না।

**বাংলা আউটলুক: আপনি পরবর্তীতে যে তদন্ত কমিটি হয়েছিল, সেই কমিটিতে ছিলেন; পরিবেশ পরিস্থিতি দেখে কী মনে হয়েছিল? এটি কি হঠাৎই ঘটেছিল?**

**মইনুল ইসলাম:** হ্যাঁ। বর্তমান প্রধান নির্বাচন কমিশনার হাবিবুল আউয়াল তখন সচিব ছিলেন। তিনিও ওই কমিটিতে ছিলেন। আমি সিভিলদের নিয়ে তদন্ত করার অনুরোধ করেছিলাম। সরকারকে চিঠিও দিয়েছিলাম। ঘটনার আগে-পরে চাই-নিজদের বিষয়গুলোও আমলে নিতে বলেছিলাম। সেই সময়ের কন্ট্যাক্টগুলোর ব্যাপারেও খোঁজ নিতে বলা হয়েছিল। ইন্ডিয়ার বিষয়েও খোঁজ নেয়া জরুরি ছিল।

**বাংলা আউটলুক: চাইনিজরা ওই দিন কী করছিল?**

**মইনুল ইসলাম:** তখন বিডিআর'র সাধারণ আগ্নেয়াস্ত্র ক্রয়ের কার্যক্রম চলমান ছিল। এগুলো ছিলো স্নাইপার রাইফেল। সেগুলো চীন ডেলিভারি দেওয়ার পর সে সম্পর্কে বিডিআর সদস্যদের ধারণা দিতে একটি টিম পিলখানায় অবস্থান করছিল। ঘটনার দিন গোলাগুলি কিছুটা বন্ধ হলে তারা নিরাপদেই বের হয়ে গিয়েছিল। তদন্তে তাদের বিষয়েও খোঁজ নেয়া প্রয়োজন ছিল।

**বাংলা আউটলুক: ইন্ডিয়ানদের প্রসঙ্গ আসলো কেন?**


**মইনুল ইসলাম:** স্বাধীনতা যুদ্ধ চলাকালে ইন্ডিয়ান বিএসএফ পাক বাহিনীর বিরুদ্ধে বাংলাদেশের বর্ডারের খুব কাছে অবস্থান নিয়েছিল। যুদ্ধের পর ইন্ডিয়ান বিএসএফ কয়েকটি ঘাঁটি ছেড়েছিল। আবার কোথাও কোথাও ছাড়েনি। বিডিআরের তুলনায় ইন্ডিয়ান বিএসএফ দুর্বল ছিল। কারণ বিএসএফের কমান্ডিংয়ে আর্মি ছিল না। কিন্তু বিডিআরের কমান্ডে ছিল আর্মি। ইন্ডিয়ান বিএসএফ তাদের ক্যাম্পের সীমা পেরিয়ে বাংলাদেশের বেশ কয়েকটি বিওপিতে অবস্থান করছিল সেই মুক্তিযুদ্ধ চলাকালে। ১৯৭৫ সালের পর ১৯৮১ সালের আগে ইন্ডিয়ান বিএসএফকে বাংলাদেশের বিওপি ছাড়তে বাধ্য করার জন্য বেশ কয়েকটি অপারেশন শুরু হয়েছিল। অপারেশনে ইন্ডিয়ান বিএসএফ পিছু হটতে বাধ্য হয়েছিল। ইন্ডিয়া এটার কাউন্টার কখনো করেনি বা করতে পারেনি। সেই সক্ষমতা বিএসএফের ছিলও না। সেই সুযোগও বিএসএফ পায়নি। ইন্ডিয়া সবসময়ই চেয়েছিল, কীভাবে বাংলাদেশ সেনাবাহিনীকে দুর্বল করা যায়। পিলখানা হত্যাকান্ড ছিল মোক্ষম সময়। সেনাবাহিনীর সবগুলো মেধাবী কর্মকর্তাকে দু'দিনের মধ্যে গুলি করে মেরে ফেলা হলো। এটা সবাই সেভাবেই দেখে। এই বিষয়টিও তখন আমলে নেয়া জরুরি ছিলো, বিভিন্ন পক্ষ থেকে কথাও এসেছিল। এর ওপর পিলখানার পরিস্থিতি বিশেষ করে অস্ত্রাগারের পরিবেশ দেখে পরিষ্কার বোঝাই যাচ্ছিল এটি পরিকল্পিত ভাবেই ঘটানো হয়েছিল এবং সেই পরিকল্পনার অংশ হিসেবে ঘটনার পেছনের লোকজন ২০-২১ দিন আগেই এখানে ঢুকেছিল।

**বাংলা আউটলুক: ইন্ডিয়ার সম্পৃক্ততা কি আপনাদের অনুমান ছিলো? না কোনো আলামত পেয়েছিলেন?**

**মইনুল ইসলাম:** আমাদের কাছে মনে হয়েছে। সিম্পটমগুলো (লক্ষণ) ফুটে উঠেছিল, বিভিন্ন সময় ইন্ডিয়ান পত্রপত্রিকায় লেখালেখি হয়েছিল। তারা বিরোধিতা করেছিল কেন বাংলাদেশের বর্ডার গার্ড আর্মি দ্বারা পরিচালিত হয়। ইন্ডিয়া সবসময়ই বিডিআরের কমান্ডিংয়ে আর্মি এবং ১৯৮১ সালের আগের বেশ কয়েকটি অপারেশন এবং পরবর্তিতেও বেশ কয়েকটি অপারেশন নিয়ে প্রতিশোধপরায়ণ ছিল। তারা চেষ্টাও করেছিল। এখানেই পরিষ্কার, এখানে ইন্ডিয়ার ইন্ধন ছিল। আমরা যখন বিডিআর (বিজিবি) রিফর্ম করি তখনও ইন্ডিয়ানদের অনেক বাধার মুখে পড়েছি। আর্মি কেন বিডিআরকে কমান্ড করে এটাও ইন্ডিয়া সহ্য করতে পারত না। সঠিক তদন্ত করলে নিশ্চয়ই বেরিয়ে আসত। আরো অনেকের সম্পৃক্ততা ছিল। তা-ও বেরিয়ে আসত।

**বাংলা আউটলুক: আর কাদের সম্পৃক্ততা ছিল বলে মনে হয়েছে?**

**মইনুল ইসলাম:** স্থানীয় রাজনৈতিক একটি পক্ষের সম্পৃক্ততা ছিল। বিদ্রোহের আগে বেশ কয়েকবার স্থানীয় ক্ষমতাসীন দলের নেতারা সদর দপ্তরে বিভিন্ন ক্যাম্পে দ্বায়িত্ব পালনকালে অসদুপায় অবলম্বনের দায়ে বিডিআরের অভিযুক্ত জওয়ানদের পক্ষে দাবি নিয়ে যেতে দেখা গেছে। বিদ্রোহের দিন বিডিআরের কিছু লোক রিভেঞ্জ (প্রতিশোধপরায়ণ) ছিল। তাদের সাথে আশপাশের বিভিন্ন রাজনৈতিক দলের লোকজন ছিল। কেন বিডিআর আর্মি অফিসার দ্বারা পরিচালিত হবে- এসব নিয়ে কথাও বলেছেন তারা। ঘটনার দিন পিলখানায় গোলাগুলি চলছে, আশপাশের সাধারণ মানুষ জীবন নিয়ে নিরাপদে সরে যাচ্ছিলেন। আর পাশেই বিদ্রোহীদের পক্ষে আজিমপুরে 'জয় বাংলা' স্লোগান দিয়ে {বাকি অংশ ২১ পাতায়)












# পিলখানায় হত্যাকান্ড

(২০ পাতার পর)

আওয়ামী লীগ রাস্তায় মিছিলও করেছে। নিশ্চয়ই তাদেরও সমর্থন ছিল এই ঘটনায়। আর তারাও নিশ্চিত ছিল তাদের ওপর কেউ গুলি করবে না। সেগুলোও তদন্ত করা হয়নি। সবকটি পক্ষ মিলেই আর্মিকে শেষ করে দেয়ার ষড়যন্ত্র করেছিল।

**বাংলা আউটলুক: আর কী কী দুর্বলতা বা অসামঞ্জস্যতা দেখেছিলেন সেই দিন?**

**মইনুল ইসলাম:** প্রতি বছরই একই প্রোগ্রাম হয়, একই আয়োজন থাকে। গতানুগতিকই কিছু কমিটি থাকে। কমিটিগুলোতে বিডিআরের অফিসারদেরই (ডিএডি) ইনচার্জ করা হতো। কিন্তু ওই বছরই (২০০৯ সালে) সকল কমিটির হেড করা হয়েছিল আর্মি থেকে আসা অফিসারদের। কেন আর্মি অফিসারদের প্রধান করা হলো? আর আর্মি অফিসারদের সাথে আগ্নেয়াস্ত্র দেয়া হলো না। আগ্নেয়াস্ত্রের কমান্ডিং ক্ষমতা রাখা হলো বিডিআর অফিসারদের (ডিএডি) নিয়ন্ত্রণে। তার মানে আর্মি অফিসারদের হাতে কোনো অস্ত্র দেয়া হলো না। অস্ত্র থাকল বিডিআরদের হাতেই। এ বিষয়টিরই তো হিসেব মেলেনি। এর কারণটা কী? আগে-পরে করা হলো না; কিন্তু ওই বছর কেন করা হলো? এটা তো দরকার ছিল না। করা হলো, কিন্তু আগে যখন বিডিআর'র ডিএডিরা এই দ্বায়িত্বে ছিল, তখন আগ্নেয়াস্ত্র বহন করার অনুমোদন ছিল, কিন্তু যখন আর্মি অফিসারদের ওইসব কমিটির প্রধান করা হলো, অস্ত্র দেয়া হলো, কিন্তু বিডিআর'র নিয়ন্ত্রণে রাখা হলো কমান্ডিং পাওয়ার।

**বাংলা আউটলুক: অস্ত্রাগার, গোলাবারুদের দ্বায়িত্বে কারা ছিল?**

**মইনুল ইসলাম:** আর্মির অফিসারদের দায়িত্বে ছিল। গার্ড কমান্ডাররা তাদের গ্রেফতার করেছিল। গোলাবারুদ এবং অস্ত্রাগার সবই লুট হয়েছিল। সব তো নিয়ে বের হয়ে যায়নি। যার যখন যা লেগেছে, তারা নিয়ে বেরিয়ে গেছে। যখন হিসেব শুরু হলো, কতগুলো ছিল, কতগুলো আমরা পেলাম, তা না হলে তো স্টক (মজুত) মিলবে না। গোলাবারুদ এবং অস্ত্র সব গণনা করা হলো। সমস্ত গোলাবারুদের বক্স থাকে সিল করা। যেগুলো সিলড সেগুলো চেক করিনি। বক্সের ওপর ওজন লেখা থাকে, মেপেছি। স্যাম্পল চেক করেছি, ঠিক ছিল। যেগুলো ঠিক ছিল না, সেগুলো চেক করে দেখেছি। গ্রেনেডের ভেতরে ফিউজ দেওয়া। মানে রেডি টু ইউজ (ব্যবহারের জন্য প্রস্তুত করা)। এটা কী করে সম্ভব! গ্রেনেড এবং ফিউজ আলাদা বক্সে থাকে। এটি ছিলো অস্বাভাবিক ঘটনা। এরকম অনেকগুলো বক্স ছিল। এটি আগে থেকেই রেডি করা ছিল। তার মানে আগে থেকেই ভেতর থেকে কেউ এ কাজ করেছে। পূর্বপরিকল্পিত ভাবে করা হয়েছে। এ বিষয়টিও তদন্ত করা হয়নি। আমাদের খতিয়ে দেখতেও দেয়া হয়নি।

**বাংলা আউটলুক: আপনি কী বলতে চাইছেন, এই বিদ্রোহে প্রত্যক্ষ মদদ ছিলো?**

**মইনুল ইসলাম:** অবশ্যই ইন্ডিয়ার মদদ ছিলো। কারণ আমাদের তো আর কোনো শত্রু ছিলো না। মিয়ানমারের কিছুই করার ছিল না।

**বাংলা আউটলুক: আপনাদের তদন্ত প্রক্রিয়ায় কোন প্রতিবন্ধকতা ছিলো?**

**মইনুল ইসলাম:** আমরা ডিজিএফআই, এনএসআই, এনটিএমসি এদের যুক্ত করে তদন্ত করার কথা বলেছিলাম। কে কার কাছে কল করছে, কী বলছে। এসব বিষয় বের করার জন্য কল রেকর্ড বের করতে বলেছিলাম। এ রকম একটি অস্বাভাবিক ঘটনায় অনেক ধরনের আলামত থাকে, সেগুলো বের করা জরুরি ছিলো। কিন্তু তা করতে দেয়া হয়নি। তথ্য চেয়েও আমরা পাইনি। বলা হয়েছিল, এগুলো সিক্রেট। তাহলে আমরা তদন্ত করব কীভাবে? এ বিষয়ে সরকারকে এটা চিঠিও দিয়েছিলাম। বর্তমান প্রধান নির্বাচন কমিশনার হাবিবুল আউয়াল আমাদর কমিটির প্রধান ছিলেন।

**বাংলা আউটলুক: তদন্তে আর কী কী অস্বাভাবিক ঘটনা পেয়েছিলেন?**

**মইনুল ইসলাম:** আরেকটি বিষয়, আমাদের কাছে খটকা লেগেছিল। সেটি হচ্ছে পিলখানার ভেতরে দু'দিনব্যাপী অফিসারদের হত্যা করা হচ্ছিল। ভেতর থেকে বাঁচার আকুতি শোনা যাচ্ছিল। বাইরে র‍্যাব ঘিরে রেখেছিল। আর্মি ভেতরে ঢুকতে চেয়েছিল। কিন্তু তখন আর্মিকে বলা হয়েছিল, ভেতরে ঢুকলে দেশে গৃহযুদ্ধ বেঁধে যাবে। তাদের ঢুকতে দেয়া হলো না কেন? এখানে অবশ্যই কোনো একটা অদৃশ্য শক্তি ইশারা করেছে। তাদের নির্দেশেই আর্মিকে ভেতরে ঢুকতে দেয়া হয়নি। এটা পরিষ্কার।

**বাংলা আউটলুক: আপনারা তদন্ত প্রতিবেদন জমা দিয়েছিলেন?**

**মইনুল ইসলাম:** আমরা একটা প্রতিবেদন জমা দিয়েছিলাম। আলামত নষ্ট হয়ে যাওয়া, তথ্য চেয়ে না পাওয়ায় আমাদের সেই প্রতিবেদন আমলে নেয়া হয়নি। আমাদের ৭-৮ জনের ওই তদন্ত কমিটি একসাথে মিটিংও করতে পারিনি।

**বাংলা আউটলুক: পিলখানা হত্যাকান্ডের বিচার শেষ হয়েছে, আপনার মন্তব্য কি?**

**মইনুল ইসলাম:** এখানে দুই ধরনের অপরাধের বিচার হয়েছে। কিন্তু বিদ্রোহের কারণ এবং পরিকল্পনা বেরই করা হলো না।


SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত (Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করসপন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময়: সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন: এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সংক্রান্ত
- কাজের সময় দুর্ঘটনা
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক
Member: naea, NYSSEA, e-file


প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ/নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।



37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!

এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত



ইউনাইটেড ট্রাভেলস ইনক



Umra Hajj-এর টিকেট ও
Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো
এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels


কনকর্ড ট্রাভেল


২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates SAUDIA ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SE CI

বাংলাদেশে টাকা পাঠাবেন?
সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে
মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&i, MI DIFS, GA DB&F AND MD OCFR

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001
ATLANTA 770-936-9906
BROOKLYN 718-853-9558
JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150
MANHATTAN 212-808-0790
MICHIGAN 313-368-3845
OZONE PARK 347-829-3875
PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

**Brooklyn**
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

**Jackson Heights**
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি


# পবিত্র কাবা রমজানে লাখো মুসল্লিকে স্বাগত জানাতে প্রস্তুত

(প্রথম পাতার পর)

কাবায় ভিড় করবেন। বিশেষ করে শবে কদরের রাতে ২০/২৫ লাখ মুসল্লি সমবেত হতে পারেন। সে হিসাবে প্রস্তুতি নিচ্ছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

পবিত্র মক্কা নগরীর নগর কর্তৃপক্ষ জানিয়েছে, আসন্ন রমজানে মুসল্লিদের স্বাগত জানাতে প্রস্তুত করা হয়েছে পবিত্র কাবা শরীফ। মুসল্লিদের সেবা প্রদানের জন্য বিপুল সংখ্যক কর্মী ও আধুনিক যন্ত্রপাতি জড়ো করা হয়েছে।

মক্কার মেয়রের মুখপাত্র ওসামা জায়তুনি জানিয়েছেন, বছরের অন্য সময়ের তুলনায় রমজানে বেশি মানুষ মক্কাতে আসেন। ফলে এই সময়ে সেবার পরিমাণ বহুলাংশে বাড়াতে হয় তাদের। তিনি সৌদির সংবাদমাধ্যম আল এখবারিয়াকে বলেছেন, মুসল্লিদের এই ভীড়ের সঙ্গে খাপ খাইয়ে নিতে এবং পর্যাপ্ত সেবা, পরিষ্কার পরিচ্ছন্নতা, ময়লা অপসারণ নিশ্চিতে বিস্তারিত পরিকল্পনা সাজানো হয়েছে। তিনি আরও বলেছেন, "এই পরিকল্পনায় রয়েছে রেস্তোরাঁ এবং দোকানগুলো মনিটরিং এবং খাদ্যের গুণগত মান নিশ্চিত করা। এছাড়া রয়েছে সড়ক, সেতু এবং টানেল পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণের বিষয়টি।"

সৌদির পবিত্র রাজধানী হিসেবে পরিচিতি মক্কায় রয়েছে ১৮ হাজার ছোট-বড় সড়ক, ৫৮টি টানেল এবং ৭০টি সেতুর বিস্তৃত নেটওয়ার্ক। বছরের অন্যান্য মাসগুলোর তুলনায় পবিত্র রমজানেই সবচেয়ে বেশি মানুষ উমরাহ পালন করে থাকেন।

রমজান মাসে মুসল্লিরা সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সব ধরনের পানাহার থেকে বিরত থাকেন। চাঁদ দেখা সাপেক্ষে এ বছর মধ্যপ্রাচ্যে ১১ মার্চ থেকে পবিত্র রমজান মাস শুরু হতে পারে। মক্কায় উমরাহ শেষে সাধারণ মানুষ মদিনা শহরে যান। সেখানে মসজিদে নববীতে নামাজ আদায় করেন তারা। এছাড়া ইসলামের অন্যান্য ঐতিহাসিক স্থানগুলোও ঘুরে দেখেন তারা।

# যুক্তরাষ্ট্র-বাংলাদেশ সম্পর্কের নতুন অধ্যায় নিয়ে আলোচনা

(প্রথম পাতার পর)

সম্পর্কের নতুন অধ্যায় শুরু নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। রোববার (২৫ ফেব্রুয়ারী) বিকালে রাজধানীর সেগুনবাগিচায় পররাষ্ট্রমন্ত্রী হাছানের সঙ্গে এক ঘণ্টাব্যাপী বৈঠকে ঢাকায় সফররত এই প্রতিনিধিদলের নেতৃত্ব দেন যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্টের বিশেষ সহকারী এবং ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের (এনএসসি) দক্ষিণ এশিয়াবিষয়ক সিনিয়র ডিরেক্টর আইলিন লবাখার। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লেখা প্রেসিডেন্ট জো বাইডেনের পত্রের উত্তরে প্রধানমন্ত্রীর লেখা পত্রের একটি কপি আমেরিকান প্রেসিডেন্টের বিশেষ সহকারী লবাখারকে হস্তান্তর করেন পররাষ্ট্রমন্ত্রী। বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ সাংবাদিকদের বলেন, যুক্তরাষ্ট্র আমাদের একটি বড় উন্নয়ন সহযোগী রাষ্ট্র। দুদেশের সম্পর্কে নতুন অধ্যায় শুরু নিয়ে, এই সম্পর্ককে কিভাবে আরও গভীর করা যায়-সেসব বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

বৈঠকে রোহিঙ্গা ইস্যু নিয়ে আলোচনার কথা জানিয়ে মন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্রও রোহিঙ্গা প্রত্যাবাসনকে একমাত্র সমাধান হিসেবে বিবেচনা করেছে। তারাও চায় রোহিঙ্গারা সসম্মানে নিজ দেশে ফিরে যাক। সেই সঙ্গে তাদেরকে সাময়িক আশ্রয় দিয়ে বাংলাদেশ যে উদারতা দেখিয়েছে তার ভূয়সী প্রশংসা করেছেন আমেরিকান প্রতিনিধিরা।

ড. হাছান বলেন, গাজায় যুদ্ধবিরতি কার্যকর করা, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধসহ যেকোনো যুদ্ধের বিরুদ্ধে ও শান্তির পক্ষে বাংলাদেশের অবস্থান তুলে ধরেছি। বঙ্গবন্ধুর আত্মস্বীকৃত খুনি যুক্তরাষ্ট্রে পলাতক রাশেদ চৌধুরীকে দেশে আনার বিষয়েও বৈঠকে আলোচনা হয়েছে। তাদের জাস্টিস ডিপার্টমেন্ট এটি দেখছে।

র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‌্যাব) ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার নিয়ে আলোচনার বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী জানান, এ ক্ষেত্রে যুক্তরাষ্ট্র পাঁচটি পর্যবেক্ষণ (অবজারভেশন) দিচ্ছে, যেসব বিষয়ে বাংলাদেশ তার গৃহীত পদক্ষেপগুলো তুলে ধরবে। পাশাপাশি দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি, নিরাপত্তা সহযোগিতা, শ্রম পরিবেশ উন্নয়ন, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ইউএসএইডের সহযোগিতা আলোচনায় স্থান পায় বলে উল্লেখ করেন মন্ত্রী।

সফররত ইউএসএইডের এশিয়া ব্যুরোর অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটর মাইকেল শিফার এবং ডিপার্টমেন্ট অব স্টেটের দক্ষিণ ও মধ্য এশিয়ার ডেপুটি অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি আফরিন আখতার বৈঠকে অংশ নেন। পাশাপাশি যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান, পররাষ্ট্র মন্ত্রণালয়ের উত্তর আমেরিকা অনুবিভাগের মহাপরিচালক খন্দকার মাসুদুল আলম এবং অন্যান্য কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।


# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

# Tax & Immigration Services

Tax

Immigration

Real Estate

Mortgage

Notary



**Mohammad Pier**
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
**Cell: 917-678-8532**

**Income Tax**
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

**Immigration Services**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

*IRS e file*
IRS e-file

**Real Estate**
For Buying & Selling Houses
Mortgage Services

## PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
**Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583**
Email: piertax@gmail.com

# জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

## ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

### স্থান পরিবর্তন



**অফিস : ৩৭-২৯ ৭২ স্ট্রিট, ১ম তলা জ্যাকসন হাইটস নিউইয়র্ক**

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**



ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

# KAKATUA AGENCY

Authorized IRS e-file Provider

## কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

### OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

**NEW ADDRESS**
37-31 77th Street, # 2nd Fl, Jackson Heights, NY 11372
**Tel: (718) 726-6900 | (718) 397-5004**
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

# মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

## OUR SERVICES

**International & Domestic Tickets**
**Hajj & Umrah Special Package**
**Visa Processing**
**Money Transfer**

APPROVED IATA

KUWAIT AIRWAYS

ETIHAD AIRWAYS | BRITISH AIRWAYS | Emirates




**ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি**

**We Accept**
VISA | MasterCard | AMERICAN EXPRESS | DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com




আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

**Dr. Tahera Nasreen, MD**

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

**Dr. Ataul Osmani, MD**

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

# MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
*MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial*



**Our Programs:**

**Summer Program will start from July 5th**

| | | |
|---|---|---|
| **SAT** | 8 Weeks Course<br>4 Hours Each Class<br>Total 32 Classes (4 days/week)<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | Get 25% Discount sign up by 4th July |
| **SHSAT** | 8 Weeks Course<br>5 days/week<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | |
| **COMMON CORE MATH & ENGLISH** | 1st Grade to 6th Grade<br>8 weeks course<br>3 Hrs./day, 4 days/week<br>Cost : 600.00 | |

**Admission going on**

K-6 & Common Core Regents Classes

*Bronx Branch:*
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

*Jackson Heights Branch:*
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

*Quality Education is Our Priority!*

# Highland Medical Care, PLLC



**Nazmul H. Khan, MD, FACP**

Board Certified in Internal Medicine

**Address**

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

# MOHAMMAD M RAHMAN MD



**Board Certified in Internal Medicine**

Geriatrics,
Hospice & Palliative Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

**Appointment:**

**718-526-0700, 718-383-4500**
**Cell- 718-864-8882**

| ASTORIA OFFICE: | JAMAICA OFFICE: |
|---|---|
| 30-04, 36th Avenue<br>LIC, NY 11106<br>Tel: 718-383-4500 | 170-12 Highland Avenue<br>Jamaica Estates, NY- 11432<br>www.drmrahman.com |

## আলবানি সিটি হলে ডায়াসপোরা ককাসের ঐতিহাসিক ক্ষণে ইংরেজি সাময়িকী 'দ্য বে ওয়েভ' এর যাত্রা শুরু

# বঙ্গোপসাগরের ঢেউ মিলিত হয়েছে আটলান্টিকের সঙ্গে ড. আবু জাফর মাহমুদ





**আলবেনী:** নিউইয়র্ক থেকে যাত্রা শুরু করেছে নতুন ইংরেজি সাময়িকী 'দ্য বে ওয়েভ'। বিশিষ্ট রাজনীতিক, গ্লোবাল পিস অ্যামব্যাসেডর, বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ন কমান্ডার স্যার ড. আবু জাফর মাহমুদ পত্রিকাটি সম্পাদনা করছেন। গত ১৭ ফেব্রুয়ারী নিউইয়র্কের রাজধানী আলবানী সিটি হলে নি-উইয়র্ক এসোসিয়েশন অফ ব্লাক পোয়েত্রো রিকান, হিস্প্যানিক এ- এশিয়ান লেজিসলেটিভ ইনক এর ৫৩ তম সম্মেলনে ডায়াসপোরা ককাসের ঐতিহাসিক ক্ষণে পত্রিকাটির প্রকাশনা অনুষ্ঠানে নিউইয়র্ক থেকে নির্বাচিত ইউএস কংগ্রেসম্যান জামাল বোম্যান, নিউইয়র্ক সিটির পাবলিক এডভোকেট জুমানে উইলিয়ামস, আলবানীর কাউন্সিলম্যান পত্রিকার উপদেষ্টা সম্পাদক ওসু আনানে, নিউইয়র্ক সিটি মেয়রের কালচারাল অ্যাফেয়ার্সের কমিশ-নার লুরে কাম্বো, থাউজেন্টস শেডস অব উইমেন ইন্টারন্যাশনাল এর প্রধান নির্বাহী ড. ডিওর ফলসহ আফ্রিকার বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ সহ এসময় বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশনের নেতৃবৃন্দ, নিউইয়র্কের বিভিন্ন শহরের সাংবাদিক ও সাংস্কৃতিক অঙ্গনের ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এশিয়ান লেজিসলেটিভ ইনক্ সম্মেলনের ৫৩ বছরের ইতিহাসে এই প্রথম একটি ইংরেজি সাময়িকপত্রের আনুষ্ঠানিক উদ্বোধন হলো।

অনুষ্ঠানে দ্য বে ওয়েভ এর সম্পাদক ও প্রকাশক আবু জাফর মাহমুদ বলেন, আমরা সবাই এক একজন 'বে ওয়েভ'। বঙ্গোপসাগর থেকে উৎসারিত ঢেউ। আমাদের সমাজ ও সংগ্রামের সকল কিছুই এই বে ওয়েভ। আমরা বঙ্গোপসাগরের ঢেউ এখন মিলিত হয়েছি আটলান্টিকের ঢেউয়ের সঙ্গে। দুই ঢেউয়ের সংযোগে এক অপরিসীম শক্তির উদ্ভব হয়েছে। এমরা এখানে সংখ্যালঘু নয়, আমরা আছি শক্তি ও ক্ষমতার উৎসের কাছাকাছি। আমরা সবসময় পরিবর্তনের পক্ষে। আমরা প্রচলিত স্রোতপ্রবাহে কখনো গা ভাসাই না, আমরা স্রোতের ভেতর নতুন ঢেউ সৃষ্টি করি।

তিনি বে ওয়েভ উদ্বোধনের শুভক্ষণের কথা উল্লেখ করে বলেন, এটি এক ঐতিহাসিক ক্ষণ। এই পরিবেশে আমি আজ এক অমিত শক্তির সন্ধান পেয়েছি। আলবানীর কাউন্সিলম্যান ওসু আনানে ও তার স্ত্রী আমাদেরকে যেভাবে সাদর সম্ভাষণ জানিয়েছেন, তা আমাদের জন্য এক বড় পাওয়া। তিনি বলেন, শিগগিরই আলবানীতে আমাদের বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ারের নতুন অফিস নিচ্ছি। কাউন্সিলম্যানের স্ত্রী এরই মধ্যে ওই অফিসের দায়িত্ব গ্রহণের জন্য আগ্রহ প্রকাশ করেছেন, এটি আমাদের জন্য অনেক বড় এক পাওয়া। বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ বলেন, এই ডায়াসপোরা ককাসে আমাদের অংশগ্রহণের সবচয়ে বড় প্রাপ্তি ভালোবাসা ও মানবতার এক শক্তিশালী বন্ধন। বাংলাদেশী আমেরিকান আফ্রিকানদের যে অভূতপূর্ব এক মেলবন্ধন গড়ে উঠেছে। যেটি এক ঐতিহাসিক দৃষ্টান্ত। এখন আমরা এক বিশাল পরিবার। তিনি বলেন, আজ সিটি হলে যে ঢেউ সৃষ্টি হলো, তা থেকে যাবে। এতদিন আমরা থাকবো না। কিন্তু এই ঢেউয়ের শক্তি অনুভব করতে পারবে প্রজন্ম থেকে প্রজন্ম। ঢেউয়ের পর ঢেউ উঠতে থাকবে। নতুন প্রজন্ম এই ঢেউ থেকেই প্রেরণা পাবেন। আফ্রিকান আমেরিকানদের সঙ্গে আমাদের যে সম্পর্ক গড়ে উঠলো তাদের সঙ্গে নিয়েই হবে আমাদের আগামীর পথ পরিক্রমা।

অনুষ্ঠানে সেবা ও মানবতার পক্ষে অনন্য অবদানের স্বীকৃতি স্বরূপ আবু জাফর মাহমুদকে প্রেসিডেন্ট জো বাইডেন সাক্ষরিত আজীবন সম্মাননা-২০২৪ ও স্বর্ণপদক প্রদান করা হয়। এছাড়াও অনেকের মধ্যে বাংলাদেশী কমিউনি-টির যারা প্রেসিডেন্টের সম্মাননা পেয়েছেন তারা হলেন, বাংলাদেশ সোসাইটি ইনক এর সভাপতি আব্দুর রব মিয়া ও সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী, বিশিষ্ট লেখক, সাংবাদিক ও অনুবাদক আনোয়ার হোসেন মঞ্জু, বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন ইউএ-সএ'র প্রতিষ্ঠাতা সভাপতি আবুল হাশিম হাসনু ও প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক আহবাব হোসেন চৌধুরী খোকন, ক্রীড়া ব্যক্তিত্ব এস এম ফেরদৌস, জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টারের খতিব মাওলনা আব্দুস সাদিক, বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ারের কর্মকর্তা সৈয়দ এম আলম এবং জয় বাংলাদেশ মিডিয়া ইনক্ এর সমন্বয়ক সাংবাদিক আদিত্য শাহীন। -প্রেস বিজ্ঞপ্তি।

## 'আমরা বিমান হামলায় মরিনি কিন্তু ক্ষুধায় মরছি'

(প্রথম পাতার পর)

জেগে উঠছে?

এদিকে গত ১৯ ফেব্রুয়ারী ইউনিসেফ জানায়, গাজায় দুই বছরের কম বয়সী শিশুদের প্রতি ছয় জনের একজন অপুষ্টিতে ভুগছে। কুড়িয়ে পাওয়া, পচন ধরা ভুট্টার দানা, পশুখাদ্য, এমনকি গাছের পাতা খেয়ে ক্ষুধা দমিয়ে রাখছে গাজার উদ্বাস্তুরা। খাবার নেই, ময়দা নেই, সুপেয় পানি নেই, এক নারী বলেন। আমরা প্রতিবেশীদের কাছে ভিক্ষা করছি। বাড়িতে একটা পয়সাও নেই। আমরা দরজায় দরজায় যাচ্ছি, কেউ আমাদের ভিক্ষা দিচ্ছে না।

অপরদিকে উত্তর গাজায় অবস্থিত জাবালিয়া উদ্বাস্ত শিবিরে খাদ্যের তীব্র আকাল। পরিবারের শিশুদের মুখে খাবার তুলে দিতে নিজের দুটি ঘোড়া জবাই করতে বাধ্য হন উদ্বাস্তু আবু জিবরিল। ঘোড়া জবাই করে বাচ্চাদের খাওয়ানো ছাড়া কোনো পথ ছিল না, ক্ষুধা আমাদের মেরে ফেলছে, তিনি সংবাদ সংস্থা এএফপিকে বলেন। ঘোড়ার মাংসের সাথে ভাত রান্না করে পরিবার ও প্রতিবেশীদের মাঝে বিলি করেন তিনি। তবে খাবারটি যে ঘোড়ার মাংস দিয়ে তৈরি, তা সবার থেকে গোপন রাখা হয়।

গত বছরের ৭ অক্টোবর ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস ইসরায়েলে হামলা চালানোর পর গাজায় নির্বিচার হামলা শুরু করে ইসরায়েল। এর আগে গাজার সবচেয়ে বড় উদ্বাস্তু শিবির ছিল জাবালিয়া। হামলা শুরুর পর নিকটবর্তী বেইত হানুন থেকে পালিয়ে জাবালিয়ায় আশ্রয় নেন ৬০ বছর বয়সী জিবরিল ও তার পরিবার। উদ্বাস্তু শিবিরে তাবুর নিচে দিন যাপন করছেন তিনি ও তার পরিবার।

মাত্র আধা বর্গ মাইলের এই উদ্বাস্ত শিবির স্থাপন করা হয় ১৯৪৮ সালে। আগে থেকেই এখানে দূষিত পানি, অনিয়মিত বিদ্যুৎ সরবরাহ আর ঘনবসতির সমস্যা ছিল। এখানে বর্তমানে এক লাখেরও বেশি উদ্বাস্তু বসবাস করছেন। ইসরায়েলের হামলার কারণে এখানে মানবিক সহায়তা পাঠাতে অপারগ হয়ে পড়েছে সাহায্যকারী সংস্থাগুলো, ফলে খাদ্য সংকট দেখা দিয়েছে। বিশ্ব খাদ্য কর্মসূচি সম্প্রতি জানিয়েছে গাজার প্রায় ২২ লাখ মানুষের মাঝে দুর্ভিক্ষ দেখা দিতে পারে শিগগিরই।

গত শুক্রবার জাবালিয়া থেকে চার মাইল দূরের এক হাসপাতালে অপুষ্টিতে মারা যায় দুই মাস বয়সী এক শিশু, জানিয়েছে গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়। এ ছাড়া ৭ অক্টোবর থেকে এ পর্যন্ত যুদ্ধে গাজার ২৯ হাজার ৬০৬ জন নিহত হয়েছেন।

## মস্তিষ্কের সুস্থতা

(শেষের পাতার পর)

যা বদলে ফেলা অত্যন্ত জরুরি-

**অত্যধিক রাগ :** বলা হয় রাগ বিবেককে ধ্বংস করে। কিন্তু কিছু মানুষ ছোটখাটো বিষয়ে রেগে যায়। রাগের কারণে রক্তের ধমনিতে চাপ পড়ে, যার খারাপ প্রভাব পড়ে মানুষের মনে। এমন পরিস্থিতিতে ব্যক্তির স্মৃতিশক্তি এবং সিদ্ধান্ত নেয়ার ক্ষমতাও ক্ষতিগ্রস্ত হয়। তাই শপথ নিন অত্যধিক বেশি রেগে যাবেন না।

**অনিদ্রা :** ভালো ঘুম আমাদের স্বাস্থ্যের জন্য খুবই গুরুত্বপূর্ণ। ভালো ঘুম আমাদের মস্তিষ্কের ক্লান্তি কমায় এবং এর কার্যক্ষমতা বাড়ায়। কিন্তু কিছু মানুষের ঠিকমতো ঘুম হয় না বা দেরিতে ঘুমানোর কারণে তাদের ঘুম সম্পূর্ণ হয় না। এই ধরনের মানুষের মস্তিষ্কের কোষগুলো আরাম করতে পারে না। সেই কারণে তাদের মাথায় ক্লান্তি, অলসতা, ভুলে যাওয়া, একাগ্রতার অভাব ইত্যাদি নানা সমস্যা দেখা দেয়। তাই দিনে অন্তত ৮ ঘণ্টা ঘুমানো দরকার। ঘুমানোর আগে ভালো কোনো বই পড়ুন এবং মোবাইলকে দূরে রাখুন।

**সকালের নাশতা না করা :** সকালের খাবার শরীরের জন্য জ্বালানি হিসেবে কাজ করে। এটি গ্রহণ না করলে মস্তিষ্ক দিনের জন্য পর্যাপ্ত পুষ্টি পায় না। এর প্রভাব আপনার মস্তিষ্কে পড়ে। এমন পরিস্থিতিতে আপনার মস্তিষ্ক ঠিক মতো কাজ করতে পারে না। তাই এসব বিষয়ে যত্নবান হতে হবে। সূত্রঃ ইন্টারনেট।

## বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)


## এক স্লিপ

(শেষের পাতার পর)

চলাকালে দেখা যায় যে, তেলাওয়াত বা গীতা-বাইবেল থেকে পাঠের জন্য আগ থেকে নির্ধারিত লোক ঠিক করা থাকে না। ফলে উপস্থাপককে বলতে শুনা যায় কেউ কি আছেন যে, তেলাওয়াত বা গীতা-বাইবেল থেকে পাঠ করার কেউ আছেন? বিশেষ করে কোরআন থেকে তেলাওয়াতের পর গীতা বা বাইবেল থেকে পাঠের জন্য কোন ব্যক্তি নির্ধারিত না থাকায় মঞ্চ থেকে ডাকাডাকি করা হয় আয়োজক বা উপস্থাপকের এমন বক্তব্যে/পরিস্থিতিতে উপস্থিত সচেতন প্রবাসীদের বিব্রতবোধ করতে দেখা যায়। বিষয়টি কি সংশ্লিষ্টরা ভেবে দেখবেন?

২৫ ফেব্রুয়ারী ২০২৪

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package

WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন



Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

**Hillside Accounting Services Inc.**
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy



AUTHORIZED IRS e-file PROVIDER
**Popular Tax Services**
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: populartaxservices@gmail.com

Personal Income Tax Preparation for all industries:
- All types of W2 & 1099 Income Tax Filing
- Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
- Homeowners & Stock Market Trader Tax Filing

We provide Remote Personal Income Tax Filing

সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453


পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



- Road Lesson Local & Highway
- 5 Hours Class Certificate (Zoom Class)
- Road Test Appointment
- Car for Road Test

OPEN 7 DAYS

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ



6 Hours DDC Class
Good For TLC

718-426-9453, 917-301-2063
**Popular Driving School Inc.**
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)



**শিল্পী কাদেরী কিবরিয়া**



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082


# ‘স্ক্রিন অ্যাক্টরস গিল্ড অ্যাওয়ার্ড’ উঠল যাদের হাতে

(শেষের পাতার পর)

গিল্ড অ্যাওয়ার্ড (এসএজি)।’ শনিবার (২৪ ফেব্রুয়ারী) ৩০ তম ‘স্ক্রিন অ্যাক্টরস গিল্ড অ্যাওয়ার্ড’ ঘোষণা করা হয়েছে। এ বছর স্ক্রিনস অ্যাক্টরস গিল্ড অ্যাওয়ার্ডে (এসএজি) বাজিমাত করেছে ‘ওপেনহেইমার’ ও ‘দ্য বিয়ার।’ তবে বাফটা’র মতো ফের হতাশ হয়েই ফিরতে হয়েছে বছরের সবচেয়ে আলোচিত ও সফল চলচ্চিত্র বার্বি’কে।

এ বছর সেরা চলচ্চিত্রের পুরস্কার জিতেছে ‘ওপেনহেইমার’। সেরা অভিনেতার পুরস্কার জিতেছেন সিলিয়ান মারফি, ওপেনহেইমার থেকে। সেরা অভিনেত্রীর পুরস্কার জিতেছেন লিলি গ্ল্যাডস্টোন, ‘কিলার্স অব দ্য ফ্লাওয়ার মুন’-এর জন্য।

গোল্ডেন গ্লোব ও বাফটা জয়ের পর সেরা পার্শ্ব-অভিনেত্রীর গিল্ড পুরস্কারও জিতেছেন ডা’ভাইন জয় র‍্যানডলফ। ‘দ্য হোল্ড ওভার’ চলচ্চিত্রের জন্য এই পুরস্কার জিতেছেন তিনি। ‘ওপেনহেইমার’-এর জন্য সেরা পার্শ্ব-অভিনেতার পুরস্কার উঠেছে রবার্ট ডাউনি জুনিয়রের হাতে। টেলিভিশন সিরিজের পুরস্কারে এইচ-বিও-এর ‘সাকসেশন’ জিতেছে সেরা ড্রামা সিরিজের পুরস্কার। সেরা কমেডি সিরিজ হয়েছে ‘দ্য বিয়ার’।

সেরা অ্যাকশন সিরিজ হয়েছে ‘দ্য লাস্ট অব আস।’ ড্রামা সিরিজে ‘দ্য লাস্ট অব আস’-এর জন্য সেরা অভিনেতা হয়েছেন পেড্রো পাসক্যাল। সেরা অভিনেত্রীর পুরস্কার উঠেছে এলিজাবেথ ডেবিকির হাতে, ‘দ্য ক্রাউন’-এর জন্য। কমেডি সিরিজ ‘দ্য বিয়ার’-এর জন্য সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন আয়ো অ্যাদিবিরি এবং সেরা অভিনেতার পুরস্কার জিতেছেন জেরেমি অ্যালেন হোয়াইট।

হলিউডের পুরস্কারের মঞ্চে এসএজিকে বলা হয় অস্কারের পূর্বাভাস।

সাধারণত যে অভিনয়শিল্পীরা এসএজি জেতেন, তাদের হাতেই উঠে বছরসেরার অস্কার। গিল্ড মেম্বাররাই অ্যাকাডেমি মেম্বার হিসেবে অস্কারে ভোট দেবেন। ২৭ ফেব্রুয়ারী পর্যন্ত চলবে ভোট। ১০ মার্চ বসবে অস্কারের আসর।

শবিবার (২৪ ফেব্রুয়ারী) রাতে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের শ্রাইন মিলনায়তনে বসেছিল এসএজি’র ৩০তম আসর। ২০২৩ সালের সেরা অভিনয়শিল্পীদের পুরস্কার দেওয়া হয় এই আয়োজনের মাধ্যমে। হলিউডে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করে নেটফ্লিক্স।

# ফ্লোরিডায় এশিয়ান এক্সপো মেলা ২-৩ মার্চ

(শেষের পাতার পর)


মেলার শুভ উদ্বোধন করবেন বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী র. আ. ম, ওবায়দুল মোক্তাদির চৌধুরী। মেলার বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশ থেকে আগত যথাক্রমে আমিনুল ইসলাম আমিন ও আ-ফজালুর রহমান বাবু। এছাড়াও উপস্থিত থাকবেন ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাস, বাংলাদেশ কনস্যুল জেনারেল অফিস ক্যালিফোর্নিয়া ও ফ্লোরিডার কর্মকর্তাবৃন্দ। তিনি আরো আশাবাদ ব্যক্ত করেন যে মেলায় আরো উপস্থিত থাকেবেন ফ্লোরিডা রাজ্যের সিনেটর, কংগ্রেসম্যান ও স্থানীয় সিটির মেয়রগণ। মেলাটি সাফল করতে তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

এদিকে মেলার যাবতীয় কার্যাদি চুড়ান্ত করার লক্ষ্যে এক বিশেষ মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১৬ ফেব্রুয়ারী শুক্রবার সন্ধ্যায় মেলালুকাস্থ সংগঠনের নিজস্ব কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়। মেলার সদস্য সচিব এস আই জুয়েলের সঞ্চালনায় কনভেনর সঞ্জয় সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন সংগঠনের প্রতিষ্ঠকালীন সাধারণ সম্পাদক এম. ফজলুর রহমান এবং বিশেষ অতিথি ছিলেন দিনাজ খান সহ সংগঠনের প্রাক্তন নেতা নান্নু আহমেদ, ওসমান চৌধুরী অপু, মোহাম্মদ আলমগীর, রানা খান, ইফতেখার চৌধুরী রিংকু ও মোহাম্মদ মুজিব উদ্দিন। সভায় বিভিন্ন স্তরের নেতা ও কর্মীগণ তাদের মত প্রকাশ করেন।

সভায় আরো বক্তব্য রাখেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি রানা হক, কো-কনভেনর মোহাম্মদ আলমগীর, ইভেন্ট চেয়ারম্যান মোহাম্মদ হক রনি, সংগঠনের পরিচালকমন্ডলীর সদস্য ও সাবেক কনভেনর নূরুদ্দিন শেখ, কো-চেয়ারম্যান আশরাফ কামাল, কো-চেয়ারম্যান ডা. আনোয়ারুল করিম, চীফ কোর্ডিনেটর জনাব মোহাম্মদ সাজ্জাদ হাসান, ম্যাগাজিন চেয়ারম্যান মীর রাসেল, চন্দন দাস, শামীম আহমেদ প্রমুখ।


AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
**Empire Accounting & Tax Co.**

আপনাদের
সুবিধার্থে আমরা
এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)



- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

**বাফেলোতে বাড়ি কেনা-বেচায়**



নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

**রাফি সাফওয়ান**

ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :

**267-992-3201**

**Park Realty**
*of Western New York*

155 Summer St
Buffalo, NY 14222

# বাসা ভাড়া

## বেসমেন্ট ভাড়া

নিউইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৮১ স্টিটের উপরে ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে একটি এক বেড রুমের বেসমেন্ট মার্চের এক তারিখ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

ফে-২৬

## বাসা ভাড়া

২ বেডরুম, ২ বাথরুম, লিভিং রুম, ৫টি ক্লোজেট, কিচেনসহ একটি বাসা মার্চ মাস থেকে ভাড়া দেয়া হবে। শুধুমাত্র ছোট পরিবার অথবা স্বামী-স্ত্রী এর নিকট। ভাড়া ২২০০ ডলার। ফুললি রেনোভেটেড। জ্যামাইকা সাটফিন বুলেভার্ড এবং ১০৭ এভিনিউর সন্নিকটে। যোগাযোগঃ **917-515-8645**

## বেসমেন্ট ভাড়া

১০৭-৫৯, ১৬৪ স্ট্রিট, জ্যামাইকা, কুইন্স, এফ ট্রেন এর লাস্ট স্টপ জ্যামাইকা সেন্টার এবং ইয়র্ক কলেজ সংলগ্ন ই ট্রেন , এবং ওয়াকিং ডিটেন্স এফ ট্রেন , বাস সুবিধা সম্পন্ন এক বেডরুমের বাসার জন্য একটি ছোট পরিবার চাই। যোগাযোগ: **646-651-9629.**

## বাড়ি ভাড়া

জ্যামাইকা হিলসাইড এভিনিউ, ১৮৮ স্ট্রিট, ৩য় তলায় একটি এক বেডরুম সাথে লিভিং রুম এবং একটি ছোট রুমের নিউলি রেনোভেটেড বাসা ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে, বাস, সুপারমার্কেট, মসজিদ, স্কুল বাসার নিকেট। ভাড়া ১৮০০ ডলার প্লাস বিল। ২/৩জনের ফ্যামিলি অগ্রাধিকার। যোগাযোগঃ **917-345-0652, 917-345-0652**

## APARTMENT FOR RENT

3-Bedroom, 1-Bathroom, Separate Dining, Living, Office Room, Near 6-Train. Tenant Pays Electricity/Cooking Gas Utility. Pelham Bay, Bronx. Call **646-727-8029.**

## রুম ভাড়া

একটি রুম স্বামী-স্ত্রী অথবা কর্মজীবী মহিলার নিকট ভাড়া হবে। কুইন্স এ 'ই' ট্রেন। যোগাযোগঃ ফোনঃ **929-235-5525..**

## রুম ভাড়া

মার্চের ১ তারিখ অ্যাপার্টমেন্টে রুম ভাড়া দেওয়া হবে, Separate রুম ভাড়া ৯০০ ডলার or 800$ Separate সিট ভাড়া ৫০০ ডলার, যেকোনো একটি, ওয়াইফাই এবং বিদ্যুৎ বিল সহকারে, স্বামী স্ত্রী অথবা একজন মেয়ে অগ্রাধিকার দেওয়া হবে Parkchester বাঙালি গ্রোসারি ৬ মিনিটে হাটার দূরত্ব **347-656-4423**

## HELP WANTED

Front desk receptionist needed bengali and english speaking with full computer skills(full time). Please call 718-406-9588 or email resume at **officemed50@gmail.com**

## পাত্র চাই

হিন্দু পাত্র চাই। অবিবাহিতা, সুন্দরী, উচ্চতা ৫ ফুট ৫ ইঞ্চি, আমেরিকায় ফুল ফান্ডিং নিয়ে এমবিএ অধ্যয়ণরত, ২৬ বছরের হিন্দু পাত্রীর জন্য অবিাহিত, শিক্ষিত, আমেরিকায় সু-প্রতিষ্ঠিত হিন্দু পাত্র চাই। বায়োডাটা ও ছবিসহ যোগাযোগ করুন। **ইমেইল: sunshinewillson@gmail.com, ফোন: 225-650-9634.**

**কাজী অফিস**

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত

**কাজী ইমাম মাওলানা আব্দুল মুকিত**

পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা

148-16 87 Road
Jamaica, NY-11435

বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।

পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ

**917-428-1519**

**FREE CONSULTATION!!!**

I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT

IRS

Authorized IRS e-file Provider

IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

**TAX - ACCOUNTING - NOTARY PUBLIC**
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



## হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

**ভ্রমণ**

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

**বাংলা ট্যুর**
**৩৪৭ ২৮০ ৭২৬৯**

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

**জয় ক্যাটারিং মেন্যু**

**প্যাকেজ -১** — $ 7.00
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট

**প্যাকেজ-২** — $ 8.00
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট

**প্যাকেজ-৩** — $10.00
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট

**প্যাকেজ-৪** — $11.00
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

# বাংলাদেশ সোসাইটির বর্ণাঢ্য আয়োজন

(৩০ পাতার পর)

জ্যাকসন হাইটস এলাকাবাসী, বারী হোম কেয়ার, ইয়েলো সোসাইটি নিউইয়র্ক, শাপলা ওয়েলফেয়ার অ্যাসোসিয়েসট নিউ-ইয়র্ক ইন্ক, বাংলাদেশ আমেরিকান কার অ্যান্ড লিমোজিন অ্যাসোসিয়েশন ইন্ক, মুন্সীগঞ্জ বিক্রমপুর অ্যাসোসিয়েশন ইন্ক, কুমিল্লা সমিতি যুক্তরাষ্ট্র ইনক, চাটখিল সোসাইটি ইউএসএ ইন্ক, ব্রাহ্মণবাড়িয়া সোসাইটি ইউএসএ ইন্ক, নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব, সিলেট গণদাবি পরিষদ ইউএসএ ইন্ক, মুন্সীগঞ্জ বিক্রমপুর অ্যাসোসিয়েশন ইন্ক, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ ইন্ক, প্রবাসী নরসিংদী জেলা সোসাইটি ইউএসএ ইন্ক, ব্রাহ্মণবাড়িয়া কমিউনিটি অব নর্থ আমেরিকা ইন্ক, কুমিল্লা সোসাইটি অব ইউএসএ ইন্ক, বৃহত্তর দাউদকান্দি অ্যাসোসিয়েশন ইউএসএ ইন্ক, ব্রাহ্মণবাড়িয়া জেলা সোসাইটি অব ইউএসএ ইন্ক, বগুড়া সোসাইটি ইউএসএ ইন্ক, ছাতক সমিতি ইউএসএ ইন্ক, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ, প্রবাসী শরীয়তপুর সমিতি ইউএসএ ইন্ক, ঢাকা জেলা সোসাইটি ইউএসএ ইন্ক, রূপসী চাঁদপুর ফাউন্ডেশন ইন্ক, নবাবগঞ্জ অ্যাসোসিয়েশন অব ইউএসএ ইন্ক, গ্রেটার বেগমগঞ্জ সোসাইটি ইউএসএ ইন্ক, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র ইন্ক, ডাউন টাউন বিজনেস অ্যাসোসিয়েশন, অভয় নগর সোসাইটি অব ইউএসএ ইন্ক, গাইবান্ধা সোসাইটি ইউএসএ ইন্ক, প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইন্ক, রংপুর জেলা সমিতি ইউএসএ ইন্ক, বাংলা ক্লাব নিউইয়র্ক ইন্ক, নারায়ণগঞ্জ ডিস্ট্রিক্ট অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইন্ক, সাতক্ষীরা জেলা সমিতি নর্থ আমেরিকা ইন্ক, মাদারীপুর জেলা সমিতি ইউএসএ ইন্ক, বৃহত্তর ময়মনসিংবাসী ইউএসএ ইন্ক, সন্দ্বীপ সোসাইটি ইউএসএ ইন্ক, সিলেট সদর সমিতি ইউএসএ ইন্ক, ওসমানীনগর অ্যাসোসিয়েশন ইন্ক, বালাগঞ্জ ওসমানীনগর প্রবাসী কল্যাণ সোসাইটি, মানিকগঞ্জ সমিতি নর্থ আমেরিকা ইন্ক, সম্মিলিত বরিশাল বিভাগবাসী যুক্তরাষ্ট্র ইন্ক, যশোর সোসাইটি অব আমেরিকা ইন্ক, পাবনা সমিতি ইউএসএ ইন্ক, বরিশাল বিভাগীয় সমিতি ইউএসএ ইন্ক, বাংলাদেশ মানবাধীকার কমিশন ইউএসএ ইন্ক, বাংলাদেশ আমেরিকান পোস্টাল এমপ্লয়ী এসোসিয়েশন ইন্ক, জ্যামাইকা থিয়েটার, কুষ্টিয়া জেলা সমিতি ইউএসএ ইন্ক, লক্ষীপুর ডিস্ট্রিক্ট এসোসিয়েশন ইউএসএ ইন্ক, শেনবাগ সোসাইটি, বাংলাদেশ আমেরিকান পোস্টাল এমপ্লয়িজ এসোসিয়েশন ইউএসএ ইন্ক, ভোলা ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব ইউএসএ ইন্ক, বৃহত্তর লাকসাম ফাউন্ডেশন যুক্তরাষ্ট্র, কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশন ইউএসএ, ব্রুকলীন-কুইন্স ফ্রেন্ডস সোসাইটি, সাতকানিয়া সোসাইটি ইউএসএস ও গ্রিন টাচ,চবাংলাদেশ ল' সোসাইটি ইউএসএ ইন্ক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন ইউএসএ ইন্ক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব নর্থ আমেরিকা, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ডিইএব) যুক্তরাষ্ট্র শাখা, সিলেট এমসি অ্যান্ড গভ. কলেজ এলাম-নাই অ্যাসোসিয়েশন অব ইউএসএ ইন্ক।

**ব্রঙ্কসে সম্মিলিতভাবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন**

নিউইয়র্কের বাঙালী অধ্যুষিত ব্রঙ্কসে সম্মিলিতভাবে মহান একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হয়েছে। প্রবাসে বাংলা ভাষার প্রসার এবং ভাষা শহীদদের স্মরণে সম্মিলিতভাবে ২০ টিরও বেশি সংগঠনের সমন্বয়ে সম্মিলিত আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উদযাপন কমিটির সার্বিক তত্ত্বাবধানে ব্রঙ্কসের আল আকসা পার্টি হলে উদযাপিত হয় মহান একুশে। ২০ ফেব্রুয়ারী মঙ্গলবার বিকেল থেকে শুরু হওয়া নানান কর্মসূচি শেষ হয় একুশের প্রথম প্রহরে অস্থায়ী শহীদ মিনারে শহীদদের শ্রদ্ধা জানানোর মধ্যে দিয়ে। অনুষ্ঠানমালায় ছিল আলোচনা, স্মৃতিচারণ, শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, সাংস্কৃতিক পরিবেশনাসহ নানা আয়োজন।

সম্মিলিত একুশ উদযাপন কমিটির আহবায়ক মাহবুব আলমের সভাপতিত্বে এবং সদস্য সচিব এ ইসলাম মামুন ও রেজা আবদুল্লাহর পরিচালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন কাউন্সিলওমেন আমান্ডা ফারিয়া, মূলধারার রাজনীতিবিদ ব্রঙ্কস বরো প্রেসিডেন্টের চিফ অব স্টাফ মিলিসেন্ট মাটোস, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড-৯ এর চেয়ারম্যান মোহাম্মদ এন মজুমদার, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আব্দুস শহীদ, জুনেদ আহমেদ চৌধুরী, খলিলুর রহমান, বীর মুক্তিযোদ্ধা আবু কাওসার চিশতি, ইব্রাহীম বারো ভূইয়া, ডা. সাহাজাদি পারভিন. ফরিদা ইয়াসমিন, মেহের চৌধুরী, সাইদুর রহমান লিঙ্কন, মাকসুদা আহমেদ, কামরুন নাহার খানম রীতা, জামাল উদ্দিন আহমেদ, খবির উদ্দিন ভূইয়া, মাসুদ রহমান, নাজমুল ইসলাম, আক্তারুজামান হ্যাপি, মোহাম্মদ ইমরান আলী টিপু, মসনুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও দোয়া পরিচালনা করেন জহিরুল হক। গিতা পাঠ করেন সুধাংশু কুমার মন্ডল। এরপর শহীদদের স্মরণে দাঁড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করা হয়। এছাড়াও কবিতা আবৃত্তি করেন কবি আবু তাহের চৌধুরী, মায়া এঞ্জেলিনা প্রমুখ। সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় সঙ্গীত শিল্পী তানভীর শাহিন, শারমিন তানিয়া, শারমিন আক্তার ও শুভ। অনুষ্ঠানে পার্কচেষ্টার ফ্যামেলী ফার্মেসীর স্বত্বাধিকারী মি. গৌরব কোঠারী ও কমিউনিটি বিশিষ্ট ব্যক্তিবর্গ সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, একুশের প্রথম প্রহরে অস্থায়ীভাবে নির্মিত শহীদ মিনারে ২০টি সংগঠন সহ প্রবাসীরা পুষ্পস্তবক অর্পণ করে।










## জর্জিয়া আ. লীগের প্রতিষ্ঠাতা সভাপতি মিন্টু রহমানের ইন্তেকাল



**বাংলা পত্রিকা ডেস্ক:** জর্জিয়ার স্টেট সিনেটর শেখ রহমানের ভগ্নিপতি এবং জর্জিয়া আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি মিন্টু রহমান আটলান্টাস্থ নর্থসাইড হাসপাতালে গত ১৭ ফেব্রুয়ারী শনিবার ভোরে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭২ বছর। পারিবারিক সূত্রে বলা হয়েছে, কয়েক সপ্তাহ আগে নর্থসাইড হাসপাতালে ওপেন হার্ট সার্জারির পর মিন্টু রহমান আর সুস্থ হয়ে উঠতে পারেননি। মৃত্যুকালে তিনি স্ত্রী নাদিরা রহমান (জর্জিয়া বাংলাদেশ সমিতির সভাপতি) এবং এক ছেলে ও এক কন্যা, ছোটভাই-বোনসহ অসংখ্য আত্মীয়-স্বজন রেখে গেছেন। তার মৃত্যুতে সর্বত্র শোকের ছায়া নেমে এসেছে। মিন্টু রহমানের নামাজে জানাযা একইদিন দুপুরে আটলান্টাস্থ মুসলিম সেন্টারে অনুষ্ঠানের পর বেথেলহেমের নিউ মুসলিম কবরস্থানে দাফন করা হয়েছে। উল্লেখ্য, নরসিংদি জেলার কবি ও ষাটের দশকে কৃষক সমিতির নেতা মরহুম গোলাম রহমানের পুত্র মিন্টু রহমান যুক্তরাষ্ট্রের জর্জিয়ায় বসবান করছিলেন।

# ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

**ওয়াশিংটন ডিসিঃ** মহান ভাষা আন্দোলনের সকল শহিদের আত্মত্যাগকে শ্রদ্ধার সাথে স্মরণ করে ওয়াশিংটন ডিসিতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে বুধবার (২১ ফেব্রুয়ারি) যথাযোগ্য মর্যাদায় "মহান শহিদ দিবস" এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়েছে।

এই ঐতিহাসিক দিনটি স্মরণে দূতাবাস বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করতে গিয়ে জীবন উৎসর্গকারী সকল ভাষা বীরদের প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করে দিনব্যাপী এক কর্মসূচি গ্রহণ করে। কর্মসূচির অংশ হিসেবে সন্ধ্যায় দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, কূটনীতিক, মার্কিন সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং প্রবাসী বাংলাদেশিদের উপস্থিতিতে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোহাম্মদ ইমরান এতে স্বাগত বক্তব্য রাখেন এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক ভারপ্রাপ্ত উপ-সহকারী পররাষ্ট্রমন্ত্রী জনাব স্কট উরবম।

রাষ্ট্রদূত ইমরান তার বক্তব্যে মহান ভাষা আন্দোলনের সকল শহিদ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানান।

তিনি মহান ভাষা আন্দোলনের চেতনাকে বাঙালি জাতির 'বাতিঘর' হিসেবে আখ্যায়িত করে বলেন, ভাষা সৈনিকদের রক্তের বিনিময়ে অর্জিত সমৃদ্ধ বাংলা ভাষা বাংলাদেশকে আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরার উপযুক্ত কূটনৈতিক মাধ্যম হতে পারে।

রাষ্ট্রদূত বলেন মহান ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ অর্থনৈতিক সক্ষমতা নিয়ে দ্রুত এগিয়ে যাচ্ছে। তিনি নতুন প্রজন্মকে সমৃদ্ধ বাংলা ভাষা, সংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে আরও জানার জন্য উৎসাহিত করতে যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের প্রতি অনুরোধ জানান।

অনুষ্ঠানের সম্মানিত অতিথি স্কট উরবম বাংলাদেশকে যুক্তরাষ্ট্রের একটি গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে আখ্যায়িত করে বলেন, গত ৫০ বছরে তারা স্বাস্থ্য, শিক্ষা ও অন্যান্য খাতে বাংলাদেশে বিপুল পরিমান বিনিয়োগ করেছে। তিনি বলেন যুক্তরাষ্ট্র আগামী ৫০ বছর এবং এরপরেও বাংলাদেশের সঙ্গে এই অংশীদারিত্ব আরও দৃঢ় করতে





আগ্রহী।

স্কট উরবম বলেন মাতৃভাষা দিবস শুধুমাত্র বাংলাদেশের জনগনের হৃদয়েই নয়, সমগ্র পৃথিবীর মানুষের হৃদয়েও বিশেষ স্থান করে নিয়েছে। তিনি শ্রদ্ধার সাথে সেইসব বীরদের মহান আত্মত্যাগের কথাও উলেখ করেন যারা বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠা ও বাংলা ভাষা রক্ষায় অনেক ত্যাগ স্বীকার করেছেন।

মার্কিন ভারপ্রাপ্ত উপ-সহকারী পররাষ্ট্রমন্ত্রী বলেন আজ বাংলা পৃথিবীতে অন্যতম সর্বাধিক উচ্চারিত ভাষা হিসেবে স্থান করে নিয়েছে এবং এটি সারা বিশ্বে বাংলা ভাষার প্রভাব ও গুরুত্বের প্রমাণ বহন করে।

এর আগে সকালে বঙ্গবন্ধু মিলনায়তনে এই গৌরবোজ্জ্বল দিবসের তাৎপর্য তুলে ধরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান ও ডিফেন্স অ্যাটাচে ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শাহেদুল ইসলাম অংশ নেন।

রাত ১২ টা ০১ মিনিটে দূতাবাসের কর্মকর্তা, কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের অংশগ্রহণে রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরানের নেতৃত্বে দূতাবাস প্রাঙ্গণে অবস্থিত শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ এবং 'প্রভাত ফেরি' বের করার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়।

দিনের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল দূতাবাস প্রাঙ্গণে রাষ্ট্রদূত কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর






রহমানের আবক্ষ প্রতিকৃর্তিতে পুষ্পস্তবক অর্পন, ভাষা শহিদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন, তথ্যচিত্র প্রর্দশন এবং বিশেষ প্রার্থনার আয়োজন।

দিনব্যাপী অনুষ্ঠানটি পরিচালনা করেন কাউন্সেলর ও দূতালয় প্রধান শামীমা ইয়াসমিন স্মৃতি, ফার্স্ট সেক্রেটারি (পাসপোর্ট এবং ভিসা উইং) মুহাম্মদ আব্দুল হাই মিলটন এবং ফার্স্ট সেক্রেটারি মোঃ আতাউর রহমান। প্রেস বিজ্ঞপ্তি।

## গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশনের উদ্দোগে মাতৃভাষা দিবস উদযাপন

**নাজমুল সুমনঃ** গোবাল জালালাবাদ এসোসিয়েশনর উদ্দোগে মহান একুশে ফেব্যয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন ও একুশে পদকপ্রাপ্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রুপা চক্রবর্তীর একুশে পদকে ভুশিত হওয়ায় তাকে সম্বর্ধনা ও মুক্তিযুদ্ধের সর্বাধিনাক মরহুম এম এ জি ওসমানীর মৃতু দোয়া আলোচনা সভা ভার্চুয়ালী অনুষ্টিত হয় ।সংগঠনের সভাপতি মুহিবুর রহমান মুহিবের সভাপতিত্বে সাধারন সম্পাদক ময়নুল চৌধুরী হেলালের সন্চালনায় মৌলানা আব্দুল কুদ্দুস এর দোয়ার মাধ্যমে আলোচনায় অংশ গ্রহন করেন একুশে পদকপ্রাপ্ত বীর মুক্তিযোদ্বা ও সংগীত শিল্পী ডাঃ অরুপ রতন চৌধুরী সাবেক রাষ্টদুত জিসনু রায় চৌধুরী বীর মুক্তিযোদ্বা আব্দুল মোনেম নেহেরু একুশে পদকপ্রাপ্ত সম্বর্ধিত রুপা চক্রবর্তী ডাঃ সৈয়দ শাহ এমরান সহ সভাতি কাপ্তান হেসেন, মাহবুবুর রহমান চৌধুরী, আবুল কালাম আজাদ ছোটন, সংগঠন এর সহ সভাপতি বিশিষ্ট সাংবাদিক মোহাম্মদ মকিস মনসুর,অলি উদ্দিন শামীম শেখ ফারুক আহমদ কোষাধ্যক্ষ রফিকুল হায়দার বাংলাদেশ ইউনিটের সাধারন সম্পাদক ইন্জিনিয়ার মুহিব উদ্দিন বিশিষ্ট ব্যাংকার জনতা ব্যাংকের সাবেক জি এম শামীম কোরেশী বাংলাদেশ ইউনিটের উপদেষ্টা এনামুল হক চৌধুরী জালাল,অধ্যক্ষ নেছার আলী, কেন্দীয় কমিটির সহ সম্পাদক আব্দুল ওদুদ দিপক , সাংগঠনিক সম্পাদক মিজু চৌধরী ,

ফ্যান্স গোবাল জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি ফয়সল উদ্দিন, নেছার আহমদ বেলাল উদ্দিন অনুষ্ঠানে একুশের সংগীত



পরিবেশন করের রেডিও ও টেলিভিশন শিল্পী হিমাদ্যী বিশ্বাস ও আলী ইদ্যিস সহ ইউরোপ, আমেরিকা, মধ্যপাচ্য, বাংলাদেশ অস্ট্রেলিয়া সহ বিশ্বের বিভিন্ন দেশ থেকে গোবাল জালালাবাদ এসোসিয়েশনের নেতৃবৃন্দ অংশগহন করেন ।সবাই আমাদের গোবাল জালালাবাদ এসোসিয়েশনের কর্মকর্তা অধ্যাপক রুপা চক্রবর্তীর একুশে পদক লাভে তাকে শুভেচ্ছা জানান এবং তাঁহার কর্মময় জীবন যেন আরো উজ্জল হয় সে আশাবাদ ব্যক্ত করেন সাধারন সম্পাদক হেলাল চৌধুরী তার জীবনী তুলে ধরেন ।রুপা চক্রবর্তী তার বক্তব্য তাকে সম্মান পদান করায় গোবাল জালালাবাদ এসোসিয়েশনের নেতৃবৃন্দকে ধন্যবাদ জানান তার ভবিষৎ আরো সুন্দর ও উজ্জল হয় সেজন্য সকলের দোয়া কামনা করেন ।কর্নেল এ এ জির ওসমানীর বীরত্বগাঁথা জীবনের বিভিন্ন দিক তুলে ধরে বলেন এই বীর সেনানীর অবদানকে রাষ্টীরভাবে আরো মুল্যায়নের দাবী জানান ।পরিশেষে সভাপতি বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে যারা যোগদান করেছেন সভাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।২১ শে ফেবয়ারী বুধবার ২০২৪ ।



TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

# বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Your Trusted Loan Officer For Life
OVER 22 YEARS EXPERIENCE
MORTGAGE BROKER/OWNER
718-415-5501
HOMECENTRAL CAPITAL



# যুক্তরাষ্ট্রে ৪ বছরে অবৈধ অভিবাসীর সংখ্যা ৭৩ লাখ বৃদ্ধি

**বাংলা পত্রিকা ডেস্ক:** গত ৪ বছরে প্রেসিডেন্ট জো বাইডেনের শাসনামলে যুক্তরাষ্ট্রে অবৈধ অভিবাসীর সংখ্যা বেড়েছে ৭৩ লাখ। দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সীমান্ত দিয়ে এসব অবৈধ অভিবাসী দেশে প্রবেশ করেছে। এই সংখ্যা যুক্তরাষ্ট্রের ৩৬টি অঙ্গরাজ্যের জনসংখ্যার থেকে বেশি। আমেরিকান কাস্টমস ও সীমান্ত সুরক্ষা কর্তৃপক্ষ তথ্য প্রকাশ করে। সূশ্লিস্ট সূত্রে জানা যায়, শুধুমাত্র এই অর্থবছরেই ৯ লাখ ৬১ হাজারের বেশি মানুষ অবৈধভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশ করেছে। যদি অভিবাসী প্রবেশের এই ধারা অব্যাহত থাকে তাহলে ২০২৪ অর্থবছরে অবৈধ অভিবাসী প্রবেশের নতুন রেকর্ড হবে বলে ধারনা করছে কর্মকর্তারা। তথ্যমতে, গত বছর ২৪ লাখ ৭৫ হাজারের বেশি মানুষ প্রবেশ করে যুক্তরাষ্ট্রের দক্ষিণ-পশ্চিম সীমান্ত দিয়ে। সীমান্তবর্তী অঙ্গরাজ্য নিউ মেক্সিকোর জনসংখ্যার থেকে বেশি এই অবৈধ অভিবাসীর সংখ্যা।

সাঈদ তারেকের কলাম

## বঙ্গবন্ধু বীচ



স্বাধীনতার পরপর এইরকম একটা হিড়িক লেগেছিল সারা দেশে। ঢাকার নিউ মার্কেটের ডান পাশের জায়গাটা তখন খোলা ছিল। এখানে কাঁচা বাজার বসতো। ঢুকতেই মু-রগীর বাজার। এরপর মাছ তরকারি, শেষের দিকে মুদি মালের পসরা। মা ঝেমা ঝেই বাজারটা নি য়ে ঝা মেলা হ (বাকি অংশ ১১ পাতায়)

## জ্যাকসন হাইটসে খলিল বিরিয়ানী হাউসের উদ্বোধন

**বিশেষ প্রতিনিধি:** নিউইয়র্ক সিটির ব্রঙ্কস ও জ্যামাইকার পর এবার প্রবাসী বাংলালীদের আনেক প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসে উদ্বোধন হলো খলিল বিরিয়ানী হাউজের তৃতীয় শাখার। এ (বাকি অংশ ৩০ পাতায়)

## একস্লিপ

সালাহউদ্দিন আহমেদ

নিউইয়র্কের বিভিন্ন অনুষ্ঠানের শুরুতে বিভিন্ন ধর্মের সম্মানে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত বা গীতা বা বাইবেল থেকে পাঠ করা হয়। উদ্যোগটি ভালো। কিন্তু অনেক সময় এসব পর্ব (বাকি অংশ ২৬ পাতায়)

## বাড়ি ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে (বাকি অংশ ২৬ পাতায়)



## সাস্ট এলামনাই এসোসিয়েশনের নতুন কমিটি অভিষিক্ত

**সিকান্দর হক:** যুক্তরাষ্ট্রে বসবাসরত শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীদের সংগঠন 'সাস্ট এলাইনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনক'র উদ্যোগে সাস্টিয়ান নাইট ও নতুন কমিটির অভিষেক সম্পন্ন হয়েছে। (বাকি অংশ ১২ পাতায়

## ফ্লোরিডায় এশিয়ান এক্সপো মেলা ২-৩ মার্চ

সকল প্রস্তুতি সম্পন্ন : এম জহির


**বিশেষ প্রতিনিধি:** বাংলাদেশ এসোসিয়েশন অব ফ্লোরিডার উদ্যোগে আগামী ২-৩ মার্চ সাউথ ফ্লোরিডা ফেয়ার গ্রাউন্ডে অনু-ষ্ঠিতব্য ২৮তম এশিয়ান এক্সপো উপলক্ষে মেলার সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। মেলা আয়োজক সংগঠনের সভাপতি এডভোকেট এম, রহমান জহির মেলার প্রস্তুতি ও বিভিন্ন বিষয়ে বলেন, আগামী ১ মার্চ শুক্রবার অ্যাওয়ার্ড সিরোমনি ও গালা-নাইট অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন এবং ২ মার্চ শনিবার (বাকি অংশ ২৭ পাতায়)

নানা কর্মসূচির মধ্য দিয়ে যুক্তরাষ্ট্রে অমর একুশে পালন

## বাংলাদেশ সোসাইটির বর্ণাঢ্য আয়োজন

**বিশেষ প্রতিনিধি:** যথাযোগ্য মর্যাদা ও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে যুক্তরাষ্ট্রে অমর একুশে ফেব্রুয়ারী মহান শহীদ দিবস তথা আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। একুশ উপলক্ষ্যে ওয়াশিংটন ডিস্থি বাংলাদেশ দূতাবাস, জাতিসংঘে বাংলাদেশ মিশন এবং বাংলাদেশ কনস্যুলেট সহ বিভিন্ন সংগঠন বিস্তারিত কর্মসূচী গ্রহণ করে। বরারের মতো মুক্তধারা ফাউন্ডেশন ও বাঙালীর চেতনা মঞ্চ বাংলাদেশ সময় একুশের (বাকি অংশ ৩০ পাতায়)





## আল্লাহর নাম উচ্চারণে সতর্কতা

জাফর আহমাদ

আপনি যেই ভাষাভাষির লোকই হোন আল্লাহর নাম ব্যবহারে সবচেয়ে নিরাপদ পদ্ধতি হলো, আল কুরআনে ব্যবহৃত আল্লাহর নাম সমুহ।মহান আল্লাহ আমাদের রব, আমাদের মালিক, আমাদের সৃষ্টিকর্তা, তিনি (বাকি অংশ ১১ পাতায়)

## খেলার খবর

### ভারত-পাকিস্তান ম্যাচে টিকিটের চাহিদা ২০০ গুণ বেশি

**স্পোর্টস ডেস্ক:** আগামী টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারত-পাকিস্তান ম্যাচ মাঠে বসে দেখতে (বাকি অংশ ৩০ পাতায়)

## হেলথ টিপস

### মস্তিষ্কের সুস্থতা

**বাংলা পত্রিকা ডেস্ক:** অনেক সময় আমাদের কিছু অভ্যাস মস্তিষ্কের ক্ষতি করে। এসব অভ্যাসের কারণে মস্তিষ্কের ক্ষমতা ক্ষতিগ্রস্ত হয় এবং এর প্রভাব আমাদের সারা জীবনে দৃশ্যমান হয়। এখানে এমন কিছু অভ্যাস সম্পর্কে জানুন (বাকি অংশ ২৬ পাতায়)

## বিনোদন

### 'স্ক্রিন অ্যাক্টরস গিল্ড অ্যাওয়ার্ড' উঠল যাদের হাতে

**বিনোদন ডেস্ক:** ঘোষিত হয়ে গেল বছরের অন্যতম প্রত্যাশিত ও মর্যাদাপুর্ণ পুরস্কার 'স্ক্রিন অ্যাক্টরস (বাকি অংশ ২৭ পাতায়)

4 বছর ৭ মাস পর সেই প্রিয়া সাহা

## ট্রাম্পের কাছে দেয়া অভিযোগের ব্যাখ্যা প্রদান

**বিশেষ প্রতিনিধি:** ২০১৯ সালের ১৯ জুলাই হোয়াইট হাউজে তৎকালীন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে সাক্ষাতের সময় বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের পরিস্থিতি নিয়ে তার অভিযোগ নিয়ে প্রতিক্রিয়ার ৪ বছর ৭ মাস পর সেই বক্তব্যের বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন বাংলাদেশের সংখ্যালঘু অধিকার নিয়ে কাজ করা প্রিয়া সাহা। সেই সময় ট্রাম্পের সাথে তার সাক্ষাৎ এবং অভিযোগ দেশ ও প্রবাসে আলোচনার ঝড় (বাকি অংশ ১২ পাতায়)

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave, 2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Cell: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 11416
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com